CMYK




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 25 September, 2023 ■ আগরতলা ২৫ সেপ্টেম্বর ২০২৩ ইং ■ ৬ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ, সোমবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

### ১১টি রাজ্যে যোগাযোগ ও পর্যটন বৃদ্ধি পাবে

# ৯টি বন্দে ভারত এক্সপ্রেসের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী



**মালিগাঁও, ২৪ সেপ্টেম্বর :** ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ নয়টি বন্দে ভারত এক্সপ্রেসের শুভসূচনা করেন। যাত্রীদের বিশ্বমানের সুবিধা প্রদান এবং দেশজুড়ে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর দৃষ্টিভঙ্গী বাস্তবায়নের একটি পদক্ষেপ হলো এই বন্দে ভারত ট্রেনগুলি। এই নয়টি ট্রেন রাজস্থান, তামিলনাড়ু, তেলেঙ্গানা, অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক, বিহার, পশ্চিমবঙ্গ, কেরল, ওড়িশা, ঝাড়খণ্ড ও গুজরাট এই এগারোটি রাজ্যের যোগাযোগ ব্যবস্থাকে উন্নত করবে। জন সমাবেশের উদ্দেশ্যে ভাষণ প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন যে, আজ চালু হওয়া বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনগুলি দ্বারা যোগাযোগের ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নতির পাশাপাশি ভারতজুড়ে পর্যটনকে বাড়িয়ে তুলবে। তিনি বলেন, যাতায়াতের সময় যাতে কম হয় তা নিশ্চিত করার জন্য সরকার মাল্টি-মডেল সংযোগ এবং ভ্রমণের সহজতার দিকে মনোনিবেশ করছে। শনিবার সূচনা হওয়া নতুন বন্দে ভারত ট্রেনগুলি হলো উদয়পুর-জয়পুর বন্দে ভারত এক্সপ্রেস, তিরুনেলভেলি-মাদুরাই-চেন্নাই বন্দে ভারত এক্সপ্রেস, হায়দরাবাদ-বাঙ্গালুরু বন্দে ভারত এক্সপ্রেস, বিজয়ওয়াড়া-চেন্নাই (ভায়া রেনিগুন্টা) বন্দে ভারত এক্সপ্রেস, পাটনা-হাওড়া বন্দে ভারত এক্সপ্রেস, কাসারগড়- তিরুবনন্তপুরম বন্দে ভারত এক্সপ্রেস, রাউরকেল্লা-ভুবনেশ্বর-পুরী বন্দে ভারত এক্সপ্রেস, রাঁচি-হাওড়া বন্দে ভারত এক্সপ্রেস এবং জামনগর-আমেদাবাদ বন্দে ভারত এক্সপ্রেস। এই বন্দে ভারত ট্রেনগুলি নিজেদের পরিচালনার রুটে দ্রুততম ট্রেন হবে এবং যাত্রীদের যথেষ্ট সময় বাঁচাতেও সাহায্য করবে। সংশ্লিষ্ট রুটগুলিতে বর্তমানের দ্রুততম ট্রেনগুলির তুলনায় রাউরকেলাল-ভুবনেশ্বর-পুরী বন্দে ভারত এক্সপ্রেস এবং কাসারগড়-তিরুবন্তপুরম বন্দে ভারত এক্সপ্রেস প্রায় ৩ ঘন্টা দ্রুত, হায়দরাবাদ-বাঙ্গালুরু বন্দে ভারত এক্সপ্রেস ২.৫ ঘন্টারও অধিক দ্রুত, তিরুনেলভেলি-মাদুরাই-চেন্নাই বন্দে ভারত এক্সপ্রেস ২ ঘন্টারও অধিক দ্রুত, রাঁচি-হাওড়া বন্দে ভারত এক্সপ্রেস, পাটনা-হাওড়া বন্দে ভারত এক্সপ্রেস এবং জামনগর-আমেদাবাদ বন্দে ভারত এক্সপ্রেস প্রায় ১ ঘন্টা দ্রুত এবং উদয়পুর-জয়পুর বন্দে ভারত এক্সপ্রেস প্রায় আধা ঘন্টা দ্রুত। দেশজুড়ে গুরুত্বপূর্ণ ধর্মীয়স্থলগুলির উন্নয়নের যে লক্ষ্য প্রধানমন্ত্রী ধার্য করেছেন তার সাথে সঙ্গতি রেখে রাউরকেল্লা-ভুবনেশ্বর-পুরী বন্দে ভারত এক্সপ্রেস ও তিরুনেলভেলি-মাদুরাই-চেন্নাই বন্দে ভারত এক্সপ্রেস গুরুত্বপূর্ণ ধর্মীয় শহর পুরী ও মাদুরাইকে সংযুক্ত করবে। পাশাপাশি, বিজয়ওয়াড়া-চেন্নাই বন্দে ভারত এক্সপ্রেস রেনিগুন্টা রুট হয়ে চলবে এবং তিরুপতি তীর্থযাত্রা কেন্দ্রে সংযোগ প্রদান করবে।

এই বন্দে ভারত ট্রেনগুলি চালু করার ফলে দেশে রেল পরিষেবার এক নতুন মানদণ্ডের সূচনা করবে। এই ট্রেনগুলি বিশ্বমানের সুযোগ-সুবিধা ও আধুনিক সুরক্ষামূলক বৈশিষ্ট্যের পাশাপাশি কবচ প্রযুক্তির সাথে সজ্জিত। যা সাধারণ মানুষ, পেশাদার ব্যক্তি, ব্যবসায়ী, ছাত্র-ছাত্রী ও পর্যটকদের আধুনিক, দ্রুত ও আরামদায়ক ভ্রমণের মাধ্যম প্রদানের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হবে।

# তেলিয়ামুড়া বাজারে বিধ্বংসী আগুনে পুড়ে ছাঁই ছয়টি দোকান, ক্ষতি ২০ কোটি



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ সেপ্টেম্বর।।** রবিবার বিধ্বংসী অগ্নিকান্ডে সম্পূর্ণ ভস্মিভূত তেলিয়ামুড়া বাজারের ছয়টি দোকান। স্থানীয় জনগণ ও দমকল বাহিনীর তৎপরতায় অল্পতে রক্ষা পেলো গোটা বাজার।

রবিবার বিকাল চারটা নাগাদ এই ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। ঘটনা তেলিয়ামুড়া থানার ঠিক উল্টো দিকে উত্তর বাজার ঢুকতেই বাদিকে প্রতিষ্ঠিত ভুসি মালের ব্যবসায়ী প্রবীর সাহার দোকান থেকে আগুনের সূত্রপাত। দোকানের পেছন দিকে আগুন জ্বলতে দেখে সাথে সাথে তেলিয়ামুড়া অগ্নি নির্বাপক দপ্তরে খবর দেওয়া হয়। অগ্নি নির্বাপক দপ্তরের গাড়ি আসতে খানিকটা দেরি হওয়ায় আস্তে আস্তে আগুন ছড়িয়ে পড়ে। প্রবীর সাহার দোকানের দোতলায় বেআইনিভাবে মজুত করে রাখা বাজি ও তেলের ড্রামে আগুন লেগে যায় বলে খবর। বাজি অনবরত ফুটতে থাকায় আগুন ছড়িয়ে পড়ে পাশের প্রদীপ সাহা ও মনোরমা ভ্যারাইটিজে। খবর পাঠানো হয় কল্যাণপুর ও খোয়াই দমকল বাহিনীকে।

তিনটি ইঞ্জিন প্রায় দেড় ঘন্টা চেষ্টা চালিয়ে আগুন আয়ত্তে আনতে সক্ষম হয়। তবে টুটন রায়ের একটি উচু বিল্ডিং গোটা বাজারকে এই বিধ্বংসী অগ্নি কান্ড থেকে রক্ষা করে। ছয়টি দোকান সম্পূর্ন ভস্মীভূত হলেও তার সাথে আরো পাঁচটি দোকান আগুন নেভানোর জলে সম্পূর্ন ক্ষি হয় বলে মার্চেন্ট এসোসিয়েশনের পক্ষ থেকে জানানো হয়েছে। আগুনে যাদের দোকান সম্পূর্ন পুড়ে যায় তারা হলো পরিতোষ পাল, প্রবীর সাহা, প্রদীপ সাহা, টুটন রায়, গোপাল পাল, উমেশ সাহা। এছাড়াও কেবল রায়, অমৃত সহ, মিন্টু পাল, উমেশ সাহা ,দিলু সাহা ,রবীন্দ্র রায়, হিরন্ময় রায় ☛ ৬ এর পাতায় দেখুন

# পুর নিগমের সম্পদ কর বৃদ্ধির নোটিশ প্রত্যাহারের দাবি বামেদের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ সেপ্টেম্বর।।** সম্প্রতি পুর নিগম সম্পদ কর বৃদ্ধি করেছে। পুর নিগমের এই সিদ্ধান্তের বিরুদ্ধে সোচ্চার হয়েছে বামফ্রন্ট। রবিবার এক সাংবাদিক সম্মেলনে বামফ্রন্টের আহ্বায়ক নারায়ন কর এবং সিপিআইএম নেতা মানিক দে সম্পদ কর বৃদ্ধির নোটিশ অবিলম্বে স্থগিত করার দাবী জানিয়েছেন। এদিন মানিক দে বলেন, মানুষের আয় উপার্জন একই রয়েছে। তবে প্রতিনিয়ত করের বোঝা বাড়াচ্ছে। ফলে সাধারন দিনমজুর মানুষের নাভিশ্বাস বৃদ্ধি পাচ্ছে। তিনি বলেন, এভাবে এক লাফে কর বৃদ্ধি করলে হয় না। মাপ ঝোক করে প্রত্যেকটি বিষয় বিবেচনা করে এই কর বৃদ্ধি করতে হয়। তাই এই কর বৃদ্ধির নোটিশের বিরোধিতা করছে সিপিআইএম। তিনি বলেন কোন পদ্ধতির উপর ভিত্তি করে এই কর বৃদ্ধি করা হল সেই বিষয়ে কোনো তথ্যই নেই।

এদিনের সাংবাদিক সম্মেলনে উপস্থিত নারায়ন কর বলেছেন, আগরতলাবাসীকে ঘুমে রেখে পুর নিগম সম্পদ কর বৃদ্ধি করেছে। বৃদ্ধি করা সম্পদ কর না দিলে জরিমানা আদায় করা হবে বলেও জানানো হয়েছে। তিনি বলেন, ☛ ৬ এর পাতায় দেখুন

## ফের যান সন্ত্রাসের বলি এক যুবক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ সেপ্টেম্বর।।** ঘটনার বিবরণে জানা যায়, দুই বন্ধু একটি বাইকে করে দ্রুত বেগে যাচ্ছিল। ঋষ্যমুখ ব্লকের জয়কাতপুর এলাকায় পোস্টে বিপরীত দিক থেকে দ্রুত বেগে আসা একটি বালি বোঝাই লরির সাথে বাইকের সংঘর্ষ হয়। তাতে ঘটনাস্থলেই মৃত্যুর কোলে ঢলে পড়ে বাইক চালক যুবক। বাইকে থাকা অপর যুবক গুরুতরভাবে আহত হয়। লোকজনরা ঘটনা প্রত্যক্ষ করে দমকল বাহিনীকে খবর দেন। খবর পেয়ে দমকল বাহিনীর জোয়ানরা ঘটনাস্থলে ছুটে এসে সেখান থেকে বাইক চালকের সংজ্ঞাহীন দেহ উদ্ধার করে হাসপাতালে দিয়ে যায়। হাসপাতালে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেন। অপর আহত ☛ ৬ এর পাতায় দেখুন

## ৭৫ হাজার নকল টাকা উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ সেপ্টেম্বর।।** প্রায় ৭৫ হাজার নকল টাকা উদ্ধার করল পুলিশ। ঘটনায় আটক করা হয়েছে একটি গাড়ি সহ তিনজনকে। ঘটনার তদন্তে পুলিশ।

ঘটনার বিবরণে জানা গেছে, চাকমাঘাট থেকে মনু যাওয়ার পথে উপনগর নাকা পয়েন্টে পুলিশ প্রতিদিনকার মত যানবাহন তল্লাশি চালাচ্ছিল রবিবার সন্ধ্যায়। সেই সময় টি আর০১-বিভি-০৭৯২ নম্বরের একটি গাড়ি আসে। গাড়িতে চালক সহ তিনজন ছিল বলে জানা গেছে। পুলিশ গাড়িটিকে তল্লাশি চালালে ভারতীয় ৫০০ টাকার বান্ডিলে মোট ৭৫ হাজার টাকা উদ্ধার হয়। সেগুলি সবগুলিই ছিল নকল টাকা। সঙ্গে সঙ্গে পুলিশ তিনজনকে আটক করেছে। তিনজন হল যথাক্রমে মনিল দেববর্মা, পরিবেশ দেববর্মা ☛ ৬ এর পাতায় দেখুন

### এনএসএস দিবসে

# নেশার বিরুদ্ধে জন আন্দোলন গড়ে তোলার বার্তা মুখ্যমন্ত্রীর




নেশামুক্ত ত্রিপুরা শীর্ষক এক আলোচনাচক্রের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার ত্রিপুরাকে নেশামুক্ত রাজ্য হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কাজ করছে। সরকার নেশার বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। রাজ্যে প্রতিনিয়ত নেশার বিরুদ্ধে অভিযান চালানো হচ্ছে। এক্ষেত্রে সাফল্যও পাওয়া যাচ্ছে। নেশা সামগ্রী বাজেয়াপ্তকরণে ত্রিপুরা উত্তর-পূর্বের রাজ্যগুলির মধ্যে অন্যতম।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, যারা নেশার শিকার তাদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার লক্ষ্যে সচেতনতামূলক কর্মসূচি নেওয়া হচ্ছে। নেশার বিরুদ্ধে সমাজের প্রত্যেকটি নাগরিককে এগিয়ে আসতে হবে। নেশামুক্ত ত্রিপুরা ☛ ৬ এর পাতায় দেখুন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ সেপ্টেম্বর।।** সেবামূলক কাজে জাতীয় সেবা প্রকল্পের (এনএসএস) স্বেচ্ছাসেবীদের ভূমিকা অপরিসীম। সেবামূলক কাজেই জীবনে সার্থকতা আসে। যুব সম্পদায়ের মধ্যে দেশের জন্য কাজ করার মানসিকতা থাকতে হবে। এই কাজে জাতীয় সেবা প্রকল্প একটি বড় প্ল্যাটফর্ম। আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ৫৫তম রাজ্যভিত্তিক এনএসএস দিবস ও

# শহরে রাতে নতুন আতঙ্ক গাড়ির কাঁচ ভাঙছে দুষ্কৃতিরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ সেপ্টেম্বর।।** শহরে নয়া আতংক। বাস্তব চিত্র ধরা পড়েছে সিসিটিভি ফুটেজ। রাতের আঁধারে গাড়ির কাঁচ,বাড়ির কাচের জানালা ভাঙচে দুষ্কৃতিরা। শনিবার গভীর রাতে আগরতলা জগন্নাথবাড়ি রোড এলাকায় চারটি গাড়ির গ্লাস ভেঙে চুরমার করেছে দুষ্কৃতীকারিরা।ঘটনায় ব্যাপক চাঞ্চল্য এলাকা জুড়ে।

রাজধানীর আগরতলা শহরের নিরাপত্তা বলয় এলাকাতেই এধরনের নাশকতামূলক কর্মকাণ্ডকে কেন্দ্র করে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। এই চক্রে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে। উল্লেখ্য রাজধানী আগরতলা শহরের বাড়ি ঘরের সৌন্দর্যায়নের লক্ষ্যে অনেকেই কাচের দরজা জানালা তৈরি করে থাকেন। শুধু তাই নয় রাস্তার পাশে অসংখ্য যানবাহন রাতে পার্কিং করে রাখা হয়। কেননা যাদের ব্যক্তিগত যানবাহন রয়েছে তাদের অনেকেরই বাড়িঘরে পার্কিংয়ের ব্যবস্থা নেই। সে কারণেই বাড়ির পাশাপাশি রাস্তার পাশেই এসব যানবাহন পার্কিং করা হয়। কেননা এ ব্যাপারে ট্রাফিক পুলিশের তরফেও আইনি ব্যবস্থা নেওয়া হয় না। একথা অনস্বীকার্য যে ব্যক্তিগত যানবাহন যাদের রয়েছে তাদের বাড়ি ঘরে যে পার্কিংয়ের উপযুক্ত ব্যবস্থা নেই তা সরকার প্রশাসন এবং ট্রাফিক পুলিশও অবগত রয়েছে। এর সুবাদেই যানবাহনগুলি রাস্তার পাশে পার্কিং করে রাখা হয়। গতকাল রাতে রাজধানী আগরতলা শহরের জগন্নাথ বাড়ি রোড এলাকায় চারটি গাড়ির গ্লাস ভেঙ্গে দেওয়ার ঘটনাকে কেন্দ্র করে যানবাহনের মালিকদের মধ্যে নতুন ☛ ৬ এর পাতায় দেখুন

# প্রধানমন্ত্রীর জন্যই উত্তর-পূর্বে বিমান বন্দরের সংখ্যা বেড়ে ১৭ ঃ জ্যোতিরাদিত্য

**ইটানগর, ২৪ সেপ্টেম্বর (হি.স.) :** অরুণাচলে প্রদেশের তেজু বিমানবন্দরের নতুন উন্নত পরিকাঠামোর উদ্বোধন করেছেন অসামরিক বিমান পরিবহণ ও ইস্পাত দফতরের মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া।

আজ রবিবার মুখ্যমন্ত্রী পেমা খান্ডু এবং তাঁর মন্ত্রিপরিষদের অন্য সদস্য ও বিধায়কদের সঙ্গে নিয়ে বোতাম টিপে লোহিত জেলার তেজুতে নতুন বিকশিত পরিকাঠামো যথাক্রমে একটি বর্ধিত ১৫০০ মিটার বাই ৩০ মিটার রানওয়ে, একটি নতুন অ্যাপ্রোন, একটি নতুন টার্মিনাল বিল্ডিং, একটি ফায়ার স্টেশন এবং একটি এটিসি টাওয়ারের উদ্বোধন করেছেন অসামরিক বিমান পরিবহণ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া।

উন্নত পরিকাঠামো উদ্বোধনী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী সিন্ধিয়া এই উন্নয়নের তাৎপর্য ব্যাখ্যা করতে গিয়ে বলেন, আজ অরুণাচল প্রদেশের জন্য এক ঐতিহাসিক দিন। ১৭০ কোটি টাকা ব্যয় করে ৪০ হাজার বর্গফুট এলাকাকে অন্তর্ভুক্ত করে একটি বিমানবন্দর উদ্বোধন করা হয়েছে। তা সম্ভব হয়েছে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতিশ্রুতি ও সংকল্পের কারণে। তিনি বলেন, কেন্দ্রে মোদী সরকার আসার আগে উত্তর-পূর্বাঞ্চলে মাত্র নয়টি বিমানবন্দর ছিল, আজ তা বেড়ে হয়েছে ১৭টি। এই কানেক্টিভিটি কৌশলগত গুরুত্ব ও সমৃদ্ধি বয়ে আনবে। একটি বিমানবন্দর এই অঞ্চলে অর্থনৈতিক কর্মকাণ্ড বৃদ্ধি করার অন্যতম এক মাধ্যম। উদ্বোধনী অনুষ্ঠানে অরুণাচল প্রদেশের উপ-মুখ্যমন্ত্রী চাওনা মেন, অসামরিক বিমান পরিবহণ দফতরের প্রতিমন্ত্রী, এয়ারপোর্ট অথরিটি অব ইন্ডিয়া (এএআই)-র প্ল্যানিং মেম্বার একে পাঠক, স্থানীয় সাংসদ, বিধায়ক এবং অন্যান্য ঊর্ধতন সরকারি আধিকারিক সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ।

এয়ারপোর্ট অথরিটি অব ইন্ডিয়ার আধিকারিক জানান, তেজু বিমানবন্দরের নতুন পরিমার্জিত টার্মিনালটি পিকআওয়ারে ৩০০ জন যাত্রীকে হ্যান্ডেল করার জন্য সজ্জিত করা হবে, যা দুটি ডাবল ইঞ্জিন বিশিষ্ট এটিআর-৭২ (অ্যারেই দা ট্র্যাসপর্টো রিজিওন্যাইল) টাইপ বিমানের একযোগে অবতরণ করতে পারবে। উল্লেখ্য, লোহিত নদীর তীরে অবস্থিত অরুণাচল প্রদেশের লোহিত জেলার সদর দফতর তেজু। প্রাকৃতিক সৌন্দর্যের জন্য বিখ্যাত শহরটি সবুজ বন এবং উঁচু পাহাড়ে বেষ্টিত, যা এই অঞ্চলকে পর্যটন এবং অর্থনৈতিক বৃদ্ধির একটি উদীয়মান কেন্দ্র করে তুলেছে।

২১২ একর জমির ওপর নির্মিত তেজু বিমানবন্দরটি লোহিত জেলা সদর শহরে অবস্থিত একটি অভ্যন্তরীণ বিমানবন্দর যাতে একটি একক রানওয়ে রয়েছে। রাজ্য সরকারের অনুরোধে এয়ারপোর্ট অথরিটি অব ইন্ডিয়া তেজু বিমানবন্দর চালু করতে উন্নয়ন ও আপগ্রেডেশন কাজ হাতে নিয়েছে। বিমানবন্দরটি ২০১৮ সালে আঞ্চলিক সংযোগ প্রকল্প 'উড়ে ☛ ৬ এর পাতায় দেখুন

## সাত সকালে উদ্ধার ৪ কোটির নেশা সামগ্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ সেপ্টেম্বর।।** রবিবার সাত সকালে গোপন খবরের ভিত্তিতে প্রচুর নেশাজাতীয় কফ সিরাপ আটক করেছে পুলিশ। আগরতলা রেলস্টেশন থেকে যাওয়ার পথে বাধারঘাট এলাকায় একটি সন্দেহভাজক অটো আটক করেছে পুলিশ। অটোটিতে তল্লাশি চালিয়ে এডি নগর থানার পুলিশ প্রচুর পরিমাণ নেশাজাতীয় কফসিরাপ এসকফ উদ্ধার করেছে। সাথে আটক করে চারজনকে। তাদেরকে জিজ্ঞাসাবাদ শুরু করেছে পুলিশ। জানা গেছে রেলে করে এসব নেশা সামগ্রী নিয়ে আসা হয়েছে। একই কৌশলে প্রতিনিয়তই নেশাসামগ্রী রাজ্যে আসছে বলে তথ্য ☛ ৬ এর পাতায় দেখুন

CMYK

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৯ ▫ সংখ্যা ৩৪১ ▫ ২৫ সেপ্টেম্বর ২০২৩ ইং ▫ ৭ আশ্বিন ▫ সোমবার ▫ ১৪৩০ বঙ্গাব্দ

## ঐক্যই শক্তি

বিভাজন নয়, ঐক্যই শক্তি। সবাইকে নিয়া চলাই সংবিধানের শিক্ষা। বিচারহীন ক্ষমতা প্রদর্শন স্বৈরাচারের নামান্তর! প্রধানমন্ত্রীর পাশে বসিয়াই বার্তা সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের। নীরব শ্রোতা হইয়া রইলেন নরেন্দ্র মোদি। চন্দ্রচূড় অবশ্য এতেই থামেননি। বলিয়াই গিয়াছেন, 'সরকার একা নিছক আইন প্রণয়নের ক্ষমতা প্রয়োগ করে কোনও সুবিচার করিতে পারিবে না। দরকার হইল সবপক্ষের সঙ্গে আলোচনা করা। ভিন্ন মতাবলম্বীদেরও সিদ্ধান্ত গ্রহণে যুক্ত করিতে হয়। সংবিধানপ্রণেতারা আমাদের এই শিক্ষা দিয়াছেন। তাঁহারা শিখাইয়াছেন যে, কীভাবে ভিন্ন মত থাকিলেও পক্ষপাতকে দূর করিয়া অর্জন করিতে হয় নিরপেক্ষতা।' শনিবার দিল্লির বিজ্ঞান ভবনে বার কাউন্সিলের এক আন্তর্জাতিক আইন সম্মেলনে প্রারম্ভিক ভাষণে এভাবেই সংবিধানের জয়গান গাইলেন দেশের প্রধান বিচারপতি। শুধু মোদি নন, সেই সময় মঞ্চে হাজির কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুন মেঘওয়ালও। চন্দ্রচূড়ের এই বক্তব্যের পর তাঁহারা অবশ্য বিরোধী মতকে মান্যতা দেওয়ার প্রসঙ্গ টানিতে ভরসা পাননি। বরং প্রধানমন্ত্রী সওয়াল করিয়াছেন, 'ভারতের এখন প্রয়োজন একটি শক্তিশালী এবং নিরপেক্ষ বিচারব্যবস্থা।' শুধু তাই নয়, সুপ্রিম কোর্টের রায় বিভিন্ন আঞ্চলিক ভাষায় অনুবাদের জন্য প্রধান বিচারপতির প্রশংসায় পঞ্চমুখও হন মোদি।একে বিচারপতি নিয়োগের কালেজিয়াম ব্যবস্থা নিয়ে সুপ্রিম কোর্টের সঙ্গে সংঘাতে জড়াইয়াছে মোদি সরকার। এমনকী নিজেদের মর্জিমাফিক এজেন্ডা বাস্তবায়িত করিতে দফায় দফায় তাহারা অগ্রাহ্য করিয়াছে শীর্ষ আদালতের সিদ্ধান্ত ও নির্দেশিকা। নির্বাচন কমিশনার নিয়োগ সংক্রান্ত আইন তাহার সাম্প্রতিকতম উদাহরণ। এরকম একের পর এক ঘটনায় সুপ্রিম কোর্ট যে ক্ষুব্ধ তার ছায়া পাওয়া যায় এদিন চন্দ্রচূড়ের মন্তব্যে। তিনি বলেন, 'সংবিধান অবশ্যই আইনসভা, প্রশাসন ও বিচারবিভাগের পৃথক পৃথক অধিকার দিয়াছে। কিন্তু একথা মনে রাখা দরকার যে, পরস্পরের থেকে অনেক কিছু শেখার অবকাশ আছে। আলোচনা ও পারস্পরিক মতপ্রদানই কিন্তু একমাত্র পথ সুবিচারের। ক্ষমতা ছাড়া বিচারব্যবস্থা অর্থহীন। আবার বিচারহীন ক্ষমতা প্রদর্শনের নাম স্বৈরতন্ত্র। পশ্চিমি সংস্কৃতি ও শিক্ষাকে নস্যাৎ করিবার চেষ্টাতেও মরিয়া মোদি সরকার এবং বিজেপি। তাহারও উল্টো সুর ধরা পড়িয়াছে প্রধান বিচারপতির বক্তব্যে। সাফ জানাইয়াছেন, 'বিদেশি সংবিধান থেকে শিক্ষা গ্রহণ, বিদেশি অভিজ্ঞতার প্রেক্ষিতে নিজেদের সংবিধানকে আরও শক্তিশালী করার ঐতিহ্য আমাদের। অতি সাম্প্রতিক অনেক আইনও আছে, যেগুলি আমরা আমেরিকা, ব্রিটেন, সিঙ্গাপুর, অস্ট্রেলিয়ার থেকে শিখে অন্তর্ভুক্ত করিয়াছি।

## মাটি নয়, ভুট্টা দিয়ে তৈরি হচ্ছে দুর্গা প্রতিমা; এ বার পুজোয় নতুন চমক মালদহে

মালদহ, ২৪ সেপ্টেম্বর (হি.স.): মাটি রক্ষার বার্তা দিতে অভিনব দুর্গা প্রতিমা তৈরি করছেন মালদহের অবসরপ্রাপ্ত পুলিশ কর্মী বিষ্ণু চন্দ্র সাহা। কোনও রকম মাটির ব্যবহার নেই দুর্গা প্রতিমা তৈরিতে। খড়, ধানের তুষ, গমের ভুসি এই তিন উপকরণ দিয়ে কাঠামোর ওপর প্রলেপ দেওয়া হয়েছে। আঠার সাহায্যে কাঠামোর ওপর ভুট্টার খোসা দিয়ে তৈরি করা হচ্ছে প্রতিমা।

প্রতিমার সাজে ব্যবহার করা হচ্ছে ভুট্টার দানা ও ভুট্টার মঞ্জরী। মূলত মাটি রক্ষার বার্তা দিতেই ভুট্টা দিয়ে তিনি তৈরি করছেন দুর্গা প্রতিমা। দুর্গাপুজোর খুব বেশি দিন আর বাকি নেই, স্বাভাবিকভাবেই হাতেও সময় নেই। আর তাই দুর্গা প্রতিমা তৈরি করতে নিরন্তর কাজ করে চলেছেন মালদহের অবসরপ্রাপ্ত পুলিশ কর্মী বিষ্ণু চন্দ্র সাহা।

## উত্তর ও দক্ষিণবঙ্গে আপাতত বৃষ্টি চলবে, ২৬ সেপ্টেম্বরের পর বাড়বে গরম

কলকাতা, ২৪ সেপ্টেম্বর (হি.স.): উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপ শক্তি হারিয়ে ঘূর্ণাবর্তে পরিণত হয়েছে। সেই ঘূর্ণাবর্ত অবস্থান করছে দক্ষিণ-পূর্ব ঝাড়খণ্ড ও সংলগ্ন এলাকার ওপর। যার জেরে আপাতত বৃষ্টির পূর্বাভাস রয়েছে উত্তরবঙ্গে। বৃষ্টির সম্ভাবনা রয়েছে দক্ষিণবঙ্গেও। তবে আপাতত নিম্নচাপটি ঝাড়খণ্ডের দিকে সরে গেলেও রাজ্যের উপর একটি মৌসুমি অক্ষরেখা বিস্তৃত রয়েছে। তার জেরে প্রচুর জলীয় বাষ্প ঢুকছে বাংলায়। এর জেরেই চলছে লাগাতার বৃষ্টি। তবে সপ্তাহের শুরুতে বৃষ্টি কমার পূর্বাভাস দিচ্ছে আবহাওয়া দফতর।

বিগত কিছু দিন ধরে একটানা বৃষ্টি চলছে। আপাতত নিম্নচাপ সরায় বৃষ্টি খানিক কমবে। তবে জেলায় জেলায় বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস রয়েছে। উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হুগলি, হাওড়াতে বেশ কয়েক দফায় বজ্রপাত সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। শুধু দক্ষিণবঙ্গে নয়, উত্তরবঙ্গেও বৃষ্টির সতর্কতা রয়েছে। উত্তরবঙ্গের দার্জিলিং কালিম্পং, আলিপুরদুয়ার, কোচবিহার, জলপাইগুড়ি ও উত্তর দিনাজপুরে বৃষ্টির পূর্বাভাস রয়েছে। এছাড়াও আগামী ২৬ সেপ্টেম্বরের পর দক্ষিণবঙ্গের আবহাওয়া ফের বদলাবে। বৃষ্টি কমে বাড়বে গরম।

## টানা বৃষ্টিতে সিকিমগামী জাতীয় সড়কে ধস, শ্বেতিঝোরায় বন্ধ যান চলাচল

গ্যাংটক, ২৪ সেপ্টেম্বর (হি.স.): লাগাতার ভারী বৃষ্টিতে সিকিমগামী জাতীয় সড়কে ধস। শ্বেতিঝোরায় রাস্তার একটি অংশ তলিয়ে গিয়েছে। ইতিমধ্যে রাস্তাটির জরুরি মেরামতের জন্য জাতীয় সড়ক সম্পূর্ণ বন্ধ করে দেওয়া হয়েছে। যার জেরে বন্ধ যান চলাচল। প্রশাসনের তরফে জানানো হয়েছে, রাস্তা মেরামত হওয়া পর্যন্ত সিকিম থেকে শিলিগুড়ি/ডুয়ার্স পর্যন্ত ছোট যানবাহনগুলি যেকোনও রুটে সুবিধামত চলাচল করতে পারবে। তবে সিকিম থেকে শিলিগুড়িগামী ভারী যানবাহন গুলি শুধুমাত্র সন্ধ্যা ৭টা থেকে সকাল ৬টার মধ্যে চলাচল করতে পারবে। শনিবার রাত থেকে উত্তরবঙ্গের বিস্তীর্ণ অঞ্চল সহ প্রতিবেশী রাজ্য সিকিমে ভারী বৃষ্টি শুরু হয়েছে। রাতভর ভারী বৃষ্টির জেরে সমতলে শিলিগুড়ি সংলগ্ন বাড়িভাষা, হাতিয়াডাঙা, একতিয়াশালের একাংশ জলমগ্ন হয়ে পড়েছে। নিম্নচাপের জেরে উত্তরবঙ্গের দার্জিলিং কালিম্পং, আলিপুরদুয়ার, কোচবিহার, জলপাইগুড়ি ও উত্তর দিনাজপুরে ভারী বৃষ্টির পূর্বাভাস জারি করেছে আলিপুর আবহাওয়া দফতর।

# বিপজ্জনক কলমকারি

সুকুমার রায়ের মৃত্যুর শতবর্ষ? মানে যিনি ছোটদের জন্য পাগলা দাশু, হযবরল, আবোল তাবোল এ সব লিখেছিলেন! উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর ছেলে, সত্যজিতরায়ের বাবা, ১৯২৩ সালের ১০ সেপ্টেম্বর মাত্র পঁয়ত্রিশ বছর বয়সে কালাজ্বরে মৃত্যু। ইংরেজ কবি জন কিটস অবশ্য ছাব্বিশ বছর বয়সে মারা গিয়েছিলেন।

শেলি-ও মারা গিয়েছেন মাত্র উনত্রিশ বছর বয়সে। ফরাসি কবি আপোলিনিয়ের যখন স্প্যানিশ ফ্লু-তে ভুগে মারা গেলেন, বয়স মাত্র আটাশ। বিয়ের পরের বছরই জলে ডুবে আত্মহত্যা করার সময় সিলভিয়া প্লাথ মাত্র ত্রিশ বছরের তরুণী।

এত অকালপ্রয়াত কবিদের কথা কেন? সমাজ ও স্বভাষার সাহিত্য তাঁদের আজও বিস্মৃতিতে ঠেলে দেয়নি। শেলি, কিটসরা আজও রোম্যান্টিকতার প্রতিভূ, আপোলিনিয়ের গঠনবাদী, সারিয়ালিস্ট কবিতার, সিলভিয়ার কবিতায় আসত আত্মজৈবনিক স্মৃতি। কিন্তু সুকুমার রায়? যে সমাজে নেতারা হাসতে হাসতে বিরোধী মতকে ধ্বস্ত করতে পারেন না, উল্টে প্রত্যহ দাঁতমুখ খিঁচিয়ে একে অপরকে গালিগালাজ করেন, এ ওকে চোর আর ও তাকে সাম্প্রদায়িক বলেই রাজনৈতিক কর্তব্য শেষ করেন, এ কালো ঝোলা-পরা হুতোম পেঁচার মতো নতুন ন্যায়সংহিতার কথা বলে, ও ইন্ডিয়া নামে চার দিক ঝালাপালা করে, বেকারত্ব, মূল্যবৃদ্ধি, শিক্ষা ও স্বাস্থ্যব্যবস্থার অপমৃত্যু থেকে চোখ সরিয়ে দু'পক্ষই চিতৃত তরজায় মাতে, সেখানে সুকুমার রায় অনেক আগেই মারা গিয়েছেন। ভানু-জহর, রবি ঘোষ, উতল দত্তের বাংলায় ক'টা হাসির ছবি তৈরি হয়? সর্বত্র গালাগালি আর “রিমেড” গোয়েন্দার বন্যা! এই সমাজ বাঁচিয়ে রাখবে সুকুমার-স্মৃতি?

দিন কয়েক আগের সফল চন্দ্রাভিযান মনে পড়ে যাচ্ছে। কেউ যজ্ঞে, কেউ বা জাতীয়তাবাদে ডগমগ। কেউ আবার বিজ্ঞানীদের হাতে কেন গ্রহরত্নের আংটি, তা নিয়ে মিম তৈরিতে ব্যস্ত। সফল চন্দ্রাভিযান মানে এ সব কিচ্ছু নয়। ১৯২০ সালেই সন্দেশ পত্রিকায় ‘‘চাঁদমারি’’ প্রবন্ধে সুকুমার লিখছেন, “প্রথম ধাক্কাতেই হাউই অনেক দূর পর্যন্ত যায়, তারপর যেই তেজ কমে আসতে থাকে, অমনি আবার দ্বিতীয় ধাক্কা এসে লাগে। আরও অনেকখানি বড় করে যদি চাঁদমারি হাউই বানানো যায়, আর তার মধ্যে দু চার জন মানুষ থাকবার মতো ঘরের ব্যবস্থা করা যায়, তা হলে মানুষও চাঁদে বেড়াতে যেতে পারবে না কেন?” বাংলা ভাষায় অনেকেই আজ বিজ্ঞানচর্চা করেন, কিন্তু আনাড়ি পাঠককে তার দেখাশোনার চার পাশের উদাহরণ দিয়ে সহজ করে বোঝানো? সুকুমার এক প্রবন্ধে আলোর গতিবেগের কথা বলছেন, “ট্রেনটা যতক্ষণে এক ইঞ্চি যাবে, আলো ততক্ষণে কলকাতা থেকে ছুটে গিয়ে মধুপুরে হাজির হবে।’’ সহজ ভাষায় ছোটদের বিজ্ঞান বোঝানোর লোক আর নেই। সাধে রবীন্দ্রনাথ সুকুমার সম্পর্কে লিখেছিলেন, “তাঁর স্বভাবের মধ্যে বৈজ্ঞানিক সংস্কৃতির গাম্ভীর্য ছিল, সেই জন্যই তিনি তার বৈপরীত্য এমন খেলাচ্ছলে দেখাতে পেরেছিলেন।’’ বৈজ্ঞানিক সংস্কৃতি না থাকার জন্যই তো “এপাং ওপাং ঝপাং/ সুর ধরেছে পটাং’’ নামের অর্থহীন কথাও আজ সম্মাননীয় কবিতা।

ক্ষমতার সম্মার্জনী যে কত কিছু উড়িয়ে দিল! ‘‘ছেলেবেলায় আমরা শুনিয়াছিলাম, মানুষের পূর্বপুরুষ বানর ছিল। ইহাও শুনিয়াছিলাম যে ডারুইন নামে কে এক পন্ডিত নাকি এ কথা বলিয়াছেন। বাস্তবিক ডারুইন এমন কথা কোনদিন বলেন নাই। আসল কথা এই যে অতি প্রাচীনকালে বানর ও মানুষের পূর্বপুরুষ একই ছিল। সেই এক পূর্বপুরুষ হইতে বানর ও মানুষ, এ দুই আসিয়াছে, কিন্তু সে যে কত দিনের কথা তাহা কেহ জানে না।’’ একশো বছরেরও আগে লিখেছিলেন সুকুমার! অথচ কয়েক মাস আগে কেন্দ্রীয় শাসক পাঠ্যসূচি থেকে ডারউইন তুলে দেওয়ার পরও বাঙালির প্রতিক্রিয়া কী? “ওরা কত ধর্মান্ধ, আমরা কত উদার’’ চিতার। ডারউইনের অভিব্যক্তি তত্ত্ব যে একেবারে অন্য, বানর থেকে মানুষ হয়নি, এক বারও বললাম না। সুকুমার রায় সহজ সূত্রটা দিয়ে যাওয়ার পরও না!

শুধু এই? যে দেশ যশোর রোড, সুন্দরবন, ছত্তিশগড় থেকে মধ্যপ্রদেশ, সর্বত্র উন্নয়নের নামে গাছ কেটে ফেলে, সেখানে সুকুমার রায় বহু দিন মৃত। “প্রতি বছর এক কোটি মণ কাঠ মানুষ খরচ করে এবং তার জন্য এত অসংখ্য গাছ কাটতে হয় যে অনেকে আশঙ্কা করেন, হয়ত বেহিসাবী যথেচ্ছ গাছ কাটতে কাটতে পৃথিবীতে কাঠের দুর্ভিক্ষ উপস্থিত হবে,’’ প্রবন্ধে লিখছেন সুকুমার। মৃত্যুশতবার্ষিকী পালন-করা হুজুগে বাঙালি নয়, বরং দীপেশ চক্রবর্তী বা অমিতাভ ঘোষের পরিবেশচেতনায় আজ তাঁর উত্তরাধিকার।

বস্তুত হিন্দি-ইংরেজি মিশ্র ভাষায় অভ্যস্ত বাঙালি আজ যথাযথ বাংলা পরিভাষা আবিষ্কারের কোনও চেষ্টা করে না। অথচ সুকুমার সাবমেরিনকে লিখছেন ডুবুরি জাহাজ, পেরিস্কোপকে দিকবীক্ষণ, সিসমোগ্রাফকে কম্পনলিপি যন্ত্র, টিউব রেলকে সুড়ঙ্গ রেল। পরিভাষা তৈরিতেও সুকুমার রায় এই বঙ্গে বিস্মৃত, বাংলাদেশ বরং এই বিষয়ে তাঁর যোগ্য উত্তরসূরি। সিদ্ধার্থ ঘোষের হিসাব, সন্দেশ পত্রিকায় স্বনাম ও বেনামে ১৬টি জীবনী, প্রাকৃতিক বিজ্ঞান, জ্যোতির্বিজ্ঞান, কারিগরি আবিষ্কার, শিল্প উদ্যোগ, ইতিহাস, সভ্যতা ইত্যাদি নিয়ে মোট ১০৫টি প্রবন্ধ লিখেছিলেন সুকুমার। ১৬টা জীবনীই ডারউইন, জোয়ান অব আর্ক, ফ্লোরেন্স নাইটিঙ্গল, লিভিংস্টোনদের নিয়ে। এখন হলে লোকে হিসাব চাইত, বাঙালি কোথায়? সবাই ক্ষুদ্রতার সাধনায় ব্যস্ত। কেউ বলেন, আমরা বাঙালিরাই সেরা। আমাদের রামমোহন, বিবেকানন্দ আছে। কেউ আবার নিজেকেই বিশ্বগুরু বলে নিজের পিঠ চাপড়াচ্ছেন। কেউ ডিনারে রাষ্ট্রনায়কদের নিরামিষ কাঁঠালের আমসত্ত্ব খাওয়াচ্ছেন, কেউ রাস্তায় বসা কয়েক হাজার চাকরিপ্রার্থীর চোখের জলকে পাত্তা না দিয়ে মন্ত্রী-বিধায়কদের মাইনে বাড়াচ্ছেন। বাঙালির কাছে আজ একুশে আইন স্রেফ জীবনমুখী গানে গণেশ পাইনের সঙ্গে অন্ত্যমিল দেওয়ার ফিকির।

গাড্ডুর নাম পরমকল্যাণবরেষু আর ছাতার নাম প্রত্যুতন্নমতিত্ব নিয়ে হ য ব র ল-য় যখন তিনি হাস্যমুখর, তখন কি জানতেন ভবিষ্যতে বাঙালি বাড়ির নাম রাখবে নবান্ন আর রাস্তার নাম ধরণী? মায়, বাংলার বাইরে ফৈজাবাদ স্টেশন নাম বদলে হয়ে যাবে অযোধ্যা, আর ইলাহাবাদ হয়ে উঠবে প্রয়াগরাজ? অকিঞ্চিতর নাম বদলই হয়ে উঠবে ক্ষমতার কার্যক্রম! দ্রিঘাংচু বা কাক্কেশ্বর কুচকুচের মতো দাঁড়কাকের উত্তরসূরিকে অবশ্য পাওয়া গিয়েছে। নবারুণ ভট্টাচার্যের কাঙাল মালসাট উপন্যাসের দণ্ডবায়স। আজকের নেকুপুষু সমাজে সুকুমার তাই বিপজ্জনক। “শাস্ত্রে ত্যাগ বলিতে কি কি ছাড়িতে উপদেশ দেয় তাহা বুঝি আর নাই বুঝি আমরা ঐ ত্যাগ শব্দটার সঙ্গে ছাড়ার সংস্কারটুকুকে ধরিয়া রাখি। অমুক সংসার ছাড়িয়া পলাইয়াছেন, তিনি ত্যাগী। অমুক এত টাকা দান করিয়াছেন, তিনিও ত্যাগী। কর্মফলাসক্তি বিন্দুমাত্র কমিল না, দেহাত্মবুদ্ধির জড় সংস্কার ঘুচিল না, প্রভুত্বের অভিমান ও অহঙ্কার গেল না, অথচ শাস্ত্রবাক্যেরই দোহাই দিয়া ত্যাগের মাহাত্ম্য প্রমাণিত হইল,” ভাষার অত্যাচার প্রবন্ধে লিখছেন তিনি।

শব্দে যে কত অর্থসংস্কার! “জ্যান্ত জ্যান্ত শব্দ, যাদের চলতক্তি চাপা রয়েছে, ধরে ধরে মটমট করে তাদের বিষদাঁত ভাঙতে হবে,” শ্রীশ্রীশব্দকল্পদ্রুম নাটকে বলেন সুকুমার। এ সব লেখার কয়েক বছর আগে ১৯১৩ সালে মারা গিয়েছেন ভাষাবিজ্ঞানী ফার্দিনান্দ দ্য স্যসুর। বাঙালি এর পর ফুকো, দেরিদা অনেক কিছু শিখেছে, সুকুমারকে শিশুসাহিত্যের অঙ্গনে নির্বাসন দিয়েছে। দুপুরের মেট্রোয় স্কুলের পোশাকে অনেক দাশু, জগবন্ধুকে দেখি। তারা ক্লান্ত, কোনও ক্রমে সিটে বসলেই অভিভাবিকা চাপা গর্জন করেন, ”এটাও পারিসনি! রাম পারল কী ভাবে!’’ দাশুরা নয়, এই সমাজে তাদের মা-বাবারা কি সত্যিই পাগল? অমর্ত্য সেন বরং যখন সখেদে এ দেশকে “কান্ট্রি অব ফার্স বয়েজ” বলেন, তিনি হয়ে ওঠেন সুকুমারের উত্তরসূরি। শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের গোঁসাইবাগানের ভূত উপন্যাসের করালী স্যরের মধ্যেও আছে নম্বরদৌড়ের বিরুদ্ধে এই অন্তর্ঘাত। বুরুনদের ক্লাসে সবাইকে অঙ্কে তেরো দেন তিনি।

এই অন্তর্ঘাতের কথা কিন্তু কেউ বলে না। তিনি কি শুধু লক্ষ্মণের শক্তিশেল নাটকে রাম, সুগ্রীব, জাম্ববান নিয়ে ঠাট্টা করেছিলেন? ঝালাপালা নাটকে কেদার পণ্ডিতমশাইকে বলে, “অমানিশার গভীর তমসাজাল ভেদ করিয়া... বিহঙ্গের কলকল্লোল, শিশিরসিক্ত বায়ুর হিল্লোলে দশ দিগন্ত মুখরিত হইয়া, আহা, স্বভাবের সেই শোভা ভারি চমতার হয়েছে। হে মানবসকল, ঐ শুন বাছুরগুলি ল্যাজ তুলিয়া হাম্বা হাম্বা রবে ছুটিতেছে, তোমরা উত্তিষ্ঠত জাগ্রত।” বঙ্কিম থেকে বিবেকানন্দ সকলের উদ্দেশে অন্তরটিপুনি।

এখানেই সুকুমার-ঐতিহ্য। শিবাজী বন্দ্যোপাধ্যায় তাঁর গোপাল রাখাল দ্বন্দ্বসমাস বইয়ে দেখিয়েছিলেন, দাশু নিছক মিচকে নয়। স্কুল নামক প্রতিষ্ঠানের ক্ষমতাকে, ভাল ছেলে তৈরির ঔপনিবেশিক নিক্তিকে অস্বীকার করে সে। আজ বরং চেরিং ক্রস স্টেশনের ৯ ৩/৪ প্ল্যাটফর্ম বেয়ে যারা হগওয়ার্টস এক্সপ্রেস ধরে, জে কে রোলিং-এর সেই ছেলেপুলেরাই হয়তো দাশুর উত্তরাধিকারী। সুকুমার রায় কোনও বিশেষ ভাষায়, “স্কুল স্টোরি” নামক বিশেষ ঘরানায় সীমাবদ্ধ নন। “সবটাকেই তিনি করে নেন আপন, আর সেইখানে, সব অসম্ভবের মধ্যে তিনি পেয়ে যান তাঁর ছন্দ,” সুকুমার রায়ের কবিতা সম্বন্ধে একদা লিখেছিলেন শঙ্খ ঘোষ। সব কিছুকে যারা আপন করে নিতে পারে না, নেড়া বেলতলায় গেলে বা সুকুমার রায়ের শততম প্রয়াণবর্ষে ক্ষুদ্র গণ্ডিবদ্ধ সেই সব বাঙালির কী আসে যায়!

# একমাত্র অক্সিজেন ছাড়া পৃথিবী তাঁদের কিছুই দিত না !

মদিনা জাহান রিমি

নারী, শিশুসহ কিছু মানবসন্তান কিনে নিয়ে যাচ্ছে অন্য আরেক মানবসন্তানভাবতেই এখন কেমন লাগছে না? কিন্তু এ পৃথিবীতে একসময় ছিল মানুষ কেনাবেচার রমরমা ব্যবসা। এখন বিশ্ব যখন দাস---বাণিজ্য ও এর বিলুপ্তির স্মরণে দিবস পালন করতে একত্র হয়, তখন বারবারই জানতে ইচ্ছা করে, কেমন ছিল ক্রীতদাস হিসেবে কিনে নিয়ে যাওয়া মানুষগুলোর জীবনসংগ্রাম? পৃথিবী থেকে তাঁরা অক্সিজেন ছাড়া বিশেষ কিছু পেয়েছিলেন কি? ট্রান্স—আটলান্টিক ক্রীতদাস বাণিজ্যমানব নিষ্ঠুরতার এ অধ্যায় শুরু হয়েছিল ষষ্ঠদশ শতাব্দীর সময়কালে। এ সময় কিছু অঞ্চলে ভূমির তুলনায় মানুষের সংখ্যা ছিল বেশি; তাঁরা না খেতে পেরে মারা যাচ্ছিলেন। এরপর কাজ দেওয়ার নাম করে শুরু হলো তাঁদের কিনে নেওয়া এবং অত্যাচার। অভাবগ্রস্ত, নিঃস্ব ও বিধবারা অনেক ক্ষেত্রে স্বেচ্ছায় শেষ গন্তব্য হিসেবে চলে যেতেন ওই সব ক্রীতদাস বিক্রির বাজারে। আইনগত ও পেশাগতভাবে দাস-দাসী এবং তাঁদের সন্তানেরা মালিকদের সম্পত্তিরূপে পৃথিবীতে বন্দী হিসেবে বেঁচে থাকতেন। প্রজন্মের পর প্রজন্মকে বন্দী রাখা হতো, নিজের ভূমি ফেলে নিয়ে যাওয়া হতো অন্যত্র। ট্রান্স—আটলান্টিক ক্রীতদাস বাণিজ্য প্রাথমিকভাবে প্রভাবিত করেছিল আফ্রিকান দেশগুলোকে, যেখানে লাখ লাখ ব্যক্তিকে জোরপূর্বক বন্দী করা হয়েছিল, দাস বানানো হয়েছিল এবং আমেরিকা ও বিশ্বের অন্যান্য অংশে নিয়ে যাওয়া হয়েছিল। যদিও আফ্রিকান দেশ প্রধানত দাস---বাণিজ্য দ্বারা প্রভাবিত হয়েছিল। এমনকি অন্য কিছু অঞ্চলও ইউরোপীয় দাস ব্যবসায়ীদের হাতে আটকে পড়েছিল।

ইউরোপে উৎপাদিত পণ্য আফ্রিকায় বিক্রি করা হতো দাসদের বিনিময়ে। উত্তর ও দক্ষিণ আমেরিকায় দাসদের শ্রমে উৎপন্ন চিনি, তুলা, তামাকসহ অন্যান্য অর্থকরী ফসল জাহাজে করে ইউরোপে যেত। ষষ্ঠদশ শতাব্দী থেকে শুরু করে সাড়ে ৩০০ বছরের বেশি সময় ধরে ইউরোপীয় দাস ব্যবসায়ীরা প্রায় ১ কোটি ২৫ লাখ আফ্রিকানকে আটলান্টিক মহাসাগর পাড়ি দিয়ে আমেরিকায় নিয়ে যান। ওই সময়ে কমপক্ষে ১৫ লাখ আফ্রিকান শুধু যাত্রাপথেই প্রাণ হারান। পরে উত্তর ও দক্ষিণ আমেরিকায় পৌঁছানোর পর সেখানকার অমানবিক পরিবেশে ও পরিশ্রমে মারা যান আরও বহু আফ্রিকান।



আফ্রিকার পশ্চিম উপকূল বরাবর দেশগুলোকে প্রায়ই ‘স্লেভ কোস্ট’ হিসেবে উল্লেখ করা হয়। সেনেগাল, গাম্বিয়া, গিনি, সিয়েরা লিওন, লাইবেরিয়া, আইভরি কোস্ট, ঘানা, টোগো, বেনিন ও নাইজেরিয়া এর অন্তর্ভুক্ত ছিল। এখান থেকে ক্রীতদাসদের বন্দী অবস্থায় আমেরিকায় পরিবহন করা হয়েছিল। এই দাস---বাণিজ্য আফ্রিকাজুড়ে তাঁদের সামাজিক বিকাশ, সংস্কৃতি ও অর্থনীতিকে ব্যাহত করেছিল।

আমাদের উপমহাদেশের অবস্থাও ছিল প্রায় একই রকম। এ অঞ্চলের বেশির ভাগ দাসই হয় দুর্ভিক্ষের কারণে নিজেদের বিক্রি করে দিয়েছিলেন অথবা ছিলেন নিচু শ্রেণির কিংবা হারিয়ে যাওয়া মানুষ। হিন্দু সমাজে টাকা দিয়ে কেনা দাসদের দাস/দাসী বলা হতো। মুসলিম সমাজে পুরুষ ক্রীতদাসদের নাম ছিল ‘গোলাম’ আর মেয়ে ক্রীতদাসের পরিচয় ছিল ‘বাঁদি’। আমাদের দেশের সিলেট, ময়মনসিংহ, চট্টগ্রাম আর ঢাকা অঞ্চলে ১৮৩৯ সালের আইন কমিশনের রিপোর্ট থেকে জানা যায়, ওখানকার এক-পঞ্চমাংশ মানুষই ছিলেন ক্রীতদাস।

এমনকি ইউরোপীয় ঔপনিবেশিক শক্তিগুলো স্থানীয় গতিশীলতা ও শক্তিকাঠামোকে প্রভাবিত করে ক্রীতদাসদের বন্দী ও পরিবহণের সুবিধার্থে আফ্রিকান উপকূলে দুর্গ ও বাণিজ্য পোস্ট স্থাপন করেছিল। ট্রান্স---আটলান্টিক ক্রীতদাস বাণিজ্যের প্রভাব আজও অনুভূত হয় এই দেশগুলোর বংশধরদের কিংবা সাধারণ মানুষের মধ্যে। বেশির ভাগ ক্ষেত্রে এই মানুষেরা এখনো সামাজিক, আর্থিক ও নাগরিক অন্যান্য সুবিধা থেকে তুলনামূলকভাবে পিছিয়ে রয়েছে এত বছর পরও।

আমাদের উপমহাদেশের অবস্থাও ছিল প্রায় একই রকম। এ অঞ্চলের বেশির ভাগ দাসই হয় দুর্ভিক্ষের কারণে নিজেদের বিক্রি করে দিয়েছিলেন অথবা ছিলেন নিচু শ্রেণির কিংবা হারিয়ে যাওয়া মানুষ। হিন্দু সমাজে টাকা দিয়ে কেনা দাসদের দাস/দাসী বলা হতো। মুসলিম সমাজে পুরুষ ক্রীতদাসদের নাম ছিল ‘গোলাম’ আর মেয়ে ক্রীতদাসের পরিচয় ছিল ‘বাঁদি’। আমাদের দেশের সিলেট, ময়মনসিংহ, চট্টগ্রাম আর ঢাকা অঞ্চলে ১৮৩৯ সালের আইন কমিশনের রিপোর্ট থেকে জানা যায়, ওখানকার এক-পঞ্চমাংশ মানুষই ছিল ক্রীতদাস। তবে এসব মন খারাপ করা বিষয়ের পাশাপাশি ইতিহাসে শক্তিশালী বিরোধিতার উত্থানও রয়েছে। একটি বৈপ্লবিক আন্দোলন, যা ক্রমাগতভাবে বৃদ্ধি পেয়েছিল এবং শেষ পর্যন্ত দাসপ্রথার পতন হয়েছিল। ১৭৯১ সালের ২২ ও ২৩ আগস্ট বর্তমান হাইতি ও ডমিনিকান রিপাবলিক অঞ্চলে এর বিরুদ্ধে বিক্ষোভ শুরু হয়। পরবর্তী সময়ে ব্রিটেনে ১৮০৭ সালে ও যুক্তরাষ্ট্রে ১৮০৮ সালে আফ্রিকান দাসদের মুক্তি দেওয়া হয়। আচমকা মুক্তি দেওয়া হয়েছিল, ব্যাপারটা তেমন সহজ ছিল না। দাসপ্রথা বিলুপ্তির মহানায়ক আব্রাহাম লিংকন এলেন এবং বললেন, ‘গণতন্ত্র হলো মানুষের সরকার, মানুষের দ্বারা সরকার, মানুষের জন্য সরকার।’ ব্যস, দুই মিনিটেই বদলে গেল গণতন্ত্রের সংজ্ঞা। ক্রীতদাসেরা আবেগে আপ্লুত হলো।

আব্রাহাম লিংকন ১৮৬৩ সালের কোন এক শীতের সকালে সংবিধানের ১৩তম সংশোধনীর মাধ্যমে দাসপ্রথা নিষিদ্ধ করে বিল উত্থাপন করলেন। এর পরিপ্রেক্ষিতে ১৮৬৫ সালে বিলটি পাস হয় এবং ডিসেম্বরে তা অনুমোদন করা হয়। যদিও আমাদের মহান নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মতো তাঁকেও হত্যা করা হয়।

উইলিয়াম উইলবারফোর্স, হ্যারিয়েট বিচার স্টো এবং আব্রাহাম লিংকনের মতো ব্যক্তিত্বরা প্রলয়ংকরী সাহসের সঙ্গে নেতৃত্ব দিয়েছিলেন বলে আজ আমরা দাসপ্রথামুক্ত দিবস পালন করি। তাঁদের ক্রিয়াকলাপ, রাজনৈতিক সক্রিয়তা বা শক্তিশালী সাহিত্য ইত্যাদির মধ্য দিয়ে সে সময় বিশ্ব আলোড়িত হয়েছিল। দাসত্ববিরোধী আন্দোলনের উত্তরাধিকার ইতিহাসের পাতায় সীমাবদ্ধ নয়, এর ঢেউ আধুনিক সময়েও প্রসারিত হয়েছে। নাগরিক অধিকার, সামাজিক ন্যায়বিচার ও লিঙ্গসমতার যেসব আন্দোলন হচ্ছে, এর পেছনে দাসত্ববিরোধী আন্দোলনের যে অনুপ্রেরণা রয়েছে, তা বলাই বাহুল্য। লেখক ফ্রেডরিক ডগলাস বলেছেন, ‘যখনই আমরা অত্যাচারের বিরুদ্ধে আমাদের আওয়াজ তুলি, তখনই পরিবর্তন সম্ভব হয়।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# সপ্তদিনব্যাপী শ্রীমদ ভগবত কথার শুভারম্ভ

হাওড়া, ২৪ সেপ্টেম্বর (হি.স.): হাওড়ার নয়া মন্দির, বান্ধাঘাট-এ শ্রী দিদওয়ানা নাগরিক সভার আয়োজনে সাত দিনব্যাপী শ্রীমদ ভগবত কথা অনুষ্ঠানের আনুষ্ঠানিকভাবে শুভারম্ভ হয়েছে। এ বিষয়ে তথ্য প্রদান করে সংগঠনের সভাপতি অরুণ প্রকাশ মাল্লাওয়াত বলেছেন, প্রধান যজমান নাগোরী পরিবার দ্বারা যজ্ঞচার্যজীর নির্দেশে গণেশ-গৌর্যদি শোদসামাত্রিকা-নবগ্রহ মণ্ডলের আহ্বান ও পূজার্চনা করা হয়েছে।

শনিবার বিকেলে বঙ্গেশ্বর মহাদেব মন্দির চত্বরে শোভাযাত্রা সহকারে মঞ্চে স্থাপনা করা হয়েছে ভগবতজিকে। এরপর প্রদীপ প্রজ্জ্বলন করে ভগবত কথার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। এই সময়, সুপরিচিত শিল্পপতি ও সমাজকর্মী সুধীর জি জালান, গোবিন্দ জি সারঙ্গা, মহেশ শর্মা (প্রাকৃতিক গোষ্ঠী), যুগল কিশোর কোটদিওয়াল, রমেশ লাখোটিয়া, রাজ গোপাল পানসারি, ডক্টর শ্রীবল্লভ নাগোরি এবং অরুণ প্রকাশ মাল্লাওয়াত উপস্থিত ছিলেন। এছাড়াও, বেদপতি ঋষিকুমারগণ বৈদিক মন্ত্রোচ্চারণ করেন।

প্রতিদিন বিকাল ৩টে থেকে শুরু হয়ে সন্ধ্যা ৬টা পর্যন্ত চলা এই কথামালায় উপবিষ্ট পণ্ডিত হরিশ তিওয়ারিজি তাঁর সুরেলা কণ্ঠে শ্রীমদ ভগবতজির কথা শোনাবেন। উদ্বোধনী অনুষ্ঠান পরিচালনা করেন অলকা কাকড়া।

অনুষ্ঠানে প্রধান আয়োজক পরিবারের রাজেশ নাগোরি ও নরেশ নাগোরি সহ মহানগরের অনেক বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সম্পত মান্ধানা, মনোজ কাকডা, ঈশ্বর ধিয়াওয়ালা, দীনেশ ভারুকা, দেবেন্দ্র মাহনোত, শ্যাম সুন্দর দালাল, মনোহর ভারুকা সহ নাগরিক সভার কর্মকর্তা ও কর্মীরা সক্রিয় ছিলেন।

## শিলিগুড়িতে ব্যক্তির ঝুলন্ত দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য

শিলিগুড়ি, ২৪ সেপ্টেম্বর (হি.স.) : শিলিগুড়ির বাগডোগরার ভুজিয়াপানি চা বাগান এলাকায় গাছে ঝুলন্ত অবস্থায় এক ব্যক্তির মৃতদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। মৃতের নাম পঙ্কজ সাহা (৩৬), কোচবিহারের আশ্রম পাড়ের বাসিন্দা।

জানা গেছে, রবিবার সকালে ভুজিয়াপানি চা বাগান এলাকায় একটি গাছের ডালে ঝুলন্ত অবস্থায় এক ব্যক্তির দেহ দেখতে পান স্থানীয় লোকজন। ঘটনাটি বাগডোগরা থানার পুলিশকে জানানো হয়। খবর পেয়ে বাগডোগরা থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে পাঠায়। কীভাবে ওই ব্যক্তি এই এলাকায় এল তা তদন্ত করে দেখছে বাগডোগরা থানার পুলিশ।

## শ্রীলঙ্কা ক্রিকেটে বড় ধাক্কা! বিশ্বকাপ থেকে ছিটকে গেলেন ওয়ানিন্দু হাসারাঙ্গা

কলম্বো, ২৪ সেপ্টেম্বর (হি.স.): আর মাত্র কয়েকদিন পরেই ওয়ানডে বিশ্বকাপের আসর। এর মাঝেই বড় ধাক্কা খেল শ্রীলঙ্কা দল। শ্রীলঙ্কার তারকা স্পিন বোলার ওয়ানিন্দু হাসারাঙ্গা চোটের কারণে বিশ্বকাপ থেকে ছিটকে গিয়েছেন। শ্রীলঙ্কা প্রিমিয়ার লিগে ইনজুরির জন্য দলের বাইরে ছিলেন। দলে ফিরে আবার চোট পেয়েছেন হাসরাঙ্গা। এরফলে ওয়ানিন্দু হাসারাঙ্গা দলের বাইরে চলে গেলেন। ওয়ানডে বিশ্বকাপের জন্য ২৬ সেপ্টেম্বর ভারতের উদ্দেশ্যে রওনা হবে শ্রীলঙ্কা দল। এমন পরিস্থিতিতে ওয়ানিন্দু হাসারাঙ্গার বদলি কাকে বেছে নেওয়া হবে তা নিয়েই চলছে আলোচনা নির্বাচকদের।

## রায়পুরে বৃষ্টিতে মনোরম আবহাওয়া, ভারী বৃষ্টির সঙ্গে বজ্রপাতের সম্ভাবনা

রায়পুর, ২৪ সেপ্টেম্বর (হি.স) : ছত্তিশগড়ের রায়পুরে বৃষ্টিপাতের ফলে আবহাওয়া মনোরম হয়ে উঠেছে। রবিবার সকাল থেকেই রাজধানী রায়পুরসহ ছত্তিশগড় রাজ্যের অনেক জেলায় বৃষ্টিপাত শুরু হয়েছে। রবিবার সকালে ছত্তিশগড়ের বেশ কিছু অংশে বৃষ্টির ফলে আবহাওয়া মনোরম হয়ে উঠেছে। ছুটির দিনে বৃষ্টির দরুণ কিছুটা সমস্যায় পড়লেও হঠাৎ বৃষ্টিতে আর্দতা থেকে স্বস্তি পেয়েছে মানুষ। ছত্তিশগড়ের রাজধানী রায়পুরেও রবিবার সকাল থেকে থেমে থেমে বৃষ্টি হচ্ছে।

রায়পুর ছাড়াও একইসঙ্গে ছত্তিশগড় রাজ্যের একাধিক জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর। আবহাওয়া দফতর আরও জানিয়েছে, রবিবার রাজ্যের অনেক জেলায় ভারী বৃষ্টিরাতের সম্ভাবনা রয়েছে। কোথাও কোথাও বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনার কথাও জানিয়েছে আবহাওয়া দফতর। আবহাওয়া দফতর বস্তার এবং সুরগুজা বিভাগে সর্বাধিক বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে।

## অসমে ভক্তি সহকারে পালিত শ্রীমন্ত শংকরদেবের ৫৭৫-তম আবির্ভাব তিথি, গুরুদেবের জন্মস্থান বটদ্রবায় মুখ্যমন্ত্রী



নগাঁও (অসম), ২৪ সেপ্টেম্বর (হি.স.) : অসমে শ্রদ্ধা ও ভক্তির সঙ্গে পালিত হচ্ছে আধ্যাত্মিক গুরু, সমাজ সংস্কারক মহাপুরুষ শ্রীমন্ত শংকরদেবের ৫৭৫-তম আবির্ভাব তিথি। আজ রবিবার গোটা অসম জগদগুরু শ্রীমন্ত শংকরদেবের আবির্ভাব তিথি পালন করছে। রাজ্যের বিভিন্ন প্রান্তে শহর থেকে গ্রামাঞ্চলে অবস্থিত সব সত্র ও নামঘরে ভক্তপ্রাণ মানুষ মহপুরুষের গুণানুকীর্তনে মাতাল। হরিনামের ধ্বনিতে মুখরিত রাজ্যের সত্র, নামঘর, মন্দিরগুলি। এদিকে গুরুদেবের জন্মস্থান বটদ্রবায় অনুষ্ঠিত মহোৎসবে সপার্ষদ অংশগ্রহণ করেছেন মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা।

অসমিয়া সাহিত্য-সংস্কৃতি, ধর্ম-দর্শন, সমাজ ও সংস্কৃতির মূল চালিকাশক্তি বৈষ্ণবধর্ম প্রচারক অসমের আধ্যাত্মিক গুরু শ্রীমন্ত শংকরদেবের জন্মস্থান বটদ্রবা আজ উৎসব-মুখরিত। আজ থেকে কয়েকদিন নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে চলবে ৫৭৫-তম গুরুজয়ন্তী উৎসব। সে অনুযায়ী আজ রবিবার ভোরে গুরুদেবের জন্মস্থান বটদ্রবা থানে খোল-তাল, মহিলাদের উষাকীর্তন মঞ্জিরার মধ্য দিয়ে শুরু হয়েছে দিনের কার্যক্রম। এরই মধ্যে প্রায় ৯-টা নাগাদ মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা বটদ্রবা থানে এসে সত্রাধিকারদের জন্য নবনির্মিত বিশ্রামগৃহ, অতিথিশালা, সভাগৃহ এবং কার্যালয় ঘরের শুভ উদ্বোধন করেছেন।

অন্যদিকে ভক্তিরস অমিয়া সুর গুঞ্জিত হচ্ছে রাজ্যের বস্ত্রনগরী শুয়ালকুচির প্রতিটি নামঘর ও সত্রে। বিশেষ করে শুয়ালকুচির ঐতিহাসিক তথা উত্তর অসমের একমাত্র উদাসীন সত্র ঈশ্বর শ্রীশ্রী হাটি সত্রে আজ ২৪ সেপ্টেম্বর থেকে ২৯ সেপ্টেম্বর পর্যন্ত ছয় দিন বিভিন্ন কার্যসূচির মাধ্যমে উদযাপিত হবে শ্রীশ্রী শংকবদেবের জন্মোৎসব। শুয়ালকুচির শ্রীশ্রী শংকবদেব মন্দিরে এবার গুরুজনার জন্মোৎসব উদযাপনের ১০০ বছর পূর্ণ হবে। জানা গেছে, ১৯২৩ সালে এই মন্দিরে প্রথম গুরুদেবের জন্মৎসব পালিত হয়েছিল। শতবর্ষ পূর্ণ উপলক্ষ্যে ওই মন্দিরে আজ থেকে বছর ব্যাপী বিভিন্ন কার্যসূচির মাধ্যমে উদযাপন করা হবে উৎসব। এদিকে গুরুদেবের একান্ত শিষ্য মাধবদেবের স্থাপিত ঐতিহ্যমণ্ডিত বরপেটা সত্রেও সম্পূর্ণ সত্রীয়া রীতি পরম্পরায় শংকরদেবের আবির্ভাব তিথি মহোৎসব পালিত হচ্ছে। বরপেটা সত্রে সত্রীয়া রীতি পরম্পরা অনুযায়ী আজ দিনব্যাপী কার্যসূচির মাধ্যমে পালিত শ্রীমন্ত শংকরদেবের ৫৭৫-তম জন্মোৎসব উপলক্ষ্যে সত্রের প্রধান সত্রীয়া গৌতম পাঠক ভোরে নামপ্রসঙ্গে অংশগ্রহণ করেছেন।

অন্যদিকে গুরু বন্দনায় মুখরিত সত্রনগরী মাজুলির আকাশ-বাতাসও। মাজুলির ভোগপুর, উত্তর কমলাবাড়ি, নতুন কমলাবাড়ি সত্র সহ ৩৩টি সত্র ও চার শতাধিক নামঘরে আজ রবিবার ভোররাত থেকে চারনাম চৌদ্দ প্রসঙ্গ, খোল-তাল, কীর্তনঘোঁষা, গায়ন-বায়ন, বিহার নৃত্য, ওজাপালি, গুরুদেবের অমর সৃষ্টি ভাওনা, বরগীত ইত্যাদির অমীয় সুরে মুখরিত হয়ে পড়েছে। অনুরূপভাবে গোলাঘাটের শ্রীশ্রী আটখেলিয়া বড়নামঘরে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে ভক্তকুল এসে প্রদীপ প্রজ্বলন ও শরাই (পান-তাম্বুলের অর্ঘ্য) অর্চনা করেছেন। এদিকে গোলাঘাটে শ্রীশ্রী আটখেলিয়া নামঘরেও আজ ভোর থেকে ভক্তপ্রাণ মানুষ মহপুরুষের গুণানুকীর্তনে মজেছেন। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে ভক্তকুল এসে নামঘরে প্রদীপ প্রজ্বলন করে গুরুজনার পূজার্চনা করছেন। এছাড়া নামঘরে নাগারা-নাম গেয়ে এক আধ্যাত্মিক পরিবেশ গড়ে তুলেছে ভক্তকুল। যোরহাটের ঢেকিয়াখোয়া বড়নামঘরেও শ্রীমন্ত শংকদেবের জন্মোৎসব উদযাপন করা হচ্ছে। মাধবদেব প্রতিষ্ঠিত ঐতিহাসিক ঢেকিয়াখোয়া বড়নামঘরে পরম্পরা অনুযায়ী আজ দিনজোড়া কার্যসূচির মাধ্যমে শ্রীমন্ত শংকরদেবের ৫৭৫-তম জন্মোৎসব পালন করছেন ভক্তপ্রাণ মানুষ। একইভাবে ডিব্রুগড়, তিনসুকিয়া, শিবসাগর, নগাঁও, বঙাইগাঁও প্রভৃতি জেলায় নানা কার্যসূচির মাধ্যমে সাড়ম্বরে গুরুদেবের আবির্ভাব তিথি পালিত হচ্ছে বলে খবর পাওয়া গেছে।

## গতি ও পরিকাঠামো উন্নয়নের মাত্রা ১৪০ কোটি ভারতীয়দের আকাঙ্ক্ষার সঙ্গে মিলে যাচ্ছে : প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২৪ সেপ্টেম্বর (হি.স.): গতি ও পরিকাঠামো উন্নয়নের মাত্রা ১৪০ কোটি ভারতীয়দের আকাঙ্ক্ষার সঙ্গে মিলে যাচ্ছে। বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রবিবার ৯টি বন্দে ভারত এক্সপ্রেসের উদ্বোধন করার পর প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'আজ চালু হওয়া নয়টি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনগুলি উল্লেখযোগ্যভাবে যোগাযোগ উন্নত করবে এবং সেইসঙ্গে ভারত জুড়ে পর্যটনকে উৎসাহিত করবে।' প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'গতি, পরিকাঠামো উন্নয়নের মাত্রা ১৪০ কোটি ভারতীয়দের আকাঙ্ক্ষার সঙ্গে মিলে যাচ্ছে...আজ রাজস্থান, তামিলনাড়ু, তেলেঙ্গানা, অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক, বিহার, পশ্চিমবঙ্গ, কেরল, ওড়িশা, ঝাড়খণ্ড এবং গুজরাটের মানুষ বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের সুবিধা পাচ্ছেন।

এই নতুন বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনগুলি দেশের নতুন শক্তিকে চিত্রিত করে।'

প্রধানমন্ত্রীর কথায়, '২৫টি বন্দে ভারত ট্রেন ইতিমধ্যেই চলছে, এখন আরও ৯টি যোগ হল। বন্দে ভারত ট্রেনের জনপ্রিয়তা ক্রমাগত বাড়ছে। ১,১১,০০,০০০-এরও বেশি যাত্রী ইতিমধ্যে বন্দে ভারত ট্রেনে ভ্রমণ করেছেন।' প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেছেন, 'বন্দে ভারত ট্রেনগুলিও পর্যটন ও অর্থনৈতিক কর্মকাণ্ডকে বাড়িয়েছে। বন্দে ভারত ট্রেন যেখানে পৌঁছচ্ছে সেখানে পর্যটকদের সংখ্যা বাড়ছে। এই কারণে সেখানে কর্মসংস্থানের সুযোগও তৈরি হচ্ছে।'

## বিহারে ফের বিষমদ আতঙ্ক ! মুজফরপুরে প্রাণ হারালেন দু''জন, তদন্ত শুরু পুলিশের

পাটনা, ২৪ সেপ্টেম্বর (হি.স.): বিহারে ফের বিষমদের আতঙ্ক! এবার বিহারের মুজফরপুর জেলায় বিষ মদ খেয়ে মৃত্যু হয়েছে দু''জনের। দৃষ্টিশক্তি হারিয়েছেন দু''জন। এই ঘটনায় ৩ জনকে পাকড়াও করা হয়েছে। রবিবার পুলিশ সুপার অভিষেক দীক্ষিত বলেছেন, 'আমরা খবর পেয়েছি হঠাৎ স্বাস্থ্যের অবনতি হওয়ায় দু''জনের মৃত্যু হয়েছে। প্রাথমিক তদন্তে বলা হয়েছে, তাঁরা দু''জনেই দেশীয় মদ খেয়েছিলেন। আমরা দু''নকে গ্রেফতার করেছি। আটক একজন। আরও তদন্ত চলছে।

রবিবার পুলিশ জানিয়েছে, বিহারের মুজফরপুর জেলায় বিষ মদ খেয়ে মৃত্যু হয়েছে দু''জনের। এছাড়াও দৃষ্টিশক্তি হারিয়েছেন দু''জন। এই ঘটনায় ৩ জনকে পাকড়াও করা হয়েছে। তাদের মধ্যে দু''জন গ্রেফতার। বিষমদ খেয়ে যাঁদের মৃত্যু হয়েছে, তাঁরা হলেন-উমেশ শাহ ও ধর্মেন্দ্র রাম।

## ইয়েদুরাপ্পা সকাশে কুমারস্বামীর ছেলে, সাক্ষাতের পর নিখিল বললেন আশীর্বাদ নিতে এসেছি

বেঙ্গালুরু, ২৪ সেপ্টেম্বর (হি.স.): কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও প্রবীণ বিজেপি নেতা বি এস ইয়েদুরাপ্পার সঙ্গে সাক্ষাৎ করলেন কর্ণাটকের আরও এক প্রাক্তন মুখ্যমন্ত্রী ও জেডিএস নেতা এইচ ডি কুমারস্বামীর ছেলে নিখিল কুমারস্বামী। রবিবার সকালে বেঙ্গালুরুতে ইয়েদুরাপ্পার সঙ্গে সাক্ষাৎ করেছেন এইচ ডি কুমারস্বামীর ছেলে নিখিল। সাক্ষাতের পর নিখিল বলেছেন, আমি ইয়েদুরাপ্পাজির আশীর্বাদ নিতে এসেছি।

নিখিল সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেছেন, 'আমরা সবাই জানি, জেডিএস এবং বিজেপি এখন এনডিএ জোটের একটি অংশ। সেই ভিত্তিতে ইয়েদুরাপ্পা কর্ণাটকের অন্যতম শীর্ষ নেতা। তাই আমি এখানে ব্যক্তিগতভাবে তাঁর আশীর্বাদ নিতে এসেছি। আমরা সবাই জানি যে তারা খুব ভালো বন্ধন ভাগ করে নেয়।'

## জলপাইগুড়িতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু মা ও ছেলের

জলপাইগুড়ি, ২৪ সেপ্টেম্বর (হি.স.) : জলপাইগুড়ি শহরের ১১ নম্বর ওয়ার্ডের আদরপাড়া এলাকায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হল মা এবং ছেলের। রবিবার সকালে ঘটনাটি ঘটেছে। জানা গিয়েছে, মৃত মায়ের নাম ননীবালা রায় (৫৫) এবং ছেলে টিংকু রায় (৩২)। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছোয় দমকল, পুলিশ এবং বিদ্যুত দপ্তরের কর্মীরা। টিংকুর পাকা বাড়ির গা ঘেষে রয়েছে একটি টিনের ঘর। যেখানে থাকতেন মা ননীবালা এবং টিংকুর মেয়ে।

এদিন সকালে নিজের ঘর থেকে বের হতে গিয়ে টিনের দরজায় হাত দিতেই বিদ্যুৎস্পৃষ্ট হন ননীবালা। তাঁর চিৎকারে পাশের ঘর থেকে বেরিয়ে আসেন টিংকু। মাকে পড়ে থাকতে দেখে কিছু না বুঝেই বাঁচাতে যান তিনি। সেইসময় মায়ের সঙ্গে টিংকুও বিদ্যুৎস্পৃষ্ট হন। এরপর দুজনকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক দুজনকেই মৃত বলে ঘোষণা করেন। কোতয়ালি থানার আইসি অর্ঘ্য সরকার বলেন, 'মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। ঘটনার তদন্ত করে দেখা হচ্ছে।'

## মোরাদাবাদে ৬৩৫ টি বুথে প্রধানমন্ত্রী মোদীর মন কি বাত সম্প্রচার হয়েছে

মোরাদাবাদ, ২৪ সেপ্টেম্বর (হি.স.) : উত্তরপ্রদেশের মোরাদাবাদে ভারতীয় জনতা পার্টির ৬৩৫ টি বুথে সম্প্রচারিত হয়েছে প্রধানমন্ত্রী মোদীর মন কি বাতের ১০৫ তম পর্বটি। মোরাদাবাদ মহানগরের মন কি বাত অনুষ্ঠানের ইনচার্জ সর্বেশ প্যাটেল বলেছেন, রবিবার প্রধানমন্ত্রী মোদীর মন কি বাতের ১০৫ তম পর্বটি ৬৩৫ টি বুথে সম্প্রচারিত হয়েছে। এদিন বিজেপি পশ্চিম অঞ্চলের আঞ্চলিক সাধারণ সম্পাদক হরিওম শর্মা, বিজেপি মহানগর সভাপতি ধর্মেন্দ্র নাথ মিশ্র, শহরের বিধায়ক রিতেশ গুপ্ত, মেয়র বিনোদ আগরওয়াল, বিধান পরিষদ সদস্য ডক্টর জয়পাল সিং ব্যস্ত, মোরাদাবাদে কর্পোরেশন হাউসের ডেপুটি লিডার সুরেন্দ্র বিষ্ণোই, মিউনিসিপ্যাল কর্পোরেশনের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ডক্টর গৌরব শ্রীবাস্তব, আঞ্চলিক কাম মিডিয়া ইনচার্জ, মেট্রোপলিটন সাধারণ সম্পাদক শ্যাম বিহারী শর্মা, নাথুরাম কাশ্যপ, কমল গুলাটি, দীনেশ তোফওয়াল প্রমুখ বিভিন্ন বুথে উপস্থিত ছিলেন।

## ঐতিহাসিক ও সাংস্কৃতিক স্থানগুলি বিশ্ব ঐতিহ্যবাহী স্থান হিসাবে স্বীকৃত পাওয়া ভারতেরই প্রচেষ্টা : প্রধানমন্ত্রী



নয়াদিল্লি, ২৪ সেপ্টেম্বর (হি.স.): ইউনেস্কোর ওয়ার্ল্ড হেরিটেজের তালিকায় স্থান পেয়েছে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের শান্তিনিকেতন। একই তকমা পেয়েছে কর্ণাটকের হোয়সালা মন্দির। আর তাতেই খুশি ব্যক্ত করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রবিবার মন-কি-বাত অনুষ্ঠানের ১০৫-তম পর্বে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'এটা অত্যন্ত গর্বের বিষয় যে, গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুরের সঙ্গে জড়িত শান্তিনিকেতন এবং কর্ণাটকের হোয়সালা মন্দিরকে বিশ্ব ঐতিহ্যবাহী স্থান হিসাবে ঘোষণা করা হয়েছে।

আমাদের ঐতিহাসিক ও সাংস্কৃতিক স্থানগুলি বিশ্ব ঐতিহ্যবাহী স্থান হিসাবে স্বীকৃত পাওয়া ভারতেরই প্রচেষ্টা।'

মন-কি-বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, 'আমাদের দেশে শিক্ষাকে একটি সেবা হিসেবে দেখা হয়... নৈনিতাল জেলার যুবকরা শিশুদের জন্য একটি অনন্য ''ঘোদা লাইব্রেরি'' চালু করেছে। এমনকি সবচেয়ে প্রত্যন্ত অঞ্চলেও বই পৌঁছে যাচ্ছে শিশুদের কাছে এবং শুধু তাই নয়, পরিষেবাটি একেবারে বিনামূল্যে। হায়দরাবাদের ১১ বছর বয়সী মেয়ে আকরশানা, শিশুদের জন্য সাতটি লাইব্রেরি পরিচালনা করেন। তিনি যেভাবে শিশুদের ভবিষ্যৎ গঠনে অবদান রাখছেন, তা অনুপ্রেরণাদায়ক।'

## বালুরঘাটে নিজের সার্ভিস রিভলবার দিয়ে গুলি চালিয়ে আত্মঘাতী বিএসএফ আধিকারিক

বালুরঘাট, ২৪ সেপ্টেম্বর (হি.স.) : দক্ষিণ দিনাজপুর জেলার হিলি সীমান্তের চকগোপাল বিওপিতে নিজের সার্ভিস রিভলবার দিয়ে বুকে গুলি চালিয়ে আত্মহত্যা করলেন বিএসএফ আধিকারিক! শনিবার রাতে ঘটনাটি ঘটেছে। রবিবার মৃতদেহ ময়নাতদন্ত হবে। বিএসএফ সূত্রে জানা গিয়েছে, মৃত ওই বিএসএফ আধিকারিকের নাম ওমপ্রকাশ মীনা (৪৮)। বাড়ি রাজস্থানে। তিনি বিএসএফের ১৩৭ নম্বর ব্যাটালিয়নের সাব-ইনস্পেকটর পদে নিযুক্ত ছিলেন।

চকগোপাল বিওপিতে কর্তব্যরত ছিলেন তিনি। নিজের কাছে থাকা সার্ভিস রিভলভার দিয়ে নিজের বুকে পরপর চার রাউন্ড গুলি চালান ওই আধিকারিক। গুলির আওয়াজ পেয়ে ঘটনাস্থলে যান সহকর্মীরা। রক্তাক্ত অবস্থায় মাটিতে পড়ে থাকতে দেখে তাঁকে উদ্ধার করে তড়িঘড়ি বালুরঘাট জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে চিকিৎসক তাঁকে মৃত বলে ঘোষণা করেন। খবর পেয়ে হাসপাতালে আসেন বালুরঘাট থানার আইসি শান্তিনাথ পাঁজা, বিএসএফের ঊর্ধতন আধিকারিকরা। প্রাথমিক তদন্তে অনুমান, গুলি চালিয়ে আত্মঘাতী হয়েছেন ওই বিএসএফ আধিকারিক। ঘটনার তদন্ত চলছে। রবিবার ময়নাতদন্তের পর দেহ পাঠানো হবে তাঁর বাড়ির উদ্দেশ্যে।

## দু''টি বন্দে ভারত এক্সপ্রেস পেল বাংলা, পাটনা ও রাঁচির মধ্যে আরও মসৃণ হবে যাতায়াত

কলকাতা, ২৪ সেপ্টেম্বর (হি.স.): আরও দু''টি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রা শুরু হল বাংলায়। রবিবার চতুর্থ ও পঞ্চম বন্দে ভারত এক্সপ্রেস পেল বাংলা। রবিবার হাওড়া-পাটনা ও হাওড়া-রাঁচি বন্দে ভারত এক্সপ্রেসের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। পশ্চিমবঙ্গ ও বিহার এবং পশ্চিমবঙ্গে ও ঝাড়খণ্ড প্রতিবেশী এই রাজ্যগুলির রাজধানী শহর কলকাতা এবং পটনা ও রাঁচির মধ্যে যোগাযোগ ব্যবস্থাকে আরও মসৃণ এবং দ্রুতগামী করে তুলতে তাঁদের এই উদ্যোগ বলে জানিয়েছে রেল।

এত দিন হাওড়া থেকে পাটনা পৌঁছতে সর্বাধিক দ্রুতগামী ট্রেনটির সময় লাগত আট ঘন্টা। বন্দে ভারতে মাত্র সাড়ে ছ'ঘণ্টাতেই পৌঁছনো যাবে গন্তব্যে। প্রাথমিক ভাবে জানা গিয়েছে, ৫৩২ কিলোমিটারের যাত্রাপথে মোট দশটি জেলার উপর দিয়ে যাবে বন্দে ভারত। দাঁড়াবে আসানসোল এবং জসিডি স্টেশনে। বন্দে ভারতের সর্বোচ্চ গতিবেগ ১৩০ কিলোমিটার প্রতি ঘণ্টা হলেও আপাতত ঘণ্টায় ৮২ কিলোমিটার গতিবেগে ছুটবে সেমি হাইস্পিড এই ট্রেনটি।

কাজের সুবাদে যাঁদের কলকাতা এবং পাটনার মধ্যে নিয়মিত যাতায়াত করতে হয়, তাঁদের তো বটেই, যাঁরা বেড়াতে যান, তাঁরা দ্রুত গতি স্বাচ্ছন্দ্যের জন্য বন্দে ভারতকেই বেছে নেবেন বলে মনে করছে রেল।

একইভাবে হাওড়া-রাঁচি বন্দে ভারত এক্সপ্রেসের সৌজন্যে হাওড়া থেকে রাঁচি পৌঁছতে অথবা রাঁচি থেকে হাওড়া আসতেই সুবিধা হবে বহু যাত্রীদের। ২৪ সেপ্টেম্বর সূচনা হলেও, এই ট্রেন ২৭ সেপ্টেম্বর থেকে নিয়মিত যাত্রা শুরু করবে। ২০৮৯৮ রাঁচি - হাওড়া বন্দে ভারত এক্সপ্রেস রাঁচি থেকে ভোর ৫.১৫ মিনিটে ছেড়ে ওই দিন দুপুর ১২.২০ মিনিটে হাওড়ায় পৌঁছবে। ফিরতি পথে ২০৮৯৭ হাওড়া - রাঁচি বন্দে ভারত এক্সপ্রেস হাওড়া থেকে বিকেল ৩ টে ৪৫ মিনিটে ছেড়ে ওই দিন রাত ১০টা ৫০ মিনিটে রাঁচি পৌঁছাবে। যাতায়াতের পথে উভয় দিকে মুড়ি, কোটশিলা, পুরুলিয়া, চান্ডিল, টাটানগর এবং খড়গপুর স্টেশনে থামবে।

মঙ্গলবার বাদে সপ্তাহে ৬ দিন এই বন্দে ভারত এক্সপ্রেস চলবে বলে দক্ষিণ-পূর্ব রেল সূত্রের খবর। এই ট্রেন চালু হলে ব্যবসায়ী, পর্যটক , এবং পড়ুয়ার উপকৃত হবেন এবং সংশ্লিষ্ট অঞ্চল গুলির অর্থ সামাজিক উন্নয়ন ঘটবে বলে মনে করা হচ্ছে।

## যথোচিত মর্যাদায় পালিত মহর্ষি দধীচি জন্মজয়ন্তী, ''সমাজ গৌরব'' সম্মান পেলেন সাহিত্যিক বংশীধর শর্মা

কলকাতা, ২৪ সেপ্টেম্বর (হি.স.): যথোচিত মর্যাদা এবং আনন্দ ও উল্লাসের সঙ্গে পালিত হল মহর্ষি দধীচির জন্মজয়ন্তী। মানিকতলায় মহর্ষি দধীচি ভবনে দধীচি সেবা ট্রাস্টের পৃষ্ঠপোষকতায় জন্মবার্ষিকী পালিত হয়েছে। মহর্ষি দধীচি ও মাতেশ্বরী দধিমঠির পূজার মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। পৌরহিত্য করেন সমাজসেবক আশারাম কাকড়া। ট্রাস্টের সভাপতি প্রদীপ সুন্টওয়াল এবং মন্ত্রী নারায়ণ আসোপা সবাইকে স্বাগত জানান এবং মহর্ষি জয়ন্তীর শুভেচ্ছা জানান। প্রধান বক্তা বিজয় ওঝা ত্যাগমূর্তি দধীচীর আদর্শ ও চিরন্তন ঐতিহ্যের কথা উল্লেখ করে, আজকের প্রেক্ষাপটে রক্তদান, অঙ্গ দান, দেহ দান এবং চোখ দান করে তাঁর শিক্ষা অনুসরণ করে শ্রদ্ধা জানানোর আহ্বান জানান। তিনি সর্বে ভবন্তঃ সুখিনঃ কামনা করেছেন। প্রধান অতিথি শ্রী সত্যেন্দ্র মিশ্র দধীচীর দানকে ঐতিহাসিক বলে বর্ণনা করেন। এই উপলক্ষে বিখ্যাত সমাজসেবক ও সাহিত্যিক বংশীধর শর্মা মহর্ষি দধীচি সেবা ট্রাস্ট কর্তৃক 'সমাজ গৌরব' পুরস্কারে ভূষিত হন। উপস্থিত গণ্যমান্য ব্যক্তিরা তাকে শাল, পাগড়ি, ও ফুলের মালা দিয়ে স্বাগত জানান এবং তাকে শংসাদপত্র প্রদান করেন। এই অনুষ্ঠানে বিশেষভাবে উপস্থিত শ্রী বড়বাজার কুমারসভা লাইব্রেরির চেয়ারম্যান মহাবীর বাজাজ শর্মাকে রাজস্থানী সাহিত্যের বিশেষ ঐতিহ্য হিসেবে বর্ণনা করেন।

এই উপলক্ষে মেধাবী শিক্ষার্থীদের রৌপ্য পদক ও সনদ প্রদান করা হয়। ''সিট অ্যান্ড ড্র''-এ অংশগ্রহণকারী শিশুদের পুরস্কৃত করা হয়। মেহেন্দি তৈরি প্রতিযোগিতা ও আরতি থালি সজ্জা প্রতিযোগিতায় অংশগ্রহণকারী নারীদের পুরস্কার প্রদান করা হয়। দধীচি ও মাতেশ্বরী পূজায় শ্রী মহাবীর প্রসাদ ও কৌশল্যা দেবী ভবদা বিশেষ সহযোগিতা করেছিলেন। শ্রী বিজয় কুমার রাতাওয়া, দেবকিনন্দন শর্মা, পবন কুমার দায়মা, বলকিশান ওঝা এবং অন্যান্য কর্মীরা কর্মসূচি সফল করতে সক্রিয় ভূমিকা পালন করেন।

# হরেকরকম

হরেকরকম

হরেকরকম

## পুজো মানেই নতুন পোশাক আর অনেক সাজগোজ

সামনেই পুজো। আর পুজো মানেই নতুন নতুন পোশাক আর অনেক সাজগোজ। সারা বছর খুব বেশি না সাজলেও পুজোর ক''দিন অনেকেই মুখে মেকআপ করতে ভালবাসেন। পুজোর আগে মেকআপের প্রসাধনী কেনার ধুম শুরু হয়। মেকআপের সরঞ্জামগুলির মধ্যে ফাউন্ডেশন কিন্তু ভীষণ গুরুত্বপূর্ণ। ত্বকের রঙের সঙ্গে মানানসই ফাউন্ডেশন কেনাও সহজ কাজ নয়।পুজোর আগে ফাউন্ডেশন কিনবেন? কোন কোন ফাউন্ডেশন রাখতে পারেন পছন্দের তালিকায়?



১) মেবলিন ফিট মি ম্যাট প্লাস পোরলেস ফাউন্ডেশন: পকেটসই দামে ফাউন্ডেশনের খোঁজ করছেন। তা হলে এই ফাউন্ডেশনটি কিনতেই পারেন। ভারতীয় স্কিন টোনের সঙ্গে এই ফাউন্ডেশনের সব শেডগুলিই খুব ভাল মানায়। এই ফাউন্ডেশন মিডিয়াম কভারেজ দেয়। ৬ থেকে ৭ ঘণ্টা পর্যন্ত টিকে যায়।

২) কে-বিউটি হাইড্রেটিং ফাউন্ডেশন: ভারতীয় ত্বকের সঙ্গে এই ফাউন্ডেশনটিও খুব ভাল মানায়। সদ্য বাজারে আসা এই ফাউন্ডেশনটি শৌখিনীদের বেশ পছন্দ হয়েছে। এতে রয়েছে অ্যাভোকাডো অয়েল, অলিভ অয়েল, ম্যাঙ্গো বাটার, হাইলোরুনিক অ্যাসিড, ভিটামিন ই। ত্বক আর্দ রাখতে এই ফাউন্ডেশনটি বেশ ভাল কাজ করে, ত্বকে জেল্লাও আনে। প্রায় ২০টি শেডে এই ফাউন্ডেশন পাওয়া যায়।

৩) লরিয়াল প্যারিস টু ম্যাচ ফাউন্ডেশন: ভারতীয় ত্বকের উপর এই ফাউন্ডেশনটি বেশ ভাল মানায়। এতে ভিটামিন বি ৫ ও ভিটামিন ই থাকে। ত্বকে উজ্জ্বল চকচকে ভাব আনতে চাইলে এই ফাউন্ডেশনটি ভাল বিকল্প হতে পারে।

৪) ল্যাকমে নাইন টু ফাইভ প্রাইমার প্লাস ম্যাট পারফেক্ট কভার ফাউন্ডেশন: এই একটি প্রসাধনী ব্যবহার করলেই ফাউন্ডেশন আর প্রাইমারের কাজ হয়ে যাবে। পুজোর আগে এই ফাউন্ডেশনটি আপনার পছন্দের তালিকায় রাখতেই পারেন। একাধিক শেডে এই ফাউন্ডেশনটি পেয়ে যাবেন আপনি। এটি ব্যবহার করলে ত্বক জেল্লাদার দেখায়।

৫) ল্যাকমে নাইন টু ফাইভ ওয়েটলেস মুস ফাউন্ডেশন: এই ফাউন্ডেশনটিও কিন্তু পকেটসই দামে বেশ ভাল বিকল্প। খুব বেশি মেকআপ পছন্দ না করলে এই ফাউন্ডেশন ব্যবহার করেতার উপর একটু সেটিং পাউডার দিয়ে দিলেই কাজ হয়ে যাবে।

## কী ভাবে রূপচর্চা করলে বার্ধক্যে টানটান থাকবে ত্বক?

বয়সের কোঠা ৩০ পেরোতেই শরীরের যত্নে বদল আসা জরুরি। কারণ, এই সময় থেকে সঠিক যত্নের অভাবে নানা রোগবালাই শরীরে বাসা বাঁধতে শুরু করে। তবে শুধু শরীর নয়, ত্বকের যত্নেও পরিবর্তন আনতে হবে। কাজ, পেশাগত ব্যস্ততার কারণে ত্বকের যত্নে আলাদা করে নজর দিতে পারেন না অনেকেই। দীর্ঘ দিনের অযত্ন আর অবহেলায় ত্বকের অবস্থা ক্রমশ বেহাল হতে শুরু করে।



অথচ এই বয়সে ত্বক যদি সঠিক যত্ন না পায়, তা হলেই মুশকিলে পড়তে পারেন। ৪০-এর আগেই ত্বকে বলিরেখা, মেচেতার দাগছোপ পড়ে যেতে পারে। বয়স তিরিশ পেরোলে ত্বকের খেয়াল রাখতে হবে ধাপে ধাপে। কেমন হবে সেই যত্ন?

বয়স তিরিশ পেরোলে ত্বকের খেয়াল রাখতে হবে ধাপে ধাপে।

ক্লিনজিং সপ্তাহের প্রতিটি দিন ব্যস্ততা হল অন্যতম সঙ্গী। অফিস থেকে ফিরে ক্লান্ত হয়ে পড়ে শরীর। ফলে সময় নিয়ে ভাল করে ত্বক পরিষ্কার করা হয় না। কিন্তু এমনটা করলে চলবে না। ত্বকের জন্য কিছুটা সময় রাখুন। ত্বকের যত্নের প্রথম ধাপ ক্লিনজিং। ক্লিনজার দিয়ে ভাল করে ত্বকের জমে থাকা ময়লা তুলে ফেলুন। তার পর ফেসওয়াশ দিয়ে মুখ ধুয়ে নিন।

এক্সফোলিয়েশন ত্বকের ঔজ্জ্বল্য ফিকে হয়ে যায় মরা চামড়ার জন্য। সপ্তাহভর নিজের দিকে তাকানোর সময় না পেলেও একটু সময় বার ত্বকের এক্সফোলিয়েশনে জোর দিন। তার জন্য ব্যবহার করতে পারেন বিভিন্ন স্ক্রাব। সময় থাকলে বাড়িতেও কিন্তু স্ক্রাব বানিয়ে নিতে পারেন।

ময়েশ্চারাইজিং রূপচর্চার অন্যতম ধাপ হল ময়েশ্চারাইজারের ব্যবহার। ত্বক টানটান এবং মসৃণ রাখতে ময়েশ্চারাইজার না মাখলে চলবে না। তাই রূপচর্চার রুটিন থেকে ময়েশ্চারাইজার বাদ দিলে চলবে না। বরং ময়েশ্চারাইজিংয়ের প্রতি বাড়তি নজর দিতে হবে।

ফেস মাস্কের ব্যবহার

ব্রণর সমস্যা রয়েছে অনেকেরই। অথচ ব্রণর মোকাবিলা করা সহজ এক দিনের চেষ্টায় ব্রণ চলে যাবে না। তবে ফেস মাস্ক এ ক্ষেত্রে বেশ কার্যকর। ত্বকের আর্দতা ধরে রাখতেও ফেস মাস্কের গুরুত্ব রয়েছে। ৩০-এর পর এ ব্রণর সমস্যা যাতে বাড়াবাড়ি আকার ধারণ করতে না পারে, তার জন্য রূপচর্চার চতুর্থ ধাপ হতে পারে ফেস মাস্কের ব্যবহার। পর্যাপ্ত ঘুম ত্বকের যত্ন শুধু বাইরে থেকে নিলে চলবে না। ভিতর থেকে ত্বকের খেয়াল রাখতে হবে। সেটা করতে শুধু ছুটে বেড়ালে চলবে না। পর্যাপ্ত বিশ্রামও নিতে হবে। ক্লান্তির ছাপ যদি ত্বকে থাকে, তা হলে কোনও প্রসাধনী ব্যবহার করেই লাভ হবে না।

## সাত উপাদান: চায়ে মেশালেই রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়বে

পুজোর সময়ে সুস্থ থাকতে গেলে সঠিক ভাবে শরীরের যত্ন নিতে হবে। সামান্য ঠান্ডা লাগা, আবহাওয়ার পরিবর্তনে জ্বর, সর্দি, কাশি এ তো নিত্যদিন লেগেই রয়েছে। তবে ইদানীং ভাইরাস বা ব্যাক্টেরিয়া ঘটিত রোগেরও বাড়বাড়ন্ত হয়েছে। তাদের সঙ্গে লড়াই করতে গেলে মুঠো মুঠো ওযুধ খেলেই হবে না। শরীরের নিজস্ব রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়িয়ে তুলতে হবে।



দিনের শুরুটা যদি ভিটামিনের ডোজ দিয়ে হয়, তবে মন্দ হয় না। সাধারণ চায়ে কয়েকটি উপকরণ মেশালেই তা প্রয়োজনীয় ভিটামিনের ঘাটতি পূরণ করতে পারে।

১) লেবুর রস- দুধ চায়ে লেবুর রস দেওয়ার প্রশ্নই ওঠে না। তাই দুধ এবং চিনি ছাড়া লিকার চায়ে লেবুর রস দিয়ে খাওয়াই দস্তুর। লেবুর রসে যথেষ্ট পরিমাণ ভিটামিন সি রয়েছে। বিপাকহার বাড়িয়ে তোলার পাশাপাশি সংক্রমণজনিত সর্দি-কাশির হাত থেকেও আরাম দিতে পারে লেবু-চা।

২) আদা- সর্দি-কাশি বা গলা ব্যথা হলে চায়ে আদা দিয়ে খেয়ে থাকেন অনেকেই। আদার গন্ধে যে শুধু চায়ের স্বাদ বৃদ্ধি পায়, তা নয়। সঙ্গে চায়ের পুষ্টিগুণও বেড়ে যায়। কারণ, আদাতেও রয়েছে ভিটামিন সি। শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়িয়ে তুলতে আদা যথেষ্ট গুরুত্বপূর্ণ।

৩) তেজপাতা- তেজপাতায় রয়েছে ভিটামিন এ, ভিটামিন সি এবং ভিটামিন বি৬। তেজপাতার গন্ধে মন একেবারে তরতাজা হয়ে ওঠে। পাশাপাশি চায়ের পুষ্টিগুণও বেড়ে যায় অনেকখানি।

৪) দারচিনি- দারচিনিতে রয়েছে ভিটামিন বি এবং ভিটামিন কে। শরীরে স্নায়ুর কার্যকারিতা ভাল রাখতে, পেশির গঠন মজবুত করতে এবং শারীরবৃত্তীয় নানা কাজে সাহায্য করে ভিটামিন বি। ভিটামিন কে প্রতিরোধ ক্ষমতা বাড়িয়ে তুলতে সাহায্য করে। চায়ের মধ্যে একচিমটে দারচিনির গুঁড়ো দিলে তা স্বাদে-গন্ধেও হয়ে ওঠে অতুলনীয়।

৫) লবঙ্গ- চায়ের পুষ্টিগুণ এক ধাক্কায় অনেকটা বাড়িয়ে তুলতে পারে লবঙ্গ। কারণ, এই মশলাতেও ভিটামিন সি-এর পরিমাণ অনেকটাই বেশি। এ ছাড়াও লবঙ্গে যে পরিমাণ ম্যাঙ্গানিজ থাকে, তা মস্তিষ্কের স্নায়ুর কাজকর্ম পরিচালনা করার জন্য প্রয়োজনীয়। লবঙ্গের অ্যান্টি-ইনফ্লেমেটরি উপাদান প্রদাহ কমায়। সর্দি, কাশিতেও আরাম দেয়।

৬) গোলমরিচ- গোলমরিচের মধ্যে রয়েছে ভিটামিন কে, এ, সি এবং বি। ঠান্ডা লাগার হাত থেকে রক্ষা পেতে চায়ে গোলমরিচ দিয়ে খাওয়ার চল বহু পুরনো। এ ছাড়াও আয়রন, ক্যালশিয়াম, পটাশিয়াম, ম্যাগনেশিয়াম, জিঙ্কের মতো খনিজ রয়েছে গোলমরিচে। এক কাপ গোলমরিচ দেওয়া চা যেমন রোগ প্রতিরোধ শক্তি বাড়িয়ে তুলতে সাহায্য করে, তেমনই বিপাকহার উন্নত করতেও এর জুড়ি মেলা ভার।

৭) হলুদ- এক চিমটে হলুদ দুধ কিংবা চায়ে মিশিয়ে খেলে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি পায়। কারণ, হলুদে রয়েছে ভিটামিন বি এবং সি। সঙ্গে হলুদের অ্যান্টি-ইনফ্লেমেটরি উপাদান সংক্রমণজনিত রোগ নিয়ন্ত্রণে রাখতেও সাহায্য করে।

## ব্যথা নিরাময়ে সাহায্য করে আসন

পুজোয় সারা শহর চষে ঠাকুর দেখতে গেলে পা-কোমরে এখন থেকেই শান দিতে হবে। সঙ্গে আবার হিল জুতো পরার ঝক্কিও আছে। বহু দিনই কোমরের ব্যথায় ভুগছেন। তাই শখে এক-দু'দিন উঁচু হিল জুতো পরেন। পা, কোমরে ব্যথা হবে জেনেও সায়মিক লম্বা দেখানোর লোভ সামলাতে পারেন না। কোমর থেকে সেই ব্যথা কখনও কখনও ঘাড় বা কাঁধেও পৌঁছে যায়।

ঘাড় ঘোরাতে গেলে অদ্ভুত অস্বস্তি হয়। তবে এই সব সমস্যার কাবু হতে পারে গড়ুরাসন অভ্যাস করলে। নিয়মিত এই আসন অভ্যাস করতে পারলে আর কী কী ফল মেলে জানেন? এই আসন অভ্যাস করার উপকারিতা একটানা ঘাড় গুঁজে কাজ করার ফলে অনেক সময়েই কাঁধে, পিঠে এবং কোমরে ব্যথা হয়। এই ধরনের ব্যথা নিরাময়ে সাহায্য করে গড়ুরাসন। এ ছাড়া, কোমর এবং পায়ের পেশি মজবুত করতে, পেশির নমনীয়তা ফিরিয়ে আনতেও সাহায্য করে। যাঁরা শরীরে ভারসাম্য রাখতে না পেরে পড়ে যান, তাঁদের জন্যও এই আসন যথেষ্ট কার্যকরী। অনেকের মতে, কিডনি থেকে দূষিত পদার্থ বার করতেও সাহায্য করে গড়ুরাসন।

কী ভাবে করবেন গড়ুরাসন?

এই ব্যায়ামটি দাঁড়িয়ে বা বসে দু''ভাবেই করতে পারেন। প্রথমে চেয়ারে বসুন। তার পর সামনের দিকে দু'টি হাত তুলে ধরুন। এ বার একটি হাত আর একটি হাতের তলা দিয়ে এমন ভাবে পেঁচিয়ে একত্রিত করুন, যেন প্রণামের ভঙ্গিতে রাখতে পারেন। চেয়ারে বসেই ডান পা দিয়ে বাঁ পাটিকেও পেঁচিয়ে রাখুন। এই ভাবে দিনে অন্তত পক্ষে ৫ বার ৫ মিনিট করে অভ্যাস করুন।

যদি দাঁড়িয়ে এই আসন অভ্যাস করতে চান, সে ক্ষেত্রে প্রথমে মাটিতে সোজা হয়ে দাঁড়ান। তার পর সামনের দিকে দু'টি হাত তুলে ধরুন। এ বার একটি হাত আর একটি হাতের তলা দিয়ে এমন ভাবে পেঁচিয়ে একত্রিত করুন, যেন প্রণামের ভঙ্গিতে রাখতে পারেন। ডান পায়ের হাঁটু ভাঁজ করে বাঁ পায়ের উপর দিয়ে পেঁচিয়ে নিন। এই অবস্থানে থাকুন মিনিট দুয়েক।

গড়ুরাসন করার সময়ে কোন ভুল এড়িয়ে চলবেন? যে আসনই অভ্যাস করুন না কেন তার ভঙ্গি যেন সঠিক হয়, সেই দিকে লক্ষ রাখতে হবে। না হলে শুধু সময় ব্যয় হবে, কোনও ফল মিলবে না। গড়ুরাসন করতে গেলে দেহের সঙ্গে দুই বাহু, পা এবং উরুর অবস্থান সম্পর্কে স্পষ্ট ধারণা থাকা জরুরি। সঙ্গে পিঠ এবং কোমর রাখতে হবে টান করে। যদি কোনও আসন করার অভ্যাস না থাকে সে ক্ষেত্রে প্রথমেই গড়ুরাসন অভ্যাস করতে না যাওয়াই ভাল। কারা এই আসন করবেন না? ঘাড়, পিঠ এবং কোমরের ব্যথা কমাতে সাহায্য করে গড়ুরাসন। তবে কারও যদি ঘাড়ে বা কোমরে পুরনো কোনও চোট বা আঘাত থাকে, তবে প্রশিক্ষকের সাহায্য ছাড়া এই আসন একেবারেই অভ্যাস করা যাবে না। এ ছাড়া, উচ্চ রক্তচাপের সমস্যা থাকলে যে কোনও যোগাসন করার আগে চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

## পাঁচ বীজ: রোজ খেলে ঝলমল করবে ত্বক আর চুল

পুজোর আগে যদি খানিকটা মেদ ঝরিয়ে ফেলা যায়, সেই উদ্দেশ্যেই পুষ্টিবিদের কাছে ছুটেছিলেন। এখনকার পুষ্টিবিদেরা বলেন, সাধরাণ বাড়ির খাবার খেয়েই রোগা হওয়া যায়। সেই মতেই খাবারের লিস্ট তৈরি করে দিয়েছেন তিনি। তবে সাধারণ খাবারের সঙ্গে একগুচ্ছ বাদাম এবং বীজ খাওয়ার কথাও লিখেছেন। ভাত, রুটি যা-ই খান, সঙ্গে সেই সমস্ত বীজও খেতে হবে নিয়মিত। নতুন কর্মব্যস্ত জীবনধারার সঙ্গে খাপ খাইয়ে উঠতে গেলে চিয়া বীজ, তিসি, সূর্যমুখী ফুলের বীজ বা কুমড়ো ফুলের বীজের মতো কিছু জিনিসকে নিত্যসঙ্গী করে ফেলতে হবে। কোন বীজের কী উপকার তা জানা আছে?



১) চিয়া বীজ

ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড, ফাইবার এবং অ্যান্টি-অক্সিড্যান্টের গুণে ভরপুর চিয়া বীজ হার্ট ভাল রাখতে সাহায্য করে। রক্তে খারাপ কোলেস্টেরলের মাত্রা কমিয়ে ধমনী দেওয়ালে জমে থাকা চটচটে পদার্থ সহজেই শরীর থেকে বার করে দেয়। হজমের সমস্যা থাকলে তা-ও নিয়ন্ত্রণে রাখে এই বীজ। যাঁরা পুজোর আগে ওজন ঝরানো নিয়ে চিন্তায় রয়েছেন, তাঁরাও কম ক্যালোরির খাবার হিসাবে চিয়াবীজকে সঙ্গী করতেই পারেন। ২৮ গ্রাম চিয়া বীজে ক্যালোরির পরিমাণ মাত্র ১৩৭।

২) তিসি

চিয়ার মতো ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিডের আরও একটি গুরুত্বপূর্ণ উত হল ফ্ল্যাক্সসিড বা তিসি। তিসিতে রয়েছে লিগনান্স নামক অ্যান্টি-অক্সিড্যান্ট। বিভিন্ন গবেষণায় দেখা গিয়েছে, এই লিগনান্স বহু ক্ষেত্রে ক্যানসার প্রতিরোধক হিসাবে কাজ করেছে। ১গ্রাম ফ্ল্যাক্সসিডে ক্যালোরির পরিমাণ ১৫২।

৩) সূর্যমুখী ফুলের বীজ

নানা ধরনের ভিটামিন এবং খনিজ রয়েছে সূর্যমুখী ফুলের বীজে। হৃদ্রোগ সংক্রান্ত ঝুঁকি কমাতে সহায়তা করে এই বীজ। ভিটামিন ই এবং অ্যান্টি-অক্সিড্যান্ট যে কোনও ধরনের মারণরোগের সঙ্গে মোকাবিলা করতে সাহায্য করে। উচ্চ রক্তচাপ, কোলেস্টেরল ও রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে রাখে এই বীজ।

৪) কুমড়োর বীজ

কুমড়োর বীজ প্রোটিন, ওমেগা-৬ জাতীয় ফ্যাটি অ্যাসিডের গুরুত্বপূর্ণ উত। ভিটামিন ও খনিজের গুণে সমৃদ্ধ এই বীজে রয়েছে নানা ধরনের পুষ্টিগুণ। ডায়াবিটিস থেকে রক্তচাপ সবই নিয়ন্ত্রণে রাখতে সাহায্য করে এই বীজ। অনিদ্রাজনিত সমস্যা এখন অনেকেরই চিন্তার কারণ। ম্যাগনেশিয়ামে সমৃদ্ধ এই বীজ খাবারের তালিকায় রাখলে ঘুমের সমস্যাও দূরে থাকে। মেনোপজ অর্থাত ঋতুবন্ধের পর স্তন ক্যানসারে আক্রান্ত হওয়ার ঝুঁকিও কমায় কুমড়োর বীজ। ২৮গ্রাম কুমড়ো বীজে ক্যালোরির পরিমাণ মাত্র ১৫১।

৫) তিল

ক্যালশিয়াম, ম্যাগনেশিয়াম এবং আয়রনে ভরপুর সাদা তিল। এ ছাড়াও, তিলের মধ্যে রয়েছে লিগনান্স নামক একটি অ্যান্টি-অক্সিড্যান্ট, যা শরীরে হরমোনের ভারসাম্য বজায় রাখতে সাহায্য করে। হরমোনের তারতম্যের মহিলাদের যে ধরনের সমস্যা হয়, তা-ও নিয়ন্ত্রণে রাখে। ২৮ গ্রাম তিলে ক্যালোরির পরিমাণ ১৬০।

## ৫ নিয়ম মাথায় না রাখলে জামা পরিষ্কার হবে না

অফিস তো আছেই, তা ছাড়া ব্যক্তিগত প্রয়োজনেও রোজ বাইরে বেরোতে হয়। বৃষ্টি, জলকাদা, ঘামে ভেজা পোশাক দিনের দিন কেচে না দেওয়া ছাড়া উপায় নেই। ফেলে রাখলেই পোশাক থেকে বাজে গন্ধ বেরোতে শুরু করে। তা ছাড়া, নোংরা পোশাক জড়ো করে রাখলে জমতে জমতে পোশাকের পাহাড় হয়ে যায়। অনেকেই ওয়াশিং মেশিনের বদলে হাতেও জামাকাপড় কাচেন।



জামাকাপড় কাচার সময়ে কয়েকটি বিষয় মাথায় রাখলে পোশাক দীর্ঘস্থায়ী হবে। ১) সব ডিটারজেন্ট একই রকম কার্যকর হয় না। কেনার সময়ে দেখে নিন সেটি ''মাল্টিপারপাস ডিটারজেন্ট'' কি না। সেই ডিটারজেন্ট দিয়ে কাপড় কাচলে দাগ ওঠে আবার পোশাকের ক্ষতিও হয় না। বিশেষ করে জামার কলারের অংশ সব সময়ে পরিষ্কার হতে চায় না। ২) অনেকে মনে করেন বেশি ডিটারজেন্ট ব্যবহার করলেই জামা দারুণ পরিষ্কার হবে। এ ধারণা ভুল। বরং এতে পোশাকের ক্ষতি হতে পারে। তাই জামাকাপড় কাচার সময়ে কতটা ডিটারজেন্ট ব্যবহার করছেন, সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ৩) জিন্স, টি-শার্টের রং খুব অল্পতেই মলিন হয়ে যায়। তাই এই ধরনের পোশাক কাচার সঙ্গে সেগুলি উল্টো করে কাচুন। এতে কাপড় ও রং দু'টোই ভাল থাকে দীর্ঘ দিন। ৪) ওয়াশিং মেশিনের ড্রায়ারে ভিজে জামা ঢোকানোর আগে সেগুলিকে ভাল করে ঝাঁকিয়ে জল ঝরিয়ে নিন।। এতে কাপড়ের মান ভাল থাকবে। সহজে কুঁচকেও যাবে না। ৫) সারা সপ্তাহ পোশাক কাচার সময় পাননি। জামাকাপড় জমে জমে পাহাড় হয়েছে। ছুটির দিনে তাই সবগুলি একসঙ্গে ওয়াশিং মেশিনে ঢুকিয়ে দিলেন। এমন কখনও করবেন না। যন্ত্র হলেও একসঙ্গে অনেক পোশাক কাচলে তা ঠিক মতো পরিষ্কার হয় না।

## শরীর ভাল রাখতে পাতিলেবুর জুড়ি মেলা ভার

শরীর ভাল রাখতে পাতিলেবুর জুড়ি মেলা ভার। ওজন ঝরানো থেকে বমি বমি ভাব কাটানো, সবেতেই পাতিলেবু জনপ্রিয়। পাতিলেবুতে থাকা ভিটামিন সি, অ্যান্টি-অক্সিড্যান্ট ভিতর থেকে ফিট থাকতে সাহায্য করে। গ্রীষ্মে পাতিলেবুর জল খেলে শরীর ঠান্ডা থাকে। তা ছাড়া, সারা বছরই শরীর ঠান্ডা রাখতে পাতিলেবুর জল খাওয়া যেতে পারে।

কোমরের মেদ কমাতেও অনেকে ঈষদুষ্ণ জলে পাতিলেবুর রস মিশিয়ে খান। শরীরের পাশাপাশি রূপচর্চাতেও সমান উপকারী পাতিলেবু। পাতিলেবুর এত গুণ থাকা সত্ত্বেও কয়েকটি খাবারের সঙ্গে এটি এড়িয়ে চলা জরুরি। না হলে সুফল পাওয়ার বদলে শারীরিক নানা সমস্যা দেখা দিতে পারে।

দই পাতিলেবু তো বটেই, দইয়ের সঙ্গে কোনও সাইট্রাসজাতীয় ফল খেলেই শরীরে টক্সিনের পরিমাণ বৃদ্ধি পায়।



এর ফলে অ্যালার্জির সমস্যা দেখা দেয়। সেই সঙ্গে মাথাব্যথা, শ্বাসকষ্টের মতো সমস্যা হওয়ারও আশঙ্কা আছে। তাই পাতিলেবুর সঙ্গে কিংবা পরে কখনও দই খাওয়া ঠিক নয়।

দুগ্ধজাত খাবার

দুধের সঙ্গে লেবুর মতো অস্বাস্থ্যকর জুটি আর হয় না। দুধের মধ্যে পাতিলেবু দিলে যেমন নষ্ট হয়ে যায়, তেমনই দু'টি খাবারই একসঙ্গে খেলে পেটে মারাত্মক গোলমাল দেখা দিতে পারে। লেবুতে থাকা সাইট্রিক অ্যাসিড হজম সংক্রান্ত নানা সমস্যার সৃষ্টি করে। তাই দুধের সঙ্গে আর যাই খান, কখনও লেবু খাবেন না। টোম্যাটো স্যালাডে অনেক সময়ে টোম্যাটো এবং পাতিলেবু একসঙ্গে থাকে। তবে অনেকেই হয়তো জানেন না, এই দুয়ের জুটি কিন্তু মারাত্মক প্রভাব ফেলতে পারে শরীরে। দু'টিতেই অ্যাসিডের পরিমাণ বেশি। ফলে একসঙ্গে বেশি অ্যাসিড শরীরে প্রবেশ করলে হজমের গোলমাল থেকে কোষ্ঠকাঠিন্য নানা সমস্যা হতে পারে। তাই এই বিষয়ে খানিক সতর্ক থাকা জরুরি।

## মুরগি ভাপা, রেসিপি

বাড়িতে মুরগি এলেই হয় লাল ঝোল, না হয় কষা খেতে খেতে অরুচি এসে যায় কখনও কখনও। স্বাদবদল করতে নতুন নতুন রেসিপির খোঁজ করছেন? ইলিশ কিংবা চিংড়ি দিয়ে ভাপা পদ তো অনেক খেয়েছেন তবে মুরগি ভাপা কি খেয়েছেন কখনও? অল্প সময় করে সুস্বাদু কিছু বানাতে হলে বানিয়ে ফেলতে পারেন মুরগি ভাপা। রইল রেসিপি।

উপকরণ:

হাড় ছাড়া মুরগির মাংস: ৫০০ গ্রাম

পোস্ত বাটা: ৩ টেবিল চামচ

সর্ষে বাটা: ২ টেবিল চামচ

কাঁচা লঙ্কা: ৫-৬টি

কাজু বাটা: ১ টেবিল চামচচ

লঙ্কা গুঁড়ো: ১ চা চামচ

হলুদ গুঁড়ো: ১ টেবিল চামচ

দই: ২ টেবিল চামচ

পেঁয়াজ কুচি: ২০০ গ্রাম

রসুন বাটা: ১ চা চামচ

সর্ষের তেল: ২ টেবিল চামচ

নুন ও চিনি: স্বাদমতো

প্রণালী:

প্রথমে মিক্সিতে সর্ষে, পোস্ত, কাজুবাদাম, কাঁচা লঙ্কা অল্প জল দিয়ে বেটে নিন। যে পাত্রে আপনি ভাপা চিকেন বসাবেন সেই পাত্রে লঙ্কা গুঁড়ো, হলুদ গুঁড়ো, টক দই, সর্ষের তেল এবং স্বাদ মতো নুন দিন। সঙ্গে যোগ করুন বাটা মশলাগুলিও। এ বার সব একসঙ্গে ভাল করে মিশিয়ে তার মধ্যে মাংসের টুকরোগুলি দিয়ে ভাল করে মাখিয়ে আধ ঘণ্টা রেখে দিন। একটি কড়াইতে অল্প তেল গরম করে এর পর ওই তেলেই পেঁয়াজ কুচি, রসুন বাটা হালকা ভেজে নিন করে নিন। এ বার মিশ্রণটি মাংসের সঙ্গে মিশিয়ে নিন। শেষে পাত্রের মুখ বন্ধ করে প্রেসার কুকারে অল্প জল দিয়ে পাত্রটি বসিয়ে গ্যাস জ্বালিয়ে নিন এবং দু-তিনটি হুইশল পরা পর্যন্ত অপেক্ষা করুন। গরম ভাত কিংবা পোলাওয়ের সঙ্গে পরিবেশন করুন ভাপা চিকেন।



# ভারতে কোভিড-সংক্রমণ কমে পৌঁছল ৬২-তে; ২৪ ঘন্টায় সুস্থ ৫৯ জন, মৃত্যু ফের শূন্য



নয়াদিল্লি, ২৪ সেপ্টেম্বর (হি.স.): ভারতে ৫০০-র নীচেই রয়েছে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা। পাশাপাশি বিগত ২৪ ঘন্টায় কমেছে দৈনিক সংক্রমণের সংখ্যা, দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন ৬২ জন। শনিবার সারাদিনে ভারতে করোনায় মৃত্যু হয়নি কারও। এই সময়ে সুস্থ হয়েছেন ৫৯ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা এই মুহূর্তে মাত্র ৪৬৯ এবং মৃত্যুর সংখ্যা ৫,৩২,০৩১। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, রবিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৬৬,০২৫ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২৩ সেপ্টেম্বর সারা দিনে ভারতে ২১,৫২১ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। টিকা প্রাপকের সংখ্যা বেড়ে ২২০,৬৭,৭০,৯৩৪-তে পৌঁছেছে।

## রাস্তা সংস্কারের দাবী জানিয়ে অবরোধে তৃণমূল নেতার

বাঁকুড়া, ২৪ সেপ্টেম্বর (হি.স.) : বিজেপি বিধায়ককের পর এবার রাস্তা সংস্কারের দাবী জানিয়ে দলবল নিয়ে অবরোধে নামলেন তৃণমূল নেতা তথা জেলা পরিষদ সদস্য মানিক মাজি। বাঁকুড়ার মেজিয়া শিল্পাঞ্চলের গ্রামীণ রাস্তাঘাটের যে বেহাল দশা হয়েছে তা কয়েক সপ্তাহ আগে ঝুড়ি কোদাল নিয়ে রাস্তা সারাইয়ের কাজ করে চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছেন শালতোড়ার বিধায়ক দম্পতি। এবার রাস্তার বেহাল দশার কারনে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখালেন শাসকদলেরই জেলা পরিষদ সদস্য মানিক মাজি।

এদিন তিনি কর্মী সমর্থক নিয়ে গঙ্গাজলঘাটি থানার ভদরা থেকে বড়শাল যাওয়ার রাস্তা অবরোধ করে একটি কারখানার পন্যবাহী যানবাহন গুলি আটকে রাখেন। মানিক মাজির দাবি ভদরা এলাকায় জিপিটি কাস্টিং লিমিটেড নামে যে কারখানা রয়েছে। তাদের মালপত্র নিয়ে ভারী ভারী যানবাহন চলাচলের ফলেই রাস্তার এই হাল হয়েছে। অবিলম্বে কারখানা কর্তৃপক্ষকে রাস্তা সংস্কার করে দিতে হবে। তার দাবি এই রাস্তার কাজ পথশ্রী প্রকল্পে বেশ কিছুদিন ধরে চলছে। কিন্তু কারখানার গাড়ির চাপে তা ভেঙে পড়েছে। তাই এই রাস্তা কর্তৃপক্ষকে সংস্কার করে দিতে হবে। শাসকদলের নেতার এহেন প্রতিবাদে অভিসন্ধি খুঁজে পেয়েছেন বিজেপি বিধায়ক চন্দনা বাউরি।

তিনি বলেন তার গ্রামের বাড়ি গঙ্গাজলঘাটির কেলাই গ্রামে। সেকারনে তার গ্রামের রাস্তা সংস্কার করেনি পঞ্চায়েত সমিতি। বাধ্য হয়ে তিনি নিজের টাকা দিয়ে মোরাম ও ক্রাশার ডাস্ট নামিয়ে স্বামী স্ত্রী মিলে নিজেরাই রাস্তা সারাই করেছি। কিন্তু দুর্লভপুর-বড়জোড়া শিল্প করিডোরের ভদরা মোড় থেকে বড়শাল যাওয়ার বেহাল এই রাস্তা সংস্কারের ব্যপারে শাসক দলের নেতার নেতৃত্বে অবরোধ হলে তার দাবীর সত্যতা প্রমাণিত হয়। চন্দনা বাউরির দাবি ওই রাস্তা সংস্কারের কাজ তো শাসক দলের প্রশাসনের করা উচিত। কারখানার জন্য কয়েক শো মিটার ভাঙতে পারে। তাহলে বাকি ৫ কিমি রাস্তা বেহাল হল কি ভাবে? এই প্রশ্নের উত্তর তৃণমূল নেতাদের।কাছে।এই প্রশ্নের উত্তর দাবী করেছেন বিজেপির বিধায়ক চন্দনা বাউরী। এদিনের বিক্ষোভের কারন সম্পর্কে তার অভিমত , মানিক মাজি এবার জেলা পরিষদের সদস্য নির্বাচিত হয়েছেন। তৃনমূলের নেতা হলেই তোলাবাজি করতে হবে। তাই ওই কারখানা থেকে তোলা তোলার জন্যই এদিন রাস্তা আটকে বিক্ষোভ দেখিয়েছেন।

এদিন সকাল থেকেই কারখানার গেটের সামনে মানিক মাজির নেতৃত্বে অবরোধ করে গ্রামবাসীরা বিক্ষোভ দেখান।

## লাগাতার বৃষ্টিতে জলমগ্ন উত্তরবঙ্গের একাধিক জেলা

জলপাইগুড়ি,২৪ সেপ্টেম্বর (হি.স.) : লাগাতার বৃষ্টির জেরে জলমগ্ন উত্তরবঙ্গের একাধিক জেলা। ব্যহত হয়েছে স্বাভাবিক জনজীবন। বিভিন্ন শহরের প্রায় কয়েক হাজার মানুষ গৃহবন্দি হয়ে পড়েছে। পাশাপাশি টানা বর্ষণের জেরে সিকিমগামী ১০ নম্বর জাতীয় সড়কের একাংশ ধসে যায়। ফলে সাময়িকভাবে ওই রাস্তা দিয়ে যান চলাচল বন্ধ করে দিতে হয়।

অন্যদিকে, ভারি বর্ষণে জলমগ্ন গঙ্গারামপুর শহর। কার্যত গৃহবন্দি পড়েছেন শহরের হাজার হাজার মানুষ। পুরসভার তরফে তাঁদের উদ্ধার করে নিয়ে যাওয়া হচ্ছে নিরাপদ জায়গায়। ইতিমধ্যে প্রায় শতাধিক মানুষ আশ্রয় নিয়েছে স্টেডিয়ামে। টানা বৃষ্টির জেরে শহরের দোকানপাট বন্ধ। অধিকাংশ দোকানপাট বন্ধ ও বাজার বন্ধ থাকায় চরম সমস্যার সম্মুখীন হয়েছেন শহরবাসী। ভারী বর্ষণের ফলে গঙ্গারামপুরের একাধিক পুজো মণ্ডপ ডুবে গিয়েছে। বৃষ্টির জলে ভাসতে শুর করেছে মন্ডপ সাজিয়ে তোলার সামগ্রী।

পাশাপাশি বৃষ্টিতে জলমগ্ন মালদা শহর। শনিবার রাতে ঘণ্টা তিনেকের বৃষ্টিতে জলমগ্ন হয়ে পড়ে মালদা। এদিকে মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে জমা জলের মধ্যে দিয়েই রোগীদের মেডিকেলে নিয়ে আসা এবং জলমগ্ন ওয়ার্ডে রোগীদের চিকিৎসাধীন অবস্থায় দেখা যায়। একটানা ভারী বৃষ্টির ফলে জলমগ্ন রায়গঞ্জ শহর। রাস্তার ওপর দিয়ে বইছে জল। বাড়িতে জল ঢুকে পড়ায় অনেকে বাড়ি ছেড়ে অন্যত্র চলে আশ্রয় নিয়েছে। রায়গঞ্জ শহরের এই অবস্থার জন্য রায়গঞ্জ পৌরসভার ব্যর্থতাকে দায়ী করছেন বাসিন্দারা। অভিযোগ, ভোটের আগে মাস্টার প্ল্যানের কথা বললেও আজ পর্যন্ত তা কার্যকরী না হওয়ায় সারা বছর ভুগতে হচ্ছে শহরবাসীকে।

## উলহাসনগর ট্যাঙ্কার বিস্ফোরণ ঘটনায় তিনজনের বিরুদ্ধে মামলা দায়ের

মুম্বই, ২৪ সেপ্টেম্বর (হি.স) : রবিবার উলহাসনগর ট্যাঙ্কার বিস্ফোরণের ঘটনায় কোম্পানির মালিক, ম্যানেজার এবং ট্যাঙ্কার চালকের বিরুদ্ধে মামলা দায়ের করেছে পুলিশ। শনিবার বিকেলে মহারাষ্ট্রের থানের উলহাসনগর শহরের সেঞ্চুরি কোম্পানিতে প্রচণ্ড বিস্ফোরণে ৪জন শ্রমিকের মৃত্যু হয়। ট্যাঙ্কার বিস্ফোরণে চারজনের মৃত্যুর ঘটনায় এখনও কাউকে গ্রেফতার করা যায়নি। কিন্তু রবিবার কোম্পানির মালিক, ম্যানেজার এবং ট্যাঙ্কার চালকের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

পুলিশ জানায়, শনিবার উলহাসনগর এলাকায় সেঞ্চুরি রায়ান নামের একটি কোম্পানিতে ট্যাঙ্কারে বিস্ফোরণ ঘটে। এই ঘটনায় চারজনের মৃত্যু হয়েছে, যার মধ্যে তিনজনের পরিচয় পাওয়া গেছে, আর একজন নিহতের পরিচয় এখনও পাওয়া যায়নি। আহতদের সকলে কল্যাণের সিভিল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। কোম্পানির মুখপাত্র মেহুল লালকা জানায়, এই ঘটনায় নিহতদের এক পরিবারকে চাকরি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়া নিহতের পরিবারের সদস্যদেরও ক্ষতিপূরণ দেবে কোম্পানি। এই ঘটনায় আহত ছয়জনকেই কোম্পানির পক্ষ থেকে চিকিৎসার খরচ দেওয়া হচ্ছে।উলহাসনগর বিভাগের সহকারী পুলিশ কমিশনার অমল কলি জানান, ঘটনাটির তদন্ত শুরু হয়েছে। তবে ঘটনাটি শিল্প সুরক্ষা বিভাগের মাধ্যমেও তদন্ত করা হবে।

## করিমগঞ্জ শহর মণ্ডল কৃষক মোর্চার পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা

করিমগঞ্জ (অসম), ২৪ সেপ্টেম্বর (হি.স.) : ভারতবর্ষের প্রতিটি এলাকায় কৃষকদের জন্য বেশ কিছু প্রকল্প হাতে নেওয়া হয়েছে যাতে মানুষ আরও বেশি করে কৃষিকাজে যুক্ত হতে পারেন। সেজন্য কৃষি বিভাগ অনুপ্রেরণা জুগিয়ে যাচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর এই বার্তাকে সামনে রেখে আজ রবিবার করিমগঞ্জ শহর মণ্ডল কৃষক মোর্চার পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়েছে।

জেলা বিজেপি কার্যালয়ে করিমগঞ্জ শহর মণ্ডল কৃষক মোর্চার সভাপতি সোমনাথ দাসের পৌরোহিত্যে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় নবগঠিত কমিটির পদাধিকারীদের নাম ঘোষণা করে তাঁদের উত্তরীয় পরিয়ে সংবর্ধনা জানান বিজেপি কৃষক মোর্চার জেলা প্রভারী শ্যামল ভট্টাচার্য, বিজেপির শহর মণ্ডলের সভাপতি কিশোর দে, অনুপ সেন প্রমুখ।

নবগঠিত কমিটির পদাধিকারীরা যথাক্রমে সভাপতি সোমনাথ দাস, উপ-সভাপতি পদে পুলকরঞ্জন দাস ও রাজীব চক্রবর্তী, সাধারণ সম্পাদক পদে প্রীতম দেব, সম্পাদক পদে সোনালী রায় ও সুজিৎ পাল, সোশ্যাল মিডিয়া ইনচার্জ পদে চমক পাল, মিডিয়া ইনচার্জ সুব্রত ভৌমিক, আইটি ইনচার্জ বিশ্বদীপ ঘোষ, অফিস সম্পাদক পদে দীপ ভৌমিক। এছাড়া কমিটিতে রয়েছেন বিশাল দেব, বিপ্লব চন্দ্র, দীপা নাথ, মনালিকা রায়, লাভলী রায় প্রমুখ।

## তামুলপুরে বুনো হাতির হামলায় হত এক

তামুলপুর (অসম), ২৪ সেপ্টেম্বর (হি.স.) : তামুলপুর জেলার অন্তর্গত ভারত-ভুটান সীমান্ত এলাকায় অব্যাহত আছে বুনো হাতির উপদ্রব। এ ধরনের উপদ্রবের শিকার হয়ে হাতির হামলায় মৃত্যু হয়েছে একজনের। নিহত ব্যক্তিকে বছর ৪৮-এর আশিনা বসুমতারি বলে শনাক্ত করা হয়েছে। ঘটনা আজ রবিবার ভোররাতে তামুলপুর জেলার বগাজুলি গৌজনফুড়ি গ্রামে সংঘটিত হয়েছে।

জেলার সীমান্তবর্তী জনবসতি অঞ্চলগুলিতে প্রায়ই বুনো হাতির দল ঢুকে গৃহস্থদের ঘর-দুয়ার ভেঙে লণ্ডভণ্ড করে দেয়। তছনছ করে খেত ও বাড়িঘরে উৎপাদিত ফসল। গত কয়েক বছরে হাতির হামলায় ওই সব অঞ্চলের কয়েকজন মৃত্যুবরণও করেছেন।

গতকাল রাতে বগাজুলি গৌজনফুড়িতে বুনো হাতির এক দল প্রবেশ করে গ্রামে তাণ্ডব সৃষ্টি করে। ভোররাতে গ্রামবাসীরা হাতির দলকে তাড়ানোর চেষ্টা করেন। তখন পালের এক হাতি আচমকা পিছনে ফিরে দৌড়ে আশিনা বসুমতারির ওপর হামলা চালায়। ঘটনাস্থলেই বসুমতারির মৃত্যু হয়।

এদিকে ঘটনার খবর পেয়ে আজ সকালেই অকুস্থলে ছুটে যান বিটিসির দরঙাজুলি পরিষদীয় কেন্দ্রের এমসিএলএ বিজিৎ গৌরা নার্জারি সহ কুমারিকাটা পুলিশের এক দল। পুলিশ প্রাথমিক এনকুয়েস্ট করে মৃতদেহটি উদ্ধার করে ময়না তদন্তের জন্য তামুলপুরে সরকারি হাসপাতালে পাঠায়।

## তারাতলায় অজ্ঞাত পরিচিত যুবকের দেহ উদ্ধার

কলকাতা, ২৪ সেপ্টেম্বর (হি.স.) : নিউ আলিপুর এলাকার তারাতলা মোড়ের কাছে এক যুবকের দেহ উদ্ধারকে কেন্দ্র করে উত্তেজনা ছড়াল। রবিবার ওই যুবককে পড়ে থাকতে দেখেন স্থানীয়রা।

জানা গেছে, এদিন দুপুর নাগাদ তারাতলা মোড়ের ট্রাফিক কিয়স্কের অদূরে রাস্তার পাশে একটি যুবককে অচৈতন্য অবস্থায় পড়ে থাকতে দেখেন স্থানীয়রা। দেখা মাত্রই তারাতলা পুলিশ স্টেশনে খবর দেওয়া হয়। পুলিশ এসে ওই যুবককে উদ্ধার করে এসএসকেএম হাসপাতালে পাঠায়।হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা ওই যুবককে মৃত বলে ঘোষণা করেন। যুবকের ময়নাতদন্ত করা হবে বলে পুলিশ সূত্রে খবর। কীভাবে ওই যুবকের মৃত্যু হল, তা এখনও স্পষ্ট নয়। পুলিশ সূত্রে জানা গেছে, ওই যুবকের দেহে আঘাতের চিহ্ন রয়েছে। তবে সেটাই মৃত্যুর কারণ কিনা তা ময়নাতদন্তের রিপোর্ট হাতে পেলেই বলা যাবে। পুলিশ অস্বাভাবিক মৃত্যুর অভিযোগ দায়ের করে তদন্ত শুরু করেছে। পাশাপাশি ওই যুবকের পরিচয় জানার চেষ্টা করছে পুলিশ।

## রাজস্থানের দৌসায় সড়ক দুর্ঘটনায় নিহত পাঁচজন, আহত ছয়

দৌসা, ২৪ সেপ্টেম্বর (হি.স.) : রাজস্থানের দৌসা জেলার মাহওয়া থানা এলাকার বারিতাকি গ্রামের কাছে একটি দ্রুত গতির রোডওয়েজ বাস একটি টেম্পোকে ধাক্কা দিয়ে তারপর পথচারীদের ধাক্কা দেয়। এই দুর্ঘটনায় পাঁচজন নিহত ও ছয়জন আহত হয়েছে। রবিবার সকাল ১১.৩০ নাগাদ করৌলি রাজ্য সড়কে দুর্ঘটনাটি ঘটে। স্থানীয়দের সহায়তায় আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। দুর্ঘটনার পর বাসের চালক পলাতক।

মাহওয়া থানার ইনচার্জ জিতেন্দ্র সিং জানিয়েছেন, বারিতাকি গ্রামের কাছে বাসটি একটি টেম্পোকে ধাক্কা দেয়। এরপর ওই রাস্তার পাশ দিয়ে যাওয়া পথচারীদেরও ধাক্কা দেয়। যাত্রী ভর্তি টেম্পোটি হিন্দাউন (কারৌলি) থেকে আসছিল। বাসটি মাহওয়া থেকে আসছিল। দুর্ঘটনায় বিহার-মধ্যপ্রদেশের ছয়জন আহত হয়েছেন। গুরুতর আহত তিনজনকে জয়পুরে রেফার করা হয়েছে। দুর্ঘটনায় মৃতদের দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে।

## হরিদ্বারে স্ম্যাকসহ আটক একজন

হরিদ্বার, ২৪ সেপ্টেম্বর (হি.স.) : উত্তরাখণ্ডের জ্বালাপুর স্ম্যাকসহ এক যুবককে আটক করেছে কোতোয়ালি থানার পুলিশ। তার কাছ থেকে ১০ গ্রাম স্ম্যাক উদ্ধার হয়েছে।

লালপুল আন্ডারপাসে তল্লাশি চলাকালীন সন্দেহ হওয়ায় এক যুবককে আটক করে কোতোয়ালি জ্বালাপুর থানার পুলিশ। যুবককে তল্লাশি করে তার কাছ থেকে ১০ গ্রাম স্ম্যাক, ইলেকট্রনিক স্কেল ও নগদ ১৮৫০ টাকা উদ্ধার করা হয়। যুবকের নাম উজার আলী। কোতোয়ালি জ্বালাপুর হরিদ্বারের বাসিন্দা। পুলিশ অভিযুক্তের বিরুদ্ধে মামলা দায়ের করে জিজ্ঞাসাবাদ করছে।

## উজবেকিস্তানকে ১৬ গোল দিয়ে হকিতে যাত্রা শুরু হরমনপ্রীতদের

হানঝাউ, ২৪, সেপ্টেম্বর (হি.স.): উজবেকিস্তানকে ১৬-০ গোলে উড়িয়ে এশিয়ান গেমসে যাত্রা শুরু করল ভারতীয় হকি। আগামী বছর প্যারিস অলিম্পিক। হরমনপ্রীত সিংদের লক্ষ্য প্যারিস অলিম্পিক থেকে পদক আনা। সেই লক্ষ্য পূরণের জন্যই চিন এশিয়ান গেমসে নেমেছে ভারত। হানঝাউ থেকেই অলিম্পিকের টিকিট জোগাড় করে নিতে চান ললিত উপাধ্যায়, বরুণ কুমাররা। প্রথম ম্যাচেই উজবেকিস্তানকে উড়িয়ে দিল ভারত। অবশ্য উজবেকিস্তান বিশ্ব ব্যাঙ্কিংয়ে অনেক পিছিয়ে থাকা টিম। তাদের বিরুদ্ধেই ম্যাচ প্র্যাক্টিস সেরে নিলেন হরমনপ্রীতরা।

ভারতের কোচ ক্রেগ ফুলটন গেমসের শুরু থেকে দাপট দেখাতে চেয়েছিলেন। সেটা করে তিনি খুশি। দু'দিন পর সিঙ্গাপুরের বিরুদ্ধে খেলবে ভারত। ভারতের গ্রুপে আছে পাকিস্তান, বাংলাদেশ, জাপান। জাপানের মতো কঠিন টিমের বিরুদ্ধে নামার আগে হরমনপ্রীতদের মনোবল তুঙ্গে।

## ভারত-বাংলাদেশ সীমান্তে গাঁজাসহ ধৃত ব্যক্তি

দক্ষিণ দিনাজপুর, ২৪ সেপ্টেম্বর (হি.স.) : উত্তরবঙ্গ ভারত-বাংলাদেশ সীমান্তের রায়গঞ্জ সেক্টরের অধীনে বিএসএফ-এর ৫৭ তম ব্যাটালিয়নের জওয়ানরা বিপুল পরিমাণ গাঁজা সহ এক ভারতীয় নাগরিককে আটক করেছে। ধৃত ভারতীয় নাগরিকের নাম লিটন দাস (৩৩)। রবিবার বিএসএফ এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে।

প্রাপ্ত তথ্য অনুযায়ী, ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকায় টহলরত জওয়ানদের হাতে সন্দেহজনক অবস্থায় ধরা পড়ে এক ভারতীয় নাগরিক। ওই ব্যক্তিকে তল্লাশি করে তার কাছ থেকে ১২ কেজি গাঁজা উদ্ধার করা হয়।

## মুম্বই বিমানবন্দরে হুমকি ফোনে বোমাতঙ্ক! অভিযুক্তের সন্ধানে তল্লাশি চালাচ্ছে পুলিশ

মুম্বই, ২৪ সেপ্টেম্বর (হি.স.) : মুম্বই আন্তর্জাতিক বিমানবন্দরে একটি নীল ব্যাগে বোমা রাখা আছে বলে একটি হুমকি ফোনকে ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। তারপরই যুদ্ধকালীন তৎপরতায় বিমানবন্দরের প্রতিটি জায়গায় চিরুনি তল্লাশি চালান নিরাপত্তার দায়িত্বে থাকা কর্মীরা। বম্ব স্কোয়াডের আধিকারিকরা এসেও তল্লাশি চালান। যদিও শেষ পর্যন্ত বোমার কোনও সন্ধান মেলেনি। বর্তমানে বিমানবন্দরে ফোন করে যে বোমা থাকার কথা বলেছিল তার সন্ধানে তল্লাশি চালাচ্ছে মুম্বই পুলিশ। মুম্বই পুলিশ জানিয়েছে, মুম্বই আন্তর্জাতিক বিমানবন্দরে একটি ভুয়ো ফোন করা হয়েছিল, ফোন করে বলা হয় বিমানবন্দরে একটি নীল ব্যাগে বোমা রয়েছে, মুম্বই পুলিশ অফিসার এবং বোম্ব স্কোয়াড দল বিমানবন্দরে পৌঁছে তদন্ত শুরু করে, তদন্তের সময় কিছুই পাওয়া যায়নি। বর্তমানে পুলিশ যে ফোন করেছে তাঁকে খুঁজছে।

## বৃষ্টিতে জনজীবন বিপর্যস্ত নাগপুরে, বন্যা কবলিত এলাকায় গেলেন ফড়নবীশ



নাগপুর, ২৪ সেপ্টেম্বর (হি.স) : ভারী বৃষ্টিতে জনজীবন বিপর্যস্ত মহারাষ্ট্রের নাগপুরে। ভারী বৃষ্টি ও বিনা পরিস্থিতির কারণে নাগপুরে কিছু বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে, জল ঢুকে গিয়েছে অনেক বাড়িতে। রবিবার বন্যা কবলিত এলাকায় যান মহারাষ্ট্রের উপ-মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবীশ। তিনি বন্যা কবলিত এলাকার মানুষজনের সঙ্গে দেখা করেন ও সমস্ত ধরনের সাহায্যের আশ্বাস দেন। নাগপুরের আমবাজারী লেআউট এলাকার অবস্থা অত্যন্ত খারাপ।

স্থানীয় এক বাসিন্দা জানিয়েছেন, 'আমি শুধু টিভিতে এই ধরনের পরিস্থিতি দেখেছি, মুম্বইয়ের বন্যার মতো। এটি আমার প্রথম অভিজ্ঞতা ছিল এবং এটি খুবই ভীতিকর ছিল। তিন দিক থেকেই জল জমছে এবং মনে হচ্ছিল এখানে একটি ছোট নদী তৈরি হয়েছে।

এই গেটটি (স্থানীয় এলাকা) জল নিমজ্জিত ছিল এবং এটি দৃশ্যমান ছিল না... আমরা আমাদের ভাড়াটেদের সাহায্য করেছি... এই ক্ষতি থেকে কীভাবে পুনরুদ্ধার করা যায় তা আমাদের কোনও ধারণা নেই।'

## বিধ্বংসী অগ্নিকাণ্ড তেলিয়ামুড়া বাজারে, ভস্মীভূত একাংশের দোকানপাট, ক্ষয়ক্ষতি বহু

তেলিয়ামুড়া (ত্রিপুরা), ২৪ সেপ্টেম্বর (হি.স.) : বিধ্বংসী অগ্নিকাণ্ডে তেলিয়ামুড়া বাজারে একাংশের দোকানপাট ভস্মীভূত হয়ে গিয়েছে। ক্ষয়ক্ষতির পরিমাণ প্রচুর। রবিবার দুপুরে সংঘটিত অগ্নিকাণ্ডে গোটা তেলিয়ামুড়া মহকুমায় চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। ফায়ার স্টেশনের পাঁচটি ইঞ্জিন এবং স্থানীয় ব্যবসায়ী ও নাগরিকদের তৎপরতায় আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়েছে। ঘটনাস্থলে ছিলেন তেলিয়ামুড়ার বিধায়িকা তথা ত্রিপুরা বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী রায়। তিনি অনুমান করছেন, বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকেই আগুনের সূত্রপাত হতে পারে।

রবিবার দুপুরে হঠাৎ তেলিয়ামুড়া শহরের উত্তরবাজারে একটি দোকানে আগুনের শিখা দেখতে পান স্থানীয়রা। মুহূর্তের মধ্যেই আশপাশের দোকানে আগুন ছড়িয়ে পড়ে। খবর দেওয়া হয় তেলিয়ামুড়া ফায়ার স্টেশনে। সেখান থেকে ইঞ্জিন নিয়ে পৌঁছেন দমকল কর্মীরা। তাদেঁর পক্ষে আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হচ্ছিল না। খবর দেওয়া হয় কল্যাণপুর ফায়ার স্টেশনে। সেখান থেকেও দমকল কর্মীরা ইঞ্জিন নিয়ে এসে আগুনে আয়ত্বে আনার চেষ্টা করেন। পরে খবর দেওয়া হয় জিরানিয়া, খোয়াই এবং অম্পি ফায়ার স্টেশনে। সেখান থেকেও ইঞ্জিন নিয়ে তেলিয়ামুড়ায় পৌঁছেন দমকল কর্মীরা। দীর্ঘ কয়েক ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে।

অগ্নিকাণ্ডের খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছেন তেলিয়ামুড়ার বিধায়িকা কল্যাণী রায়। তিনি তাঁর দলের কর্মীদেরও আগুন নেভানোর কাজে সহায়তা করতে নির্দেশ দেন। তিনি জানিয়েছেন, প্রচুর পরিমাণে ক্ষয়ক্ষতি হয়েছে। তবে অগ্নিনির্বাপক বিভাগের কর্মীদের তৎপরতায় আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়েছে। এমন আগুন তেলিয়ামুড়ার মানুষ কোনওদিন দেখেননি। আগুনের সূত্রপাত নিয়ে তিনি প্রাথমিকভাবে অনুমান করছেন, বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকেই হতে পারে। তবে দমকল কর্মীরা তা তদন্ত করে দেখছেন। অনেক ব্যবসায়ী ক্ষতির সম্মুখীন হয়েছে। আগামীদিনে প্রশাসনের সংশ্লিষ্ট আধিকারিকদের সাথে আলোচনা করে কীভাবে ব্যবসায়ীদের সহযোগিতা করা যায় তা বিবেচনা করা হবে, জানিয়েছেন বিধায়িকা কল্যাণী রায়।

## করিমগঞ্জের মাইজগ্রামে দুর্গাপূজার বিধি সম্পর্কিত এক দিবসীয় কর্মশালা সম্পন্ন

করিমগঞ্জ (অসম), ২৪ সেপ্টেম্বর (হি.স.) : করিমগঞ্জের মাইজগ্রামে শ্রীহট্ট ভারত স্মৃতি বিদ্যালয়ে দুর্গাপূজার নানাবিধ বিধি সম্পর্কিত এক দিবসীয় কর্মশালা সম্পন্ন হয়েছে। আজ রবিবার সকাল ৯.৩০ মিনিটে পঞ্জিয়নের মাধ্যমে কর্মশালা শুরু হলে আগমনী সংগীত পরিবেশন করেন রাহুল নাগ।

সভার সভাপতি নৃপেশ শর্মা পুরকায়স্থের প্রদীপ প্রজ্বলনের মাধ্যমে কর্মশালা শুরু হয়। সভায় শিক্ষক সুসময় ভট্টাচার্য সভার উদ্দেশ্য এবং উপযোগিতা তুলে ধরেন। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত প্রাক্তন বিধায়ক তথা এএসটিসি চেয়ারম্যান মিশনরঞ্জন দাস বলেন, একমাত্র সংস্কৃত শিক্ষার মাধ্যমেই শুদ্ধ মন্ত্রোচ্চারণ করা সম্ভব।

মাইজগ্রামে শ্রীহট্ট ভারত স্মৃতি বিদ্যালয়ের ভূয়সী প্রশংসা করে মিশন বলেন, বিগত দিনে এই বিদ্যালয় থেকে দুই কৃতী শিক্ষক রাষ্ট্রপতি পুরস্কারে সম্মানিত হয়েছেন। প্রতিষ্ঠাতা অধ্যক্ষ শচান্দ্র পঞ্চতীর্থ যে বীজ বপন করে গেছেন তা আজও অব্যাহত। সভায় বক্তব্য রাখেন নবেশ শর্মা পুরকায়স্থ, নৃপেশ শর্মা পুরকায়স্থ এবং বন্দনা ভট্টাচার্য।

অন্যদিকে কর্মশালায় বিষয়ভিত্তিক আলোচনায় যোগ দিয়ে সংস্কৃত এবং বৈদিক মন্ত্রোচ্চারণ নিয়ে আলোচনা করেন আসাম বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগের সহকারী অধ্যাপক ড় গোবিন্দ শর্মা। ন্যাস ও মুদ্রা নিয়ে আলোচনা করেন নৃপেশ শর্মা পুরকায়স্থ। ঘটস্থাপন ও সংকল্প নিয়ে আলোচনা করেন সুদীপ চক্রবর্তী। গৌতম চক্রবর্তী আলোচনা করেন ষষ্ঠী পূজা ও অপরাজিতা পূজা। সন্ধিপূজা ও কুমারী পূজা নিয়ে আলোচনা করেন রঞ্জনকুমার ভট্টাচার্য। ভদ্র মণ্ডল ও মহাস্নান নিয়ে আলোচনা করেন চঞ্চল চক্রবর্তী, চণ্ডীপাঠ ও নবপত্রিকা নিয়ে আলোচনা করেন তপোময় ভট্টাচার্য। কর্মশালায় বরাক উপত্যকা থেকে ৬২ জন অংশগ্রহণ করেন। শান্তিমন্ত্র পাঠ শেষে অংশগ্রহণকারীদের শংসাপত্র দেওয়া হয়েছে।

## জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার হাতে উদ্বোধিত অরুণাচলের তেজু বিমানবন্দরের উন্নীত পরিকাঠামো

ইটানগর, ২৪ সেপ্টেম্বর (হি.স.) : অরুণাচলে প্রদেশের তেজু বিমানবন্দরের নতুন উন্নত পরিকাঠামোর উদ্বোধন করেছেন কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণ ও ইস্পাত দফতরের মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া। আজ রবিবার মুখ্যমন্ত্রী পেমা খান্ডু এবং তাঁর মন্ত্রিপরিষদের অন্য সদস্য ও বিধায়কদের সঙ্গে নিয়ে নতুন বিকশিত পরিকাঠামো যথাক্রমে একটি বর্ধিত ১৫০০ মিটার বাই ৩০ মিটার রানওয়ে, একটি নতুন অ্যাপ্রোন, একটি নতুন টার্মিনাল বিল্ডিং, একটি ফায়ার স্টেশন এবং একটি এটিসি টাওয়ারের উদ্বোধন করেছেন অসামরিক বিমান পরিবহণ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া।তেজু বিমানবন্দরটি তেজু শহরে অবস্থিত একটি অভ্যন্তরীণ বিমানবন্দর যাতে একটি একক রানওয়ে রয়েছে। ২১২ একর জমির ওপর নির্মিত বিমানবন্দরটি ডাবল ইঞ্জিন বিশিষ্ট এটিআর-৭২ (অ্যারেই দা ট্র্যাসপর্টো রিজিওন্যাইল) টাইপ বিমানের অপারেশন পরিচালনা করতে সক্ষম।রাজ্য সরকারের অনুরোধে এয়ারপোর্ট অথরিটি অব ইন্ডিয়া তেজু বিমানবন্দর চালু করতে উন্নয়ন ও আপগ্রেডেশন কাজ হাতে নিয়েছে। বিমানবন্দরটি ২০১৮ সালে আঞ্চলিক সংযোগ প্রকল্প 'উড়ে দেশ কা আম নাগরিক' (উদান)-এর অধীনে চালু করা হয়েছিল। এই বিমানবন্দর বর্তমানে অ্যালায়েন্স এয়ার এবং ফ্লাইবিগ এয়ারলাইন্সের নিয়মিত নির্ধারিত ফ্লাইটের মাধ্যমে ডিব্রুগড়, ইমফল এবং [illegible] সাথে সংযুক্ত।

# হাইলাকান্দিতে এবার আট লক্ষ টাকার বার্মিজ সুপারি উদ্ধার, বাজেয়াপ্ত দুটি ট্রাক

হাইলাকান্দি (অসম), ২৪ সেপ্টেম্বর (হি.স.) : অবৈধ বার্মিজ সুপারির বিরুদ্ধে হাইলাকান্দি পুলিশের অভিযান তীব্রগতিতে চলছে। শিরিসপুর ফাঁড়ি পুলিশের অভিযানে এবার উদ্ধার হয়েছে ৩৬ বস্তায় প্রায় ৮ লক্ষ টাকার বার্মিজ সুপারি। এর সঙ্গে বাজেয়াপ্ত করা হয়েছে অবৈধ সামগ্রী পাচারে ব্যবহৃত দুটি ট্রাক। তবে পুলিশি অভিযানের আগাম খবর পেয়ে ট্রাক দুটির চালক পালিয়ে গা ঢাকা দিয়েছে।

জানা গেছে, গোপন সূত্রে প্রাপ্ত খবরের ভিত্তিতে দলবল নিয়ে শিরিসপুর পুলিশ ফাঁড়ির ইনচার্জ উজানকুপায় অভিযান চালিয়ে এএস ২৪ এসি ৩৮১৮ এবং এএস ১১ ডিসি ৯১০৪ নম্বরের বার্মিজ সুপারি বোঝাই দুটি ট্রাক বাজেয়াপ্ত করেন। ট্রাক দুটি থেকে ৩৬ বস্তা বার্মিজ সুপারি উদ্ধার করেছে অভিযানকারী পুলিশের দল। বাজেয়াপ্তকৃত বার্মিজ সুপারিগুলির বাজারমূল্য কমপক্ষে আট লক্ষা টাকা হবে বলে ধারণা করছেন পুলিশ অফিসার। এদিকে পুলিশ অভিযান চালিয়েছে খবর পেয়ে ট্রাক দুটি ছেড়ে পালিয়ে গা ঢাকা দিয়েছে দুই চালক।

# অর্জুন-অরবিন্দ জুটিতে রোয়িংয়ে ভারত পেল রূপো

হানঝাউ, ২৪ সেপ্টেম্বর (হি.স.): গতকাল এশিয়ান গেমসের উদ্বোধনের পর থেকে ভারতের ঝুলিতে আসতে শুরু করেছে পদক। আজ প্রথম দিন ভারতকে প্রথম পদক এনে দিয়েছেন মেহুলি ঘোষ, রমিতা ও আশি চৌকসে এয়ার রাইফেলে। আজই সকালে ভারতে পেল দ্বিতীয় পদক, রোয়িংয়ে।

পুরুষদের লাইটওয়েট মেনস ডাবলস স্কালস থেকে ভারতকে রূপো এনে দিলেন অর্জুন জাট লাল এবং অরবিন্দ সিং। অর্জুন লাল জাট এবং অরবিন্দ সিং লাইটওয়েট মেনস ডাবলস স্কালসে ৬:২৮.১৮ সেকেন্ড সময় নিয়ে রূপো পেয়েছেন। চিন ৬:২৩.১৬ সেকেন্ডে শেষ করে সোনা জিতেছে এবং ৬:৩৩.৪২ সেকেন্ডে শেষ করে ব্রোঞ্জ পেয়েছে উজবেকিস্তান।

# অরুণাচলে গাছ পড়ে অসমের দুই শ্রমিকের মৃত্যু, আহত পাঁচ

ইটানগর, ২৪ সেপ্টেম্বর (হি.স.) : অরুণাচল প্রদেশের দেওমালিতে কর্মরত শ্রমিকদের উপর গাছ পড়ে মৃত্যু হয়েছে দুজনের। নিহত দুই শ্রমিক অসমের বাসিন্দা। এছাড়া আহত হয়েছেন আরও পাঁচ শ্রমিক। ঘটনা শনিবার রাতে সংঘটিত হয়েছে। অয়েল ইন্ডিয়ার এক সার্ভে কোম্পানির হয়ে কাজ করছিলেন বেশ কয়েকজন শ্রমিক। সে সময় আচমকা লাগোয়া পাহাড় থেকে প্রকাণ্ড একটি গাছ তাঁদের উপর পড়ে। ঘটনাস্থলেই মৃত্যুবরণ করেন দুজন। তাঁরা অরুণাচল প্রদেশ সংলগ্ন অসমের তিনসুকিয়া জেলার অন্তর্গত ডুমডুমার বাসিন্দা মিনাকান্ত দেউরি এবং দলেন্দ্র দেউরি।

এদিকে আহত পাঁচজনকে ডিব্রুগড়ে আসাম মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে ভরতি করা হয়েছে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৬৮৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# ঝাড়খণ্ডের লাতেহারে মুরি-জম্মু তাওয়াই এক্সপ্রেসে লুট, মহিলাদের সঙ্গেও দুর্ব্যবহার

লাতেহার, ২৪ সেপ্টেম্বর (হি.স) : ঝাড়খণ্ডের লাতেহার জেলায় মুরি—জম্মু তাওয়াই এক্সপ্রেসে ডাকাতির ঘটনা ঘটেছে। শনিবার রাত ১১টা নাগাদ লাতেহার-বারওয়াডিহ স্টেশনের মধ্যে মুড়ি-জম্মু তাওয়াইগামী মুড়ি এক্সপ্রেসে ডাকাতি করে লুটপাট চালায় ডাতাকরা। তারা প্রায় ৫০ জন ট্রেনযাত্রীর কাছ থেকে প্রচুর টাকা লুট করে। অস্ত্র দিয়ে ভয় দেখিয়ে এই লুটপাট চালায় ডাকাতরা। ভয়ের পরিবেশ তৈরি করতে ডাকাতরা প্রায় ১০ বার গুলি ছোড়ে।

ডাকাতরা যাত্রীদের কাছ থেকে শুধু টাকা ও মালপত্রই লুট করেনি, তাদের মারধরও করা হয় বলে অভিযোগ। যাত্রীরা অভিযাগ করে যে লাতেহার স্টেশন থেকে প্রায় ১০ জন দুষ্কৃতী এস ৯ বগিতে উঠে। ট্রেনটি লাতেহার ছাড়ার সঙ্গে সঙ্গে লুটপাট শুরু করে ডাকাতরা। শুধু লুটপাটই নয়, মহিলাদের সঙ্গে দুর্ব্যবহারও করা হয়। ডাকাতির পর বারওয়াডিহ স্টেশনের আগে চেন টেনে নেমে পড়ে তারা।

# আমরিকায় জর্জিয়ার রাজধানী আটলান্টায় বন্দুকধারীর গুলিতে মৃত ৩

আটলান্টা, ২৪ সেপ্টেম্বর (হি.স) : আমেরিকায় জর্জিয়ার রাজধানী আটলান্টায় গুলিতে তিনজনের মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। ঘটনাটি ঘটেছে, শনিবার আটলান্টায় একটি শপিং মলের কাছে। গুলিতে এক কিশোরসহ তিনজনের মৃত্যু হয়েছে।

দক্ষিণ-পশ্চিম আটলান্টার ইভান্স স্ট্রিটে একজনকে গুলি করা হয়। এরপরেই ঘটনাস্থলে পৌঁছন পুলিশ আধিকারিকরা। পুলিশের প্রাথমিক তদন্তে অনুমান করা হচ্ছে, তিনজনের মধ্যে একজন প্রথমে গুলি চালায়। তারপর অপরপক্ষ পাল্টা গুলি চালায়। তিনজন অভিযুক্ত পুরুষের বয়স ১৭,২০ ও ৩০। অভিযুক্তদের পরিচয় এখনও প্রকাশ করেনি পুলিশ। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# ”আজাজি কা অমৃত কাল” দেশের সমস্ত নাগরিকদের জন্য ”কর্তব্য কাল” : প্রধানমন্ত্রী মোদী

নয়াদিল্লি, ২৪ সেপ্টেম্বর (হি..স): ”আজাজি কা অমৃত কাল” দেশের সমস্ত নাগরিকদের জন্য ”কর্তব্য কাল”ও। রবিবার মন-কি-বাত অনুষ্ঠানে একথা বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেছেন, 'বিভিন্ন ব্যক্তি এবং গোষ্ঠী, যেমন রাজস্থানের সুখদেবের টিম কোবরা এবং চেন্নাইয়ের অটো চালক এম. রাজেন্দ্র প্রসাদ, সাপ এবং পায়রা-সহ প্রাণীদের উদ্ধার এবং যত্ন নেওয়ার জন্য অনুপ্রেরণামূলক প্রচেষ্টা করছেন।'

মন-কি-বাত অনুষ্ঠানের ১০৫-তম পর্বে প্রধানমন্ত্রী বলেছেন, উত্তর প্রদেশের সম্ভল জেলা জনভাগীদারির উদাহরণ প্রদান করে। সোট নদীকে পুনরুজ্জীবিত করতে ৭০টি গ্রাম একত্রিত হয়েছে। মানুষও নদীর তীরে ১০ হাজার বাঁশের চারা রোপণ করেছে।'

# ট্রাফিক আইন সম্পর্কে সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়

কলকাতা, ২৪ সেপ্টেম্বর (হি.স) : কলকাতা পুলিশের ডিসি (ট্রাফিক) ওয়াই এস জগন্নাথরাও জানান, জনসাধারণের পাশাপাশি চালকদেরও ট্র্যাফিক নিয়ম মেনে চলা উচিত। তিনি আরও বলেন, রাস্তায় সুরক্ষা ব্যবস্থাগুলিতে চালকদের সহায়তা প্রয়োজনীয় হয়ে পড়েছে। শনিবার তিনি কলকাতার সঙ্গে সড়ক নিরাপত্তা ও ট্রাফিক সচেতনতা বিষয়ক কনসার্ন ফর ক্যালকাটা যৌথভাবে একটি সেমিনারের আয়োজন করে। এই সেমিনারেই কলকাতা পুলিশের ডিসি জগন্নাথরাও একথা বলেন। জগন্নাথরাও আরও বলেন, কলকাতায় মাত্র ৭ শতাংশ রাস্তায় জায়গা থাকা সত্ত্বেও পুলিশ নির্বিঘ্নে যান চলাচল করানোর জন্য প্রতিদিন যথাসাধ্য চেষ্টা করছে।

সহকারী কমিশনার (ট্রাফিক) দেবাশীষ ঘোষ জানিয়েছেন, বাস, ট্যাক্সি, উবের, কনসার্ন ফর কলকাতা এবং রোটারি ক্লাব অফ নিউ আলিপুরের সদস্যরা ট্রাফিক সচেতনতা অভিযানে অংশ নিয়েছিলেন। কনসার্ন ফর কলকাতার সভাপতি কে এস অধিকারী বলেন, এই অনুষ্ঠানের উদ্দেশ্য ছিল, জনসাধারণ এবং চালকদের ট্রাফিক নিয়ম সম্পর্কে সচেতন করা। সমাজকর্মী এবং সংগঠনের উপদেষ্টা বোর্ডের চেয়ারম্যান নারায়ণ জৈন এবং নাইজার প্রজাতন্ত্রের অনারারি কনসাল রাজেন্দ্র খান্ডেলওয়ালও এই অনুষ্ঠানে বক্তব্য রাখেন। দক্ষিণ ট্রাফিক গার্ডের ওসি নীলেশ চৌধুরী জয়িতা বসুর সঙ্গে অনুষ্ঠানটি পরিচালনা করেন। রোটারিয়ান অলোক ঝুনঝুনওয়ালা সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সমীর দত্ত, পবন পাহাড়িয়া, অশোক পুরোহিত (সচিব), গোপেশ্বর আগরওয়াল, ডিসি চৌধুরী, শরৎ ঝুনঝুনওয়ালা, বিএল দুগাদ, রমেশ মহাজন, অন্নপূর্ণা মিশ্র ভাওয়ানির মতো কর্মীরা এই কর্মসূচিতে সক্রিয় ভূমিকা পালন করেন।

# আরও ৯টি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেন পেল ভারত, বাংলার ঝুলিতে এল দু”টি

নয়াদিল্লি, ২৪ সেপ্টেম্বর (হি.স.): আরও ৯টি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেন পেল ভারত। এর মধ্যে দু”টি বন্দে ভারত এক্সপ্রেস (হাওড়া থেকে পাটনা পর্যন্ত এবং হাওড়া থেকে রাঁচি) এল বাংলার ঝুলিতে। রবিবার সকালে দিল্লি থেকে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে ৯টি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রার সূচনা করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। হাওড়া-পাটনা, হাওড়া-রাঁচি ছাড়াও যে যে রুটের বন্দে ভারত রবিবার উদ্বোধন করা হবে, সেগুলি হলউদয়পুর-জয়পুর বন্দে ভারত এক্সপ্রেস, তিরুনেলবেলী-মাদুরাই-চেন্নাই বন্দে ভারত এক্সপ্রেস, হায়দরাবাদ-বেঙ্গালুরু বন্দে ভারত এক্সপ্রেস, বিজয়ওয়াড়া-চেন্নাই (রেণিগুন্টা হয়ে) বন্দে ভারত এক্সপ্রেস, রৌরকেল্লা-ভুবনেশ্বর-পুরী বন্দে ভারত এক্সপ্রেস, জামনগর-আহমেদাবাদ বন্দে ভারত এক্সপ্রেস, কাসরগোড-তিরুঅনন্তপুরম বন্দে ভারত এক্সপ্রেস।

এই ৯টি বন্দে ভারত এক্সপ্রেস মোট ১১টি রাজ্যের উপর দিয়ে চলবে। তালিকায় আছে পশ্চিমবঙ্গ, রাজস্থান, তামিলনাড়ু, তেলঙ্গানা, অন্ধ্রপ্রদেশ, কেরল, কর্নাটক, বিহার, ওড়িশা, ঝাড়খণ্ড এবং গুজরাট। বন্দে ভারতের মাধ্যমে তীর্থস্থানগুলির যোগাযোগ ব্যবস্থা আরও উন্নত করতে চেয়েছে রেল। পুরী, মাদুরাই এবং তিরুপতি যাওয়া আরও সহজ হবে। প্রতি বছর দেশের নানা প্রান্ত থেকে প্রচুর মানুষ এখানে যান। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এদিন বলেছেন, 'আজ চালু হওয়া নয়টি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনগুলি উল্লেখযোগ্যভাবে যোগাযোগ উন্নত করবে এবং সেইসঙ্গে ভারত জুড়ে পর্যটনকে উৎসাহিত করবে।

প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, 'গতি, পরিকাঠামো উন্নয়নের মাত্রা ১৪০ কোটি ভারতীয়দের আকাঙ্ক্ষার সঙ্গে মিলে যাচ্ছে...আজ রাজস্থান, তামিলনাড়ু, তেলেঙ্গানা, অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক, বিহার, পশ্চিমবঙ্গ, কেরল, ওড়িশা, ঝাড়খণ্ড এবং গুজরাটের মানুষ বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের সুবিধা পাচ্ছেন। এই নতুন বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনগুলি দেশের নতুন শক্তিকে চিত্রিত করে।' মোদী আরও বলেছেন, ২৫টি বন্দে ভারত ট্রেন ইতিমধ্যেই চলছে, এখন আরও ৯টি যোগ হল। বন্দে ভারত ট্রেনের জনপ্রিয়তা ক্রমাগত বাড়ছে। ১,১১,০০,০০০-এরও বেশি যাত্রী ইতিমধ্যে বন্দে ভারত ট্রেনে ভ্রমণ করেছেন।'

# রাজস্থানে স্কুলবাস দুর্ঘটনায় মৃত ছাত্র ও শিক্ষক

বারমের, ২৪ সেপ্টেম্বর (হি.স) : রাজস্থানে এক সড়ক দুর্ঘটনায় মৃত ২। ঘটনাটি ঘটেছে, রাজস্থানের বারমের জেলায়। শনিবার রাতে রাস্তার ধারে পার্ক করে রাখা একটি ট্রাককে ধাক্কা মারে একটি স্কুলবাস। তাতেই এক শিক্ষক ও এক ছাত্রীর মৃত্যু হয়েছে। বাসটি শনিবার রাত ৮টা নাগাদ ২৯ জন যাত্রী নিয়ে আসছিল, রাস্তায় ট্রাকের সঙ্গে আচমকাই ধাক্কা মারলে এক পড়ুয়া ও শিক্ষকের মৃত্যু হয়। মৃত শিক্ষকের নাম মহম্মদ ইব্রাহিম ও ছাত্রীর নাম সাভিনা।

পুলিশ জানিয়েছে, বাসটিতে স্বামী বিবেকানন্দ গভর্নমেন্ট মডেল স্কুলের ২৪ জন পড়ুয়া সহ একজন অধ্যক্ষ ও তিনজন শিক্ষক ছিলেন। একজন হেলপারও ছিল। এরা সকলেই রানীওয়ারার একটি টুর্নামেন্ট থেকে ফিরছিল। বাস চালক সেহলাউ গ্রামের কাছে ভারত মালা রোডের পাশে দাঁড়ানো একটি ট্রাককে দেখতে না পেয়ে আচমকাই ধাক্কা মারলে দুর্ঘটনাটি ঘটে।

# জাতীয় সড়ক ১০ অবরোধের কারণে দেশের সঙ্গে সিকিমের সম্পর্ক বিচ্ছিন্ন

গ্যাংটক, ২৪ সেপ্টেম্বর (হি.স) : জাতীয় সড়ক ১০ অবরোধের ফলে দেশের সঙ্গে সিকিমের সম্পর্ক বিচ্ছিন্ন হয়ে পড়েছে। রবিবার সকালে শ্বেতিঝোরায় জাতীয় সড়ক ১০-এর একটি বড় অংশ ভেঙে পড়ায় অবরুদ্ধ হয়ে পড়ল এই সড়ক। এই বিপত্তির কারণে দেশের অন্যান্য অংশের সঙ্গে সিকিমের সংযোগকারী একমাত্র জাতীয় সড়ক অবরুদ্ধ হয়ে পড়ায় সমস্যায় পড়েন সাধারণ মানুষ। জাতীয় সড়কে যান চলাচল পুরোপুরি বন্ধ হয়ে গিয়েছে। গত বেশ কয়েকদিন ধরে টানা ভারী বৃষ্টিপাতের জেরে জাতীয় সড়ক ১০-এর বহু স্থানে যান চলাচল ব্যহত হয়েছে। এখন শ্বেতিঝোরায় জাতীয় সড়কের একাংশ ধসে পড়ায় যান চলাচল সম্পূর্ণ বন্ধ হয়ে গেছে। এই সড়ক মেরামত করতেও বেশ কিছুটা সময় লাগবে।

যানবাহন চলাচল বন্ধ থাকায় সিকিম থেকে বিশেষ করে শিলিগুড়ি (পশ্চিমবঙ্গ) যাওয়ার যাত্রীরা অনেক সমস্যার সম্মুখীন হচ্ছেন। যাত্রীদের দার্জিলিং-এর জাতীয় সড়ক-৫৫ হয়ে শিলিগুড়ি পৌঁছোনোর পরামর্শ দেওয়া হয়েছে। কালেবুং হয়েও শিলিগুড়ি যাওয়া যায়। প্রধান সড়ক বন্ধ থাকায় শিলিগুড়ি পৌঁছতে যাত্রীদের অনেক সময় লাগছে। রাজধানী গ্যাংটক থেকে শিলিগুড়ি পৌঁছোতে সাধারণত চার ঘণ্টা সময় লাগে, তবে এখন দার্জিলিং এবং কালেবুং হয়ে শিলিগুড়ি পৌঁছতে একটু বেশি সময় লাগবে।

# দত্তপুকুরে প্রাক্তন পঞ্চায়েত প্রধানের মাকে খুন, তদন্ত শুরু পুলিশের

দত্তপুকুর, ২৪ সেপ্টেম্বর (হি.স.): উত্তর ২৪ পরগনার দত্তপুকুরে তৃণমূলের প্রাক্তন পঞ্চায়েত প্রধানের মাকে খুনের অভিযোগ। রবিবার ভোরে দুই দুষ্কৃতী বাড়ির ভিতরে ঢুকে ৬৫ বছরের বৃদ্ধাকে খুন করে। তাঁর মাথায়, মুখে আঘাত করা হয়েছে। শ্বাসরোধ করে দুষ্কৃতীরা বৃদ্ধাকে খুন করেছেন বলে মনে করা হচ্ছে। তদন্ত শুরু করেছে পুলিশ। দত্তপুকুর ১ গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন পঞ্চায়েত প্রধান দেবযানী সর্দার। বর্তমানে তিনি ওই গ্রাম পঞ্চায়েতের সদস্য পদে রয়েছেন। তাঁর মা বেবি রানি সর্দার (৬৫) কন্যার শ্বশুরবাড়িতে গিয়েছিলেন। রবিবার ভোরে নাতনির সঙ্গে সেখানেই ঘুমোচ্ছিলেন। অভিযোগ, ঘরের ভিতর ঢুকে পড়েন দুই দুষ্কৃতী। তাঁদের মুখ কাপড় দিয়ে ঢাকা ছিল। বৃদ্ধাকে খুন করে পালিয়ে যান দু'জনই। খবর পেয়ে ঘটনাস্থলে যায় দত্তপুকুর থানার পুলিশ। তারা দেহটিকে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। প্রাথমিক ভাবে পুলিশের অনুমান, চুরি করতে ঢুকেছিলেন দুষ্কৃতীরা। ডাকাতির কোনও চিহ্ন পাওয়া যায়নি। আবার, এর নেপথ্যে রাজনৈতিক উদ্দেশ্য রয়েছে কি না, রাজনৈতিক কোনও শত্রুতা রয়েছে কি না, তা-ও খতিয়ে দেখা হচ্ছে। কোনও সম্ভাবনাই উড়িয়ে দিচ্ছে না পুলিশ।

# ভারত-মধ্যপ্রাচ্য-ইউরোপ করিডোর বিশ্ব বাণিজ্যের ভীত হয়ে উঠবে : প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২৪ সেপ্টেম্বর (হি.স.): ভারত-মধ্যপ্রাচ্য-ইউরোপ করিডোর বিশ্ব বাণিজ্যের ভিত্তি হয়ে উঠবে। রবিবার মন-কি-বাত অনুষ্ঠানে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেছেন, 'আফ্রিকান ইউনিয়নকে জি-২০-র পূর্ণ সদস্য করে ভারত নিজস্ব নেতৃত্ব প্রদর্শন করেছে। শীর্ষ সম্মেলনের সময় প্রস্তাবিত ভারত-মধ্যপ্রাচ্য-ইউরোপ অর্থনৈতিক করিডোর শত শত বছর ধরে বিশ্ব বাণিজ্যের ভীত হয়ে উঠবে।'

রবিবার মন-কি-বাত অনুষ্ঠানের ১০৫-তম পর্বে প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, 'চন্দ্রযান-৩-এর সাফল্যের পর, জি-২০-র জমকালো অনুষ্ঠান প্রত্যেক ভারতীয়র আনন্দকে দ্বিগুণ করে দিয়েছে। এই শীর্ষ সম্মেলনে আফ্রিকান ইউনিয়নকে জি-২০-র পূর্ণ সদস্য করে ভারত নিজস্ব নেতৃত্ব প্রমাণ করেছে।'

# ক্ষতি ২০ কোটি

● প্রথম পাতার পর

সজল আচার্য্য, বাবুল বনিক, কাজল বনিক সহ আরো বেশ কয়েকজন ব্যবসায়ী বিশাল ক্ষতির সম্মুখীন হয়। তবে এখন পর্যন্ত অগ্নিকাণ্ডের কারন জানা যায়নি।

এই অগ্নিকাণ্ডে ক্ষয় ক্ষতির পরিমাণ প্রায় কুড়ি কোটি টাকা হবে বলে অনুমান করা হচ্ছে। প্রশাসন ইতিমধ্যেই ক্ষয়ক্ষতি নিরূপণের কাজ শুরু করেছে। এলাকার বিধায়িকা কল্যাণী রায় ঘটনাস্থলে এসে যাবতীয় পরিস্থিতি প্রত্যক্ষ করেছেন। ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের উপযুক্ত ক্ষতিপূরণ দেওয়ার জন্য তিনি প্রশাসনের কর্মকর্তাদের অনুরোধ জানিয়েছেন। তিনি জানান সরকার ও প্রশাসন ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের পাশে রয়েছেন। দিনদুপুরে একধরনের অগ্নিকাণ্ডে আতঙ্ক ছড়িয়েছে বাজার এলাকায়।

# প্রত্যাহারের দাবি বামেদের

● প্রথম পাতার পর

বর্তমান শারদোৎসবের মরসুমে মানুষের হাতে কাজ নেই, বাজার মন্দা। এই অবস্থায় সম্পদ কর কয়েক গুন বৃদ্ধি করা হয়েছে। সেন এই কর এত গুন বৃদ্ধি করা হয়েছে তার জন্য রাজ্য সরকার ও পুর নিগমের কাছে জবাব চেয়েছেন তিনি। তিনি আরও বলেন, রাস্তা ঘাট বিভিন্ন জায়গায় ভগ্নদশায়, ড্রেনের নিষ্কাশন ব্যবস্থা তলানীতে, পুর নিগম এলাকায় মশার উপদ্রব, সেই দিকে কোনো লক্ষ্য নেই পুর নিগমের। এমনই অভিযোগ করেছেন তিনি। তিনি বলেন মানুষের সম্পদের পরিমান বিবেচনা না করে কর বৃদ্ধি করা অপরাধ। অবিলম্বে এই সম্পদ কর বৃদ্ধির নোটিশ প্রত্যাহার করার দাবী জানিয়েছে সিপিআইএম।

# সংখ্যা বেড়ে ১৭ঃ জ্যোতিরাদিত্য

● প্রথম পাতার পর

দেশ কা আম নাগরিক' (উদান)-এর অধীনে চালু করা হয়েছিল। এই বিমানবন্দর বর্তমানে অ্যালায়েন্স এয়ার এবং ফ্লাইবিগ এয়ারলাইন্সের নিয়মিত নির্ধারিত ফ্লাইটের মাধ্যমে ডিব্রুগড়, ইমফল এবং গুয়াহাটির সাথে সংযুক্ত।

# কাঁচ ভাঙছে দুষ্কৃতিরা

● প্রথম পাতার পর

করে আতঙ্কের সৃষ্টি হয়েছে। এব্যাপারে রাত্রিকালীন পুলিশি টহল জোরদার করার দাবি উঠেছে। এমনকি রাত্রিকালীন সময়ে শহরের নিরাপত্তা নিয়েও বিভিন্ন প্রশ্ন উঠতে শুরু করেছে।

# ফের যান সন্ত্রাসের বলি এক যুবক

● প্রথম পাতার পর

যুবককে স্থানীয় লোকজনরা উদ্ধার করেন। চালকদের অসাবধানতা ও দ্রুতগামীতার কারণেই এই ভয়াবহ ও মর্মান্তিক দুর্ঘটনা ঘটেছে বলে স্থানীয় জনগণ জানিয়েছেন। ভয়াবহ দুর্ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে ছুটে আসে। এব্যাপারে একটি মামলা গ্রহণ করেছে পুলিশ। ঘটনার তদন্ত শুরু হয়েছে।

# ৭৫ হাজার নকল টাকা উদ্ধার

● প্রথম পাতার পর

ও অনিল দেববর্মা। তাদের বাড়ি তেলিয়ামুড়া থানাধীন বৈরাগীঢেপা এলাকায়। তাদের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

# ৪ কোটির নেশা সামগ্রী

● প্রথম পাতার পর

মিলেছে। ভিন্ন ভিন্ন পণ্য সামগ্রীর সঙ্গে মিশিয়ে এসব নেশাজাতীয় সামগ্রী আনা হচ্ছে বলেও জানা গেছে। স্বাভাবিক কারণেই পুলিশের পক্ষে সহজেই এসব নেশাসামগ্রী সনাক্ত করা কিংবা আটক করা কষ্টকর।

রবিবার সুনির্দিষ্ট খবরের ভিত্তিতে পুলিশ নজরদারি চালিয়ে একটি অটো থেকে এসব নেশাজাতীয় কফ সিরাপ বাজেয়াপ্ত করতে সক্ষম হয়েছে। যতদূর জানা গেছে এই চক্রটি দীর্ঘদিন ধরেই এই কৌশল কে কাজে লাগিয়ে রেলে করে নেশা সামগ্রী এনে বাণিজ্য চালিয়ে যাচ্ছে। এধরনের আরো বেশ কয়েকটি চক্র সক্রিয় রয়েছে বলেও খবর। তাদের এই রহস্য ভেদ করার জন্য পুলিশকে আরো কঠোর মনোভাব গ্রহণ করার দাবী উঠেছে। এডি নগর থানার পুলিশ জানিয়েছে যে চারজনকে রবিবার নেশাজাতীয় কফ সিরাপ সহ আটক করা হয়েছে তাদের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা গ্রহণ করা হয়েছে। কোথা থেকে কিভাবে এ ধরনের নেশা সামগ্রী তারা সংগ্রহ করছে সে সম্পর্কে তথ্য সংগ্রহ করে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে বলেও এডি নগর থানার ওসি জানিয়েছেন।

# বার্তা মুখ্যমন্ত্রীর

● প্রথম পাতার পর

গঠনে রাজ্য সরকারের পাশে থেকে এনএসএস স্বেচ্ছাসেবীদেরও এগিয়ে আসতে হবে। নেশার বিরুদ্ধে জন আন্দোলন গড়ে তুলতে হবে। মুখ্যমন্ত্রী বলেন, জাতির জনক মহাত্মা গান্ধীর জন্মশতবর্ষ উপলক্ষে ১৯৬৯ সালে এনএসএস প্রকল্পের সূচনা হয়। শুরুতে মাত্র ৪ লক্ষ স্বেচ্ছাসেবী নিয়ে এনএসএস'র পথ চলা শুরু হয়। বর্তমানে সারা দেশে এনএসএস স্বেচ্ছাসেবী রয়েছেন প্রায় ৪২ লক্ষ। রাজ্যের ৬টি মহাবিদ্যালয়ের মাত্র ৬০০ স্বেচ্ছাসেবী নিয়ে রাজ্যেও ১৯৭৬ সালে এনএসএস'র পথ চলা শুরু হয়েছিল। বর্তমানে রাজ্যে এনএসএস ইউনিটের সংখ্যা রয়েছে ৪০০টি। স্বেচ্ছাসেবীর সংখ্যা ৩৪ হাজার ৩০০ জন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রক'ত মানুষ হওয়া ও নিজের অর্ন্তনিহিত মেধাকে শক্তিশালী করা ছাত্র জীবনের মূল উদ্দেশ্য হওয়া উচিৎ। তাহলেই যুব সম্পদায় সমাজ ও দেশকে এগিয়ে নিয়ে যেতে পারবে। তিনি বলেন, সরকার মানুষের উন্নয়নে বিভিন্ন সিদ্ধান্ত ও পরিকল্পনা গ্রহণ করে। এগুলির সফল বাস্তবায়নে যুব সমাজ ও এনএসএস স্বেচ্ছাসেবীদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের যুব সম্পদায়কে নিয়ে উন্নত দেশ গড়ার স্বপ দেখেন। তাই বিভিন্ন সময়ে তিনি সরাসরি দেশের বিভিন্ন স্থানের ছাত্রছাত্রীদের সাথে মতবিনিময় করেন।

অনুষ্ঠানে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায় বলেন, দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে ভারতের যুবশক্তির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। রাজ্যের এনএসএস স্বেচ্ছাসেবীরা রাজ্য সরকারের বিভিন্ন কর্মসূচিকে এগিয়ে নিয়ে যেতে ও নেশার বিরুদ্ধে সচেতনতা গড়ে তুলতে প্রশংসনীয়ভাবে কাজ করছে।

অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী বলেন, নেশামুক্ত ত্রিপুরা গঠনে রাজ্য সরকার নিরন্তর প্রয়াস চালিয়ে যাচ্ছে। সচেতনতা শিবির গড়ে তোলা হচ্ছে। এক্ষেত্রে রাজ্যের ক্লাবগুলিরও বিরাট ভূমিকা রয়েছে। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী, এনএসএস রিজিওনাল সেন্টার গুয়াহাটির অধিকর্তা জংজিলং। স্বাগত বক্তব্য রাখেন রাজ্য এনএসএস অফিসার ডা. চিত্রজিৎ ভৌমিক। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন ক্রীড়া দপ্তরের অধিকর্তা সত্যবত নাথ। এছাড়াও উপস্থিত ছিলেন সৈনিক কল্যাণ বোর্ডের ডিরেক্টর বিগেডিয়ার জে পি তিওয়ারি প্রমুখ। উল্লেখ্য, ২০২২-২৩ সালে এনএসএস কর্মসূচিতে উল্লেখযোগ্য পারদর্শীতার জন্য রাজ্যের সেরা প্রোগ্রাম অফিসার, এনএসএস ইউনিট এবং স্বেচ্ছাসেবীদের পুরস্কার প্রদান করা হয়। পুরস্কার স্বরূপ তাদের হাতে ট্রফি এবং শংসাপত্র তুলে দেন মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ। আর্মস ফোর্সেস ফ্লেগ ডে উপলক্ষে এনএসএস স্বেচ্ছাসেবক দ্বারা সংগৃহীত ১ লক্ষ ৫০ হাজার টাকার চেক মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা সৈনিক কল্যাণ বোর্ডের ডিরেক্টর বিগেডিয়ার জে পি তিওয়ারির হাতে তুলে দেন। এনএসএস'র পক্ষ থেকে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে ৫১ হাজার ৭২৯ টাকার চেক তুলে দেওয়া হয়।

# সামগ্রী সহ আটক এক

● আটের পাতার পর

ও নেশাখোরদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় জনগণ পুলিশ প্রশাসনকে সব ধরনের সাহায্য সহযোগিতা করতে প্রস্তুত বলেও তারা জানিয়েছেন।

# এডিসি ভিলেজে স্বাস্থ্য শিবির

● আটের পাতার পর

মিলে প্রধানমন্ত্রীর মনকি বাত শ্রবন করেন। মনকি বাত অনুষ্ঠান শেষে সকলে স্বাস্থ্য শিবিরে অংশগ্রহন করেন। আজকের এই স্বাস্থ্যশিবিরে উপস্থিত ছিলনে মন্ডল সভাপতি অজয় রিয়াং, বিজেপির দক্ষিন জেলার সহ সভাপতি চেথই মগ, যুব নেতৃত্ব পুলক ভৌমিক, অভিনন্দন ত্রিপুরা,গমন ত্রিপুরা সহ অন্যান্যরা। আজকের এই স্বাস্থ্যশিবিরে লোকজনদের স্বাস্থ্য পরিক্ষার পাশাপাশি বিনামূল্যে বিভিন্ন প্রকারের টেষ্ট করাহয় ও বিনামূল্যে ঔষধ বিতরন করাহয়। মন্ডলের উদ্দ্যোগে আয়োজিত আজকের এই স্বাস্থ্যশিবিরে ব্যাপকহারে লোকসমাগমঘটে। মন্ডল সভাপতি অজয় রিয়াংএর উদ্দ্যোগে এইধরনের অনুষ্ঠানের আয়োজন করাতে সকলে খোবই আনন্দিত।

# মাতলো কল্যাণপুর

● আটের পাতার পর

ভারতীয় বিদ্যার্থী পরিষদের কমলপুর নগর শাখার পক্ষ থেকে রবিবার বিজয় উৎসব সংগঠিত করা হয়। দিল্লি বিশ্ববিদ্যালয়ে অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের জয়কে সংহতি জানিয়ে কমলপুরে উল্লাসের জোয়ার পরিলক্ষিত হয়। স্থানীয় সূত্রে জানা গেছে, দিল্লিতে জয়ের কারনেই উল্লাস লক্ষ্য করা গেছে কমলপুরে। দিল্লি বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ নির্বাচনে জয়ী হয়েছে অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ। সেই জয় উদযাপনে সামিল হয় বিদ্যার্থী পরিষদ কমলপুর নগর শাখা। কমলপুরের এই জয় উল্লাস থেকে বার্তা দেওয়া হয়েছে রাজ্যের প্রতিটি কলেজ ও বিশ্ববিদ্যালয় অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের কার্যকলাপ বৃদ্ধি করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

# াঙ্গন

# অবনমনের দোরগোড়ায় বীরেন্দ্র ক্লাব সুপার ফোরে খেলা হবে রামকৃষ্ণের

## রামকৃষ্ণ ক্লাব: ৫ বীরেন্দ্র ক্লাব: ০

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৪ সেপ্টেম্বর।। বীরেন্দ্র ক্লাবের অবনমন নিশ্চিত। এখন শুধু সময়ের অপেক্ষায়। অবনমনের জুজু ফ্রেন্ডস ইউনিয়নকে তাড়া করলেও এ যাত্রায় হয়তো রেহাই পেয়ে যাবে গোল ব্যবধানের নিরিখে। ফ্রেন্ডস ইউনিয়নের আরও একটি ম্যাচ রয়েছে। সেটি লীগ পর্যায়ের অন্তিম ম্যাচ। ২৯ সেপ্টেম্বর এগিয়ে চলো সংঘের বিরুদ্ধে। ওই ম্যাচে ফ্রেন্ডস ইউনিয়ন সাফল্য না পেলেও ১০/১১ গোলের ব্যবধানে পরাজয় এড়াতে পারলেই অবনমন থেকে এবারের মতো রেহাই পেয়ে যাবে। অবনমনের লড়াই অনেকটা জমজমাট হয়ে উঠলেও আজ রবিবার রামকৃষ্ণ ক্লাবের কাছে ০-৫ গোলে বীরেন্দ্র ক্লাব পরাজিত হওয়ায় বিষয়টা অনেকটাই সহজ হয়ে গেছে। ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত টেকনো ইন্ডিয়া চন্দ্র মেমোরিয়াল প্রথম ডিভিশন ফুটবল টুর্নামেন্টের ৩২ তম ম্যাচে আজ রামকৃষ্ণ ক্লাব ৫-০ গোলের বড় ব্যবধানে বীরেন্দ্র ক্লাবকে পরাজিত করেছে। প্রথমার্ধে বিজয়ী দল এক-শূন্য গোলে এগিয়েছিল। দ্বিতীয়ার্ধে বীরেন্দ্র ক্লাবকে আরও কোণঠাসা করে একে একে চার গোল দিলে শেষ পর্যন্ত ৫-০ গোলে জয় পায় রামকৃষ্ণ ক্লাব। খেলার প্রথমার্ধে ৩১ মিনিটের মাথায় প্রথম গোল নিরেন সিংয়ের পা থেকে। দ্বিতীয়ার্ধের ৪৮ ও ৬২ মিনিটের মাথায় অলেন সিং দুটো গোল করে। মাঝে অবশ্য ৫৪ মিনিটের মাথায় এল আর সিং এবং শেষ দিকে ৮৮ মিনিটের মাথায় পহর জমাতিয়া আরও দুটি গোল করলে চূড়ান্ত ব্যবধান ৫-০ হয়। পক্ষান্তরে বীরেন্দ্র ক্লাব হাতেগোনা কয়েকবার আক্রমণে উঠে আসলেও কার্যত গোল পরিশোধের কোনও সুযোগ পায়নি। উপরন্ত খেলার দুই অর্ধে রেফারি দুই দলের তিন জনকে খেলায় অসদাচরনের দায়ে হলুদ কার্ড দেখিয়ে সতর্ক করেন। এদিকে লিগে নিজেদের শেষ ম্যাচে জয়ের সুবাদে রামকৃষ্ণ ক্লাব আপাতত ১৫ পয়েন্ট প্রাপ্তির পাশাপাশি, পয়েন্ট তালিকার শীর্ষে উঠে এসেছে গোল ব্যবধানের হিসেবে। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি আদিত্য দেববর্মা, বিশ্বজিৎ সাহা, পল্লব চক্রবর্তী ও শিবজ্যোতি চক্রবর্তী। দিনের খেলা: জুয়েলস এসোসিয়েশন বনাম লাল বাহাদুর ব্যায়ামাগার, বিকেল তিনটায় উমাকান্ত মিনি স্টেডিয়ামে।

*এ-ডিভিশন লিগ ফুটবল টুর্নামেন্ট*

| দল | ম্যা: | জ: | ড্র: | প: | গোল | প: |
|---|---|---|---|---|---|---|
| রামকৃষ্ণ | ৮ | ৪ | ৩ | ১ | ১৭-৬ | ১৫ |
| ফরোয়ার্ড | ৭ | ৪ | ৩ | ০ | ১৬-৫ | ১৫ |
| লালবাহাদুর | ৬ | ৪ | ১ | ১ | ১৬-৫ | ১৩ |
| এগিয়ে চলো | ৬ | ৩ | ৩ | ০ | ৯-২ | ১২ |
| ত্রিবেণী সংঘ | ৮ | ২ | ২ | ৪ | ৭-১২ | ৮ |
| জুয়েলস | ৭ | ২ | ১ | ৪ | ১৩-১৪ | ৭ |
| টাউন ক্লাব | ৭ | ২ | ১ | ৪ | ৯-১৩ | ৭ |
| ফ্রেন্ডস ইউ: | ৭ | ২ | ০ | ৫ | ১১-২০ | ৬ |
| বীরেন্দ্র ক্লাব | ৮ | ২ | ০ | ৬ | ৬-২৭ | ৬ |

# লাল বাহাদুর জুয়েলস এর ম্যাচ আজ নিয়মরক্ষার খেলা হলেও গুরুত্ব দু দলের

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৪ সেপ্টেম্বর।। অবনমনের কোন শঙ্কা নেই। সুপার ফোরে খেলাও নিশ্চিত। আগামীকালের ম্যাচে দু দলেরই কোনও চিন্তা না রেখেই মাঠে পরস্পরের বিরুদ্ধে খেলতে পারবে। তবে দর্শক যেহেতু কিছুটা মাঠমুখো হচ্ছেন, অন্ততপক্ষে তাঁদের কথা বিচার বিবেচনা করে দু-দলই ভালো খেলা খেলবে বলে অনুমান। জুয়েলস এসোসিয়েশনের শেষ ম্যাচ, হারলেও বিদায়, জিতলেও বিদায়। অর্থাৎ সুপারফোরে খেলা এবারের মতো অধরাই থেকে যাচ্ছে। অবনমনের এরও কোন শঙ্কা নেই। তবে লাল বাহাদুর ব্যয়ামাগার বিষয়টা অন্যভাবে দেখতে চাইছে। সুপার ফোরে খেলা নিশ্চিত হলেও এই ম্যাচে সুপারলিগের জন্য কিছুটা প্র্যাকটিস করার অভিপ্রায় রয়েছে তাদের। কার্যত আগামীকাল সিনিয়র ডিভিশন লিগের ৩৩ তম ম্যাচে নিজেদের সপ্তম ম্যাচ খেলতে মাঠে নামবে। আরও একটি ম্যাচ রয়েছে, সেটি ফরওয়ার্ড ক্লাবের বিরুদ্ধে। ইতোমধ্যে লাল বাহাদুর ৬ ম্যাচের মধ্যে চারটিতে জয় ও একটিতে ড্রয়ের সুবাদে ১৩ পয়েন্ট নিয়ে আপাতত তৃতীয় স্থানে অবস্থান করছে। সরাসরি জয় পেলে আরও ৩ পয়েন্ট প্রাপ্তির সুবাদে মোট ১৬ পয়েন্টে তারা শীর্ষস্থানে উঠে আসতে পারবে। অপরদিকে জুয়েলস এসোসিয়েশন এ পর্যন্ত সাত ম্যাচের মধ্যে দুটিতে জয় ও একটিতে ড্র এর সুবাদে ৭ পয়েন্ট পেয়ে অবনমনের বেড়াজাল থেকে সেফ জোনে রয়েছে। এখন মাঠে কার বিরুদ্ধে কে কেমন খেলে তা সময়েই বলবে।

# কলকাতায় জাতীয় অনূর্ধ-৭ দাবার আজ সমাপ্তি : মিশ্র ফল ত্রিপুরার

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৪ সেপ্টেম্বর।। আগামীকাল শেষ হবে জাতীয় অনূর্ধ-৭ দাবা প্রতিযোগিতা। আগামীকাল সকাল সাড়ে ৯ টায় নবম তথা শেষ রাউন্ডের খেলা হবে। দুপুরে হবে পুরস্কার বিতরণী অনুষ্ঠান। এখন পর্যন্ত ৮ রাউন্ডে পুরো ৮ পয়েন্ট পেয়ে শীর্ষে রয়েছে পশ্চিম বাংলার বাণী সর্বার্থু। আগামীকাল শেষ রাউন্ডে পয়েন্ট ভাগ করতে পারলেই অপরাজিত চ্যাম্পিয়ন হয়ে স্বাগতিক রাজ্যের ওই দাবাড়ুটি। এদিকে চতুর্থ দিনে জয় পরাজয়ে মধ্যে রয়েছে ত্রিপুরা। এদিন পর পর দুই রাউন্ডে জয় পেয়ে চমক দেয় ঐশানি ভৌমিক। আসরে ৪ পয়েন্ট পেয়ে ত্রিপুরার দাবাড়ুদের মধ্যে শীর্ষে রয়েছে দেবরাজ ভট্টাচার্য্য এবং রোহিল সাহা। সাড়ে ৩ পয়েন্ট পেয়ে দ্বিতীয় স্থানে শুভায়ন দাস। ৩ পয়েন্ট পেয়ে তৃতীয় স্থানে কনিষ্ক চৌধুরি। ২ পয়েন্ট পেয়ে চতুর্থ স্থানে রয়েছে দিবাঙ্গী শীল, ঐশানি ভৌমিক, অবান্তিকা চক্রবর্তী এবং অয়নজিৎ নাগ। আগামীকাল টুর্নামেন্টের অন্তিম রাউন্ডে রাজ্য দলের দাবারুরা কে কতটুকু ঘুরে দাঁড়াতে পারে এখন সেটাই দেখার বিষয়।

# সুকান্ত স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনালে লুধুয়া মিলনচক্র পি সি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৪ সেপ্টেম্বর।। সুকান্ত স্মৃতি ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয় সেমিফাইনালে ট্রাইবেকারে ৫-১ গোলে জয় পেয়ে ফাইনালে পৌঁছালো লুধুয়া মিলন চক্র প্লে সেন্টার। রবিবার ফের মাঠে উত্তেজনা। রেফারি টিংকু দে কে মাঠে নিগৃহীত করার চেষ্টা। সব মিলিয়ে সাব্রুম দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত সুকান্ত স্মৃতি প্রাইজ মানি লীগ কাম নকআউট ফুটবল টুর্নামেন্টে খেলোয়ার এবং দর্শকদের মধ্যে চূড়ান্ত বিশৃঙ্খলা চোখে পড়ার মতো।সাব্রুম ফুটবল অ্যাসোসিয়েশন এবং ৪০ সাব্রুম মন্ডলের যুব মোর্চার উদ্যোগে সাব্রুম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের স্কুল মাঠে সুকান্ত স্মৃতি প্রাইজ মানি নকআউট ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয় সেমিফাইনাল ম্যাচে লুধুয়া মিলন চক্র প্লে সেন্টার বনাম বনকুল প্লে সেন্টারের মধ্যে খেলার প্রথমার্ধ গোলশূন্য অবস্থায় শেষ হয়।

দ্বিতীয়ার্ধের ৬০ মিনিটের মাথায় বনকুল এফ সির পক্ষে প্রথম গোলটি করেন সম্বল চাকমা।এতে ১-০ গোলে এগিয়ে যায় মনু-বনকুল এফ.সি।

কিন্তু খেলা শেষ হওয়ার এক মিনিট আগে পেনাল্টি পায় লুধুয়া মিলনচক্র এবং খেলা ১-১ গোলে সমাপ্ত হয়। রেফারি টিংকু দের পেনাল্টির সিদ্ধান্ত নিয়ে মাঠে উত্তেজনা তৈরি হয়। খেলোয়ারা হেনস্তা করার চেষ্টা করে।

পরে পুলিশ এসে উত্তেজনা সামাল দেয়। নির্ধারিত সময়ে খেলা অমীমাংসিত থাকায় রেফারি ট্রাই বেকারের নির্দেশ দেয়। টাইব্রেকারে ৪-৩ জয় লাভ করে লুধুয়া মিলনচক্র।

খেলার শেষে খেলা কমিটির পক্ষ থেকে পার্থ প্রতিম রায় জানান, ফাইনাল খেলা হবে লুধুয়া মিলনচক্র বনাম সাব্রুমের রয়েল ভয়েসের মধ্যে।

টুর্নামেন্টের দ্বিতীয় সেমিফাইনাল ম্যাচটি টানটান উত্তেজনার মধ্যে দিয়েই সমাপ্তি হল এদিন। তবে ফাইনাল খেলার দিন এখনো ঘোষণা হয়নি। কমিটি পর্যালোচনার পরে ফাইনাল খেলার দিন ঘোষণা করবে।

# বিলোনিয়ায় শ্যামল মজুমদার স্মৃতি নক আউট ফুটবলে সেরা কেবিসি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৪ সেপ্টেম্বর।। বড়পাথরী সোনাপুর ব্লাড মাউথ ক্লাব ও বাঘা যতীন ব্যামাগার আয়োজিত শ্যামল মজুমদার স্মৃতি নকআউট ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ছিল রবিবার। বড়পাথড়ী দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত এই ফাইনাল খেলায় বড়পাথরী কেবিসি ইন্ডাস্ট্রিজ বনাম যশমূড়া রিয়াংপাড়া একাদশ পরস্পরের মুখোমুখি হয়। বিদেশি খেলোয়াড়দের খেলা দেখতে মাঠে উপস্থিত হয় হাজার হাজার ফুটবলপ্রেমী দর্শক। টানটান উত্তেজনাপূর্ণ এই খেলায় প্রথমার্ধে গোলশূন্য থাকলেও দ্বিতীয়ার্ধে বড়পাথরী কেবিসি যায় ইন্ডাস্ট্রিজ ১ গোল করে এগিয়ে যায়। খেলা শেষ হওয়া পর্যন্ত আর কোন গোল না হওয়ায় বড়পাথরী কেবিসি ইন্ডাস্ট্রিজ ১-০ গোলে জয়লাভ করে শ্যামল মজুমদার স্মৃতি নকআউট ফুটবল টুর্নামেন্টের চ্যাম্পিয়ন খেতাব অর্জন করে। এদিনের এই ফাইনাল খেলায় উপস্থিত ছিলেন বিধায়িকা স্বপ্না মজুমদার, রাজনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান রতন সেন চৌধুরী, এলাকার বিশিষ্ট সমাজসেবক রঞ্জিত সরকার সহ অন্যান্য অতিথিবৃন্দ। খেলা শেষে চ্যাম্পিয়ন দল কেবিসি ইন্ডাস্ট্রিজ এর হাতে ট্রফি এবং নগদ ৫৫ হাজার টাকার চেক তুলে দেন বিধায়িকা স্বপ্না মজুমদার এবং যশমূড়া রিয়াং পাড়া একাদশ এর হাতে রানার্স ট্রফি এবং ৩৫ হাজার টাকার চেক তুলে দেন রাজনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান রতন সেন চৌধুরী। এছাড়াও শ্রেষ্ঠ দল শ্রেষ্ঠ খেলোয়াড়দেরও পুরস্কার দেওয়া হয়। খেলা শেষে উভয় দল এবং আয়োজক সংস্থাকে অভিনন্দন ও ধন্যবাদ জানিয়ে প্রতিক্রিয়া তুলে ধরেন বিধায়িকা স্বপ্না মজুমদার।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

# ২৮ সেপ্টেম্বর মুখ্যমন্ত্রীর উত্তর জেলা সফর ঘিরে বিভিন্ন কর্মসূচি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ সেপ্টেম্বর।।** ২৮ সেপ্টেম্বর মুখ্যমন্ত্রী ডক্টর মানিক সাহা উদ্বোধন করবেন বাগবাসা পুলিশ স্টেশন। তাছাড়া রয়েছে একগুচ্ছ অনুষ্ঠান।ধর্মনগর মহকুমা অন্তর্গত ৫৫ নং বাগবাসা বিধানসভা কেন্দ্রে চলতি মাসের ২৮ তারিখ যাবেন ত্রিপুরা রাজ্যের মুখ্যমন্ত্রী ডক্টর মানিক সাহা। তিনি তিনটি জায়গায় অনুষ্ঠানে যোগ দেবেন। উপস্থিত থাকবেন বাগবাসা বিধানসভা কেন্দ্রের বিধায়ক যাদব লাল নাথ, জেলা সমাহর্তা ও কার্যনির্বাহী আধিকারিক, উত্তর জেলা পুলিশ সুপার, আইজি সহ অন্যান্যরা।

মুখ্যমন্ত্রী ডক্টর মানিক সাহা, তিনি আগরতলা থেকে ট্রেনে চেপে যাবেন ধর্মনগর রেল স্টেশন সেখানে উনাকে বরণ করবেন বাগবাসা বিধায়ক যাদব লাল নাথ। তারপর মুখ্যমন্ত্রী সোজা চলে যাবেন বাগবাসা নতুন থানায়। সকাল ১১টা নাগাদ বাগবাসা থানার আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবেন, তারপর তিনি চলে যাবেন জয়নগর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ১২:৩০ মিনিটে নবনির্মিত দ্বিতল ভবনের দ্বার উদ্ঘাটন করবেন উ নবনির্মিত দ্বিতল ভবনের তৈরি করতে খরচ হয়েছে ১ কোটি ৫ লক্ষ ৭১ হাজার ৩শো ৬২ টাকা উ দুপুর ১২:৩০ নাগাদ কালাছড়া মাধ্যমিক বিদ্যালয়ের দ্বিতল ভবনের ভিত্তিপ্রস্থ স্থাপন করবেন, এই রয়েছে ৫৫ বাগবাসা বিধানসভা কেন্দ্রে রাজ্যের মুখ্যমন্ত্রীর কর্মসূচি।

৫৫ নং বাগবাসা বিধানসভা কেন্দ্রের বিধায়ক যাদব লাল নাথের প্রচেষ্টায় বাগবাসা বিধানসভা কেন্দ্রেরই কিছু সমাজসেবীদের নিয়ে বিধায়ক আরক্ষা দপ্তর কে সাজিয়ে তুলেছেন নুতন আঙ্গিকে।

তাছাড়া থানাকে একটি ইকো গাড়ি প্রদান করা হবে মুখ্যমন্ত্রীর হাত দিয়ে এবং আরক্ষা দপ্তরের প্রয়োজনীয় সামগ্রী প্রদান করা হবে তাছাড়া থানার বাউন্ডারি করে দেওয়া হয়েছে সমাজসেবীদের পক্ষ থেকে।

বিধায়ক উন্নয়ন তহবিল থেকে ২ লক্ষ ১৯ হাজার টাকা খরচ করে নতুন টয়লেট এবং ইউরিনালের ব্যবস্থা করে দেওয়া হয়েছে ইতিমধ্যেইউ এলাকার অন্যান্য পরিকাঠামো উন্নয়নের কাজ এগিয়ে চলেছে বলে জানা গেছে।

এক কথায় আগামী ২৮ সেপ্টেম্বর একগুচ্ছ কর্মসূচি নিয়ে মুখ্যমন্ত্রী যাচ্ছেন উত্তর জেলা সফরে।



রবিবার বনমালীপুরে মেয়র দীপক মজুমদার ও বিজেপি সভাপতি রাজীব রাজীব ভট্টাচার্যের হাত ধরে রবীন্দ্রনাথ ঠাকুরের মর্মর মূর্তির উন্মোচন করা হয়। ছবি- নিজস্ব।

## প্রচুর পরিমাণ নেশা সামগ্রী সহ আটক এক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ সেপ্টেম্বর।।** ফের আটক এক নেশা কারবারি। বিশালগড় দুর্গানগর এলাকার কুখ্যাত নেশা কারবারি প্রবিরুল আলমের বাড়িতে হানা দিয়ে পুলিশ ৮০টি ব্রাউন সুগারের কন্টেনার, নগদ অর্থ, ও তিনটি এন্ড্রয়েড মোবাইল সহ তিন জনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

ঘটনার বিবরণে জানা যায় বিশালগড় থানার পুলিশের কাছে গোপন সূত্রে খবর আসে দুর্গানগর এলাকার প্রবিরুল আলমের বাড়িতে বেশ কিছু নেশা সামগ্রী মজুদ রয়েছে। সেই খবরের ভিত্তিতে বিশালগড় থানার পুলিশ প্রবিরুল আলমের বাড়িতে থানা দেয়। বাড়িতে তল্লাশি চালিয়ে বেশ কিছু পরিমান ব্রাউন সুগারের কন্টেইনার সহ অন্যান্য আপত্তিকর জিনিসপত্র উদ্ধার করতে সক্ষম হয়েছে পুলিশ। যে তিনজনকে আটক করা হয়েছে তাদেরকে জিজ্ঞাসাবাদ করে পুলিশ এই চক্রে জড়িত অন্যান্যদের সন্ধানে তৎপরতা অব্যাহত রেখেছে। জানা গেছে দীর্ঘদিন ধরেই ব্রাউন সুগার সহ অন্যান্য নেশাসামগ্রী বিক্রি করে চলেছে একটি চক্র। এই ভয়ংকর নেশার কবলে পড়ে এলাকার বহু যুবক ধ্বংসের পথে ধাবিত হচ্ছে। বহু সম্ভ্রান্ত পরিবারের ছেলেরাও এ ধরনের নেশার কবলে পড়ে দিশেহারা। এলাকার পরিবেশ মারাত্মকভাবে কলুষিত হয়েছে। রাত বিকেলে রাস্তাঘাটে বের হওয়ায় যেন রীতিমতো আতঙ্কের বিষয় হয়ে উঠেছে। স্থানীয় একটি সূত্রে জানা গেছে এসব নেশাখোররা নেশার টাকা জোগাড় করতে গিয়ে চুরি ছিনতাই এর ঘটনা সংঘটিত করে চলেছে। এ ধরনের প্রবণতা বৃদ্ধি পাওয়ায় এলাকার জন মানুষের নিরাপত্তা নিয়ে সংশয় ক্রমশ বাড়ছে। উদ্ভূত পরিস্থিতিতে এলাকার যুব সমাজকে সঠিক পথে পরিচালিত করার জন্য স্থানীয় ক্লাব ও স্বেচ্ছাসেবী সংগঠন গুলির ইতিমধ্যেই কিছু কিছু উদ্যোগ গ্রহণ করেছে বলে স্থানীয় সূত্রের খবর। এক্ষেত্রে পুলিশ প্রশাসনের কাছ থেকে সার্বিক সহযোগিতা চাইছেন এলাকার মানুষজন। নেশা কারবারি

☞ ৬ এর পাতায় দেখুন

## ধর্মনগরের দুই দিনব্যাপী কিশোরী উৎকর্ষ মঞ্চ অনুষ্ঠান

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ সেপ্টেম্বর।।** রবিবার দুপুর ১২ টায় ধর্মনগরের বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে উদ্বোধন হলো ২৪ ও ২৫ সেপ্টেম্বর দুই দিনব্যাপী কিশোরী উৎকর্ষ মঞ্চের। উত্তর জেলাভিত্তিক এই কিশোরী উৎকর্ষ মঞ্চের উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। তাছাড়া বিশেষ অতীতের মধ্যে উপস্থিত হন জেলা পরিষদের সভাধিপতি ভবতোষ দাস, ধর্মনগর পুরো পরিষদের ভাইস চেয়ারপার্সন মঞ্জু নাথ। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন উত্তর জেলা শিক্ষা দপ্তরের আধিকারিক সনৎ কুমার নাথ, কনভেনার হিসেবে উপস্থিত ছিলেন প্রধান শিক্ষক রবীন্দ্র মালাকার। উত্তর জেলার মোট ৫২ টি বিদ্যালয় আটটি ব্লক থাকলেও পাঁচটি ব্লকে বিভক্ত করে ১৫৪ জন প্রতিযোগিনীকে তুলে এনে দুই দিনব্যাপী এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। বৃক্ষের জলদানের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা করে অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন উপস্থিত কিশোরীদের উদ্দেশ্যে বলেন কুসংস্কার মুক্ত হতে। কিশোরীদের কুসংস্কার থেকে মুক্ত করতে অভিভাবকদের যথেষ্ট ভূমিকা রয়েছে এবং তাদেরকে কুসংস্কার মুক্ত চিন্তাধারা নিয়ে এগিয়ে যেতে উপদেশ দেন। বর্তমানে ভারতবর্ষ শিক্ষা, সংস্কৃতি, শিল্প, বৈজ্ঞানিক চিন্তাধারা, মহাকাশ গবেষণা, চিকিৎসা বিজ্ঞান, অর্থনৈতিক দিক দিয়ে যেভাবে এগিয়ে চলেছে তার সাথে পায়ে পা মিলিয়ে রাজ্যের যুবক যুবতীদের এগিয়ে যেতে পরামর্শ দেন।

উত্তর পূর্বাঞ্চলে মধ্যে রাজনীতি আর আন্দোলনের পিঠস্থান একদিনের ত্রিপুরা অথচ অন্যান্য বিষয়ের উত্তর পূর্বাঞ্চলের মধ্যে ত্রিপুরা অনেক পিছিয়ে। ২০১৮ সালের পর এই রাজ্য থেকে একসাথে তিনজন আইএএস অফিসার হয়েছেন। অথচ আসাম মনিপুর মেঘালয় মিজোরাম নাগাল্যান্ড সিকিম এই রাজ্যগুলি থেকে আইএএস এবং আইপিএস অফিসার প্রতি বছর আসছে। আমাদের রাজ্যের মানুষের চিন্তাধারা মনোবৃত্তি সব ধ্বংস করে দেওয়া হয়েছিল। এখন সেই ধ্বংসস্তূপ থেকে মানুষকে তুলে আনার চেষ্টা করা হচ্ছে বলে দাবি করেন তিনি। পড়াশুনার পাশাপাশি খেলাধুলা সংস্কৃতি শরীর চর্চা অর্থাৎ শারীরিক দক্ষতার প্রতি মনোযোগী হওয়ার জন্য ছাত্র-ছাত্রীদের আহ্বান জানান বিশ্ব বন্ধু সেন।

তিনি আরো বলেন, কিশোরীদের বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধা করে দিচ্ছেন দেশের বর্তমান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এই সুবিধা গুলিকে কাজে লাগিয়ে যাতে কিশোরীরা এগিয়ে যায় তাদের প্রতি এই আহ্বান রাখেন অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। কৃষ্টির সংস্কৃতি রক্ষায় সমাজের সচেতন নাগরিকদের এগিয়ে আসারও আহ্বান জানিয়েছেন বিধানসভার অধ্যক্ষ।

## বন্ধুদের সঙ্গে নদীতে স্নান করতে গিয়ে জলে ডুবে মৃত্যু যুবকের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ সেপ্টেম্বর।।** স্নান করতে গিয়ে মনু নদীর জলে তলিয়ে গেল এক তরতাজা কিশোর। ঘটনা লংতরাইভ্যালী মহকুমার মনু থানাধীন হাসপাতাল এলাকায়। মৃতের নাম রজত দাস(১৩), পিতা: রতন দাস। তার বাড়ি মনুর চানমারি পাড়ায় বলে জানা গেছে। জানা গেছে, চার বন্ধু মিলে মনু নদীতে স্নান করতে গিয়েছিল। সেখানেই নদীর জলে তলিয়ে গিয়ে মর্মান্তিক মৃত্যু হয়েছে এক বন্ধুর। ঘটনার বিবরণে জানা যায় নিত্যদিনের মতোই রবিবার বেলা আনুমানিক ১১টা নাগাদ রজত ও তার চার বন্ধু মিলে মনু নদীতে স্নান করতে যায়। স্নান করতে করতে হঠাৎ জলের তলায় তলিয়ে যায় রজত। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে পুলিশ ও দমকল বাহিনী। দীর্ঘ দু"ঘণ্টা তল্লাশি চালিয়ে শেষ পর্যন্ত তার দেহ উদ্ধার করা হয়। রজতকে মনু হাসপাতালে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষনা করে। এই মর্মান্তিক মৃত্যুর ঘটনা ছড়িয়ে পড়তেই এলাকায় শোকের ছায়া নেমে আসে। কান্নায় ভেঙে পড়েন নাবালকের পরিবার।




রবিবার ত্রিপুরা সরকারী গ্রুপ-ডি কর্মচারী সমিতির অধিবেশন অনুষ্ঠিত হয়। ছবি- নিজস্ব।

## শহরকে ঢেলে সাজাচ্ছে নিগম ঃ মেয়র

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ সেপ্টেম্বর।।** আগরতলা শহরকে সাজিয়ে তোলার কাজ অব্যাহত রেখেছে আগরতলা পুর নিগম। রবিবার মেয়র দীপক মজুমদারের হাত ধরে বনমালীপুরস্থিত নদীর পারে পুর নিগমের উদ্যোগে ও সবুজায়ন সামাজিক সংস্থার সহযোগিতায় রবীন্দ্রনাথ ঠাকুরের মর্মর মূর্তি স্থাপন করা হয়েছে। এই অনুষ্ঠানে এদিন উপস্থিত ছলেন মেয়র দীপক মজুমদার সহ বিশিষ্ট সমাজসেবী রাজীব ভট্টাচার্য, এলাকার কর্পোরেটর অলক ভট্টাচার্য সহ সংস্থার অন্যান্য কর্মকর্তারা। মেয়র বলেছেন, এই এলাকায় এলাকার কচিকাঁচা শিশুরা আরও বেশি করে এখন থেকে রবীন্দ্রনাথ ঠাকুরের সম্পর্কে জানতে আগ্রহী হবে। এই মর্মর মূর্তি স্থাপনের মাধ্যমে তাদের কৌতূহল আরও বৃদ্ধি পাবে। পাশাপাশি এলাকায় শান্তি ও সুস্থ পরিবেশও বজায় থাকবে। এদিন মেয়র সবুজায়ন সামাজিক সংস্থার সদস্যদেরও প্রশংসা করেছেন। মেয়র বলেন, শহরের প্রতিটি এলাকাকেই এভাবে সাজিয়ে তোলার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। জানাগেছে, রবীন্দ্র নাথ ঠাকুরের এই মর্মর মূর্তি স্থাপন করতে খরচা হয়েছে প্রায় ১৫ লক্ষ টাকা।

## কোয়াইফাং এডিসি ভিলেজে স্বাস্থ্য শিবির

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ সেপ্টেম্বর।।** শুধুমাত্র রাজনিতির মধ্যে নিজেকে সিমাবদ্ধনাথেকে জনসেবায় নিয়োজিত করেছেনে জোলাইবাড়ী বিজেপির মন্ডল সভাপতি অজয় রিয়াং। বর্তমান সময়ে মেলেরিয়ার প্রকোপ বারছে। এডিসি এলাকায় বসবাসকারী লোকজনদের স্বাস্থ্যের দিকে নজর রেখে মন্ডল সভাপতি অজয় রিয়াং এর উদ্দ্যোগে আজকের স্বাস্থ্য শিবিরের আয়োজন করাহয়। স্বাস্থ্য শিবিরে অংশগ্রহনের পূর্বে কোয়াইফাং বিজেপির কার্যালয়ে সকলে

☞ ৬ এর পাতায় দেখুন

## ত্রিপুরা বুক সেলার্স এন্ড পাবলিশার্স অ্যাসোসিয়েশনের সাধারণ সভা অনুষ্ঠিত হয়

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ২৪ সেপ্টেম্বর।।** দি অল ত্রিপুরা বুক সেলার্স এন্ড পাবলিশার্স অ্যাসোসিয়েশন সোনামুড়া বিভাগীয় কমিটির ৬ষ্ঠ দ্বি-বার্ষিক বিভাগীয় সাধারণ সভা।সভায় উপস্থিত ছিলেন সংগঠনের রাজ্য কমিটির সম্পাদক উত্তম চক্রবর্তী , কোষাধক্ষ্য শ্রীদাম ভৌমিক, মহাকুমা কমিটির সম্পাদক এবং সভাপতি আশীষ ভট্টাচার্য এবং সুশান্ত কুমার দেবনাথ।এদিনের সভায় সংগঠনের বিভিন্ন দাবী দাওয়া বিষয়ে আলোচনা হয়। এদিনের সভায় আলোচনা করতে গিয়ে বক্তারা তুলে ধরেন ২০১৯ সাল থেকে প্রতিবন্ধকতা নেমে এসেছে রাজ্যের বই বিক্রেতাদের ব্যবসায়।কেননা রাজ্যের নতুন সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর বিভিন্ন বিদ্যালয়গুলির নবম থেকে দ্বাদশ পর্যন্ত পাঠ্য বইগুলি বিক্রয়ের দায়িত্ব দেওয়া হয়েছে প্রতিটি বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাদের উপর। এতে করে মুখ থুবড়ে পড়েছে রাজ্যের বই বিক্রেতারা।তাই তারা বারবার বর্তমান রাজ্য সরকারের তৎকালীন মুখ্যমন্ত্রী,শিক্ষামন্ত্রীর সহ শিক্ষা দপ্তরের বিভিন্ন আধিকারিকদের সাথে তাদের বিভিন্ন দাবি দেওয়া বিষয়ে আলোচনা করেন কিন্তু তাতে কোন সদর্থক ভূমিকা গ্রহণ করা হয়নি।কিন্তু ২০২৩ সালে দ্বিতীয়বার বিজেপি সরকার রাজ্যের প্রতিষ্ঠিত হওয়ার পর রাজ্যের শিক্ষা মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী সঙ্গে পুনরায় দেখা করেন সংগঠনের নেতৃত্ব।এরপরে সম্পূর্ণ বিষয়টি নিয়ে আগামী দিনে সদর্থক ভূমিকা গ্রহণ করার কথা বলেন মুখ্যমন্ত্রী এমনটাই জানান রাজ্য কমিটির সম্পাদক উত্তম চক্রবর্তী।এই দিনের সভায় ১১ জনের নতুন কমিটি গঠিত হয় যার সভাপতি এবং সম্পাদক নিযুক্ত হয়েছেন যথাক্রমে আশীষ ভট্টাচার্য এবং সুশান্ত কুমার দেবনাথ।

## প্রথমবারের মত ত্রিপুরায় অনুষ্ঠিত হচ্ছে এনসিসি ফ্যাস্টিবল

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ সেপ্টেম্বর।।** প্রথমবারের মত ত্রিপুরায় অনুষ্ঠিত হচ্ছে এনসিসি ফ্যাস্টিবল। দু দিন ব্যাপী এই অনুষ্ঠানের রবিবার উদ্বোধন হয়েছে। এই অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা। এছাড়াও এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এনসিসি ত্রিপুয়ার কমান্ডেন এম এ রাজমানার সহ অন্যান্য আধিকারিকরা। এই অনুষ্ঠান সম্পর্কে বিস্তারিত বলতে গিয়ে এনসিসি ত্রিপুয়ার কমান্ডেন্ট এম এ রাজমানার, অন্যান্য রাজ্যে এই অনুষ্ঠান হলেও ত্রিপুরায় এই প্রথম এনসিসি ফ্যাস্টিবেলের আয়োজন করা হয়েছে। তিনি জানান, নর্থ ইস্ট রিজনের অ্যাডিশনাল ডাইরেক্টর জেনারেল মেজার জেনারেল গগনদ্বীপ প্রতিটি রাজ্যেই এই এনসিসি ফ্যাস্টিবেলের আয়োজন করে থাকেন। এর মূল লক্ষ্য হল, এন সিসি ক্যাডেটদের আত্মবিশ্বাস বৃদ্ধি করা, তাদের এন সিসি সম্পর্কে আরও গুরুত্বপূর্ণ তথ্য শেখানো ও বিভিন্ন বিষয়ে শিক্ষা প্রদান করা। এছাড়াও সাধারন মানুষের মধ্যে এন সিসি নিয়ে সচেতনতা বৃদ্ধি করা। কারন উনাত মতে, একাংশ মানুষ এখনো এমন রয়েছেন যাদের কাছে মনে হয় এন সিসি ক্যাডেটদের দিয়ে শুধুমাত্র প্যারেড করানো হয়।

সেই দৃষ্টিভঙ্গিকে পরিবর্তন করাই এই ফ্যাস্টিবেলের প্রধান লক্ষ্য বলে জানিয়েছেন তিনি। কমান্ডেন্ট এম এ রাজমানার আরও বলেন, এন সিসি ক্যারাডদের ব্যক্তিত্ব গঠন থেকে শুরু করে বিভিন্ন সামাজিক কাজে নিয়োজিত করা হয় তাদের। বিভিন্ন বিষয়ে শিক্ষা প্রদান করা হয়। তিনি বলেন, বিগত দুই বছরে এন সিসি অনেক উন্নয়ন করেছে। ইতিমধ্যেই এন সিসি ক্যারেডদের মধ্য থেকে এক ক্যারেড আর্মি অফিসার হওয়ার জন্য নির্বাচিত হয়েছে। ইতিমধ্যেই সে ট্রেনিং নিচ্ছে। কিছুদিনের মধ্যেই সে ল্যাফটিন্যান্ট অফিসার হয়ে যাবে। রাজ্যের প্রথম এনসিসি ক্যাডার সে, যে কিনা আর্মি অফিসার পদে নিযুক্ত হচ্ছে। এটি প্রত্যেকের জন্য অত্যন্ত গর্বের বিষয় বলে জানিয়েছেন তিনি। এই দু দিনের এন সিসি ফ্যাস্টিবলে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হবে বলে জানিয়েছেন দায়িত্বপ্রাপ্ত আধিকারিকরা।

## আরক্ষাকর্মীরাই হুকলাই ব্যবহার করছে ঃ অভিযোগ



**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২৪ সেপ্টেম্বর।।** জোলাইবাড়ী বাজার এলাকায় দেবদারু যাতায়তের রাস্তায় দুর্ঘটনাপ্রবল এলাকাহোওয়াতে জোলাইবাড়ীর লোকজনদের দাবীতে সেখানে জাতীয় সড়কে একটি নাকাপয়েন্ট বসানোহয়। নাকাপয়েন্টকে কেন্দ্র করে সেইজায়গায় অপরএকটি ফাঁড়ী থানা গড়েউঠেছে বললে চলাযায়। জোলাইবাড়ী ফাঁড়ী থানার ওসি খোকন কুমার দাসের অক্লান্ত প্রচেষ্টায় মিনি ফাঁড়ী থানায় সর্বসুবিধা রয়েছে বলে জানাযায়। সেখানে বিদ্যুৎতের হুকলাইন ব্যাবহার করে পাখা চালিয়ে বেশ আমেজের সহিত যানচালকদেরকাছ থেকে অর্থ আদায়ের প্রতিযোগীতা চলছেবলে অভিযোগ। সকলে আশাবাদী এই কামাই বানিজ্যের মধ্যদিয়ে মিনি ফাঁড়ীথানায় আগামী কিছুদিনের মধ্যে এসি সহ সর্বসুবিধা পেয়ে থানাবাবুরা নিজ দায়িত্ব পালনকরেযেতে পারবে। হুকলাইন ব্যাবহারকরা আইনত দন্ডনীয় অপরাধ। কিন্তু দেখাযায় আরক্ষা দপ্তরের কর্মীরা প্রকাশ্যদিবালোকে জাতীয় সড়কেরপাশে এই হুকলাইন ব্যাবহার করছে। জোলাইবাড়ী বিদ্যুৎ দপ্তরের কর্মীরা এইভাবে বিদ্যুৎ চুরি কান্ড দেখেও মুখেকুলুপেতে রয়েছে। পুলিশ ও বিদ্যুৎ দপ্তরের এইধরনের কাজনিয়ে প্রশ্নকরছে লোকজনেরা। এখন দেখার বিষয় বিদ্যুৎ দপ্তর এইবিষয়ে কিপ্রকার পদক্ষেপ গ্রহনকরে।

## সংসদে জয়ে আনন্দে মাতলো কল্যাণপুর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ সেপ্টেম্বর।।** অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ দিল্লি বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ নির্বাচনে জয়ী হয়েছে। সেই জয়ের সুবাদে রাজ্যেও উল্লাসে মেলেছেন অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ। ধলাই জেলার কমলপুরে অখিল

☞ ৬ এর পাতায় দেখুন

# সম্পতির জন্য পিতাকে প্রাণে মারার চেষ্টা, পুত্রদের বিরুদ্ধে মামলা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ সেপ্টেম্বর।।** সিপাহীজলা জেলার গোলাঘাটি এলাকায় সম্পত্তির লোভে পিতাকে প্রাণনাশের চেষ্টা করে সামাজিক অবক্ষয়ের নজির স্থাপন করল ২ পুত্র। তাদের এই অপকর্মের সাথী তাদের মা নিজেও। এমনই অভিযোগ উঠে এসেছে। এ ধরনের ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। অভিযুক্তদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের দাবী উঠেছে।

ঘটনার বিস্তারিত বিবরণে জানা যায়, সম্পত্তির লোভে জন্মদাতা পিতার প্রাণনাশের চেষ্টা করেছে দুই ছেলে। শুধু তাই নয়, পুত্রদের এই ভয়ানক অনৈতিক কাজে স্বয়ং প্রশ্রয় এবং সহযোগিতা করছে তাদের মা ! সামাজিক অবক্ষয়ের এমনই চাঞ্চল্যকর ঘটনাটি ঘটে শনিবার রাত এগারটা নাগাদ গোলাঘাটি এলাকায়।

অভিযোগ, এলাকার বাসিন্দা যতন দেবনাথকে প্রাণে মারার চেষ্টা করে তাঁরই দুই পুত্র নন্দন দেবনাথ,রঞ্জন দেবনাথ এবং স্ত্রী শিপ্রা দেবনাথ। তাঁর চিৎকার শুনে এলাকাবাসী এসে তাকে প্রাণে রক্ষা করে। জানাগেছে, এই ঘটনা নতুন নয়। প্রায়ই পুত্ররা এবং স্ত্রী মিলে যতন দেবনাথকে মারধর করে। প্রাণে মারার হুমকি দিয়ে যাচ্ছে। কারণ একটাই, যাবতীয় সম্পত্তি লিখে দিতে হবে স্ত্রী ও পুত্রদের নামে। ঘটনার পরই এলাকাবাসী অভিযুক্তদের শাস্তির দাবিতে থানার দ্বারস্থ হয়। এই ঘটনায় এলাকায় ছি ছি পড়েছে। অভিযুক্ত দুই পুত্র এবং স্ত্রীর বিরুদ্ধে আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন এলাকাবাসী। পাশাপাশি আক্রান্ত ব্যক্তির নিরাপত্তা নিশ্চিত করার জন্য পুলিশ প্রশাসনের কাছে দাবি জানানো হয়েছে।

এলাকাবাসী অভিযোগ করেছেন এ ধরনের কর্মকাণ্ডের ফলে এলাকার পরিবেশ মারাত্মকভাবে কলুষিত হচ্ছে। এ ধরনের সামাজিক অবক্ষয়ের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ করে তোলা এবং আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা খুবই জরুরী বলেও এলাকাবাসী মনে করছেন। এই ঘটনার পরিপ্রেক্ষিতে সামাজিকভাবে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ না করলে এর রেশ সমাজের অন্যান্য পরিবারগুলির মধ্যেও যেকোনো সময় প্রভাব ফেলতে পারে বলে অনেকে মন্তব্য করেছেন। এ ধরনের সামাজিক অবক্ষয়ের ঘটনার যাতে এলাকার মধ্যে পুনরাবৃত্তি না ঘটে সে বিষয়ে সকলকে সতর্ক থাকার জন্য এলাকাবাসীর তরফ থেকে অনুরোধ জানানো হয়েছে।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।